থাকিতেও কেন ইচ্ছাপূর্ব্বক পুত্তলিকার প্রীতে আপনাকে মূর্খ কহাও। আর বিশেষ আশ্চর্য্য এই শাস্ত্র বিবেচনা বিষয়ে কিম্বা রাজকর্ম্মে অথবা অন্য কোন বিষয়ে তোমাদিগকে যদি কেহ মূর্খ কহে তবে তাহার প্রাণ হরণে উদ্যত হইবা যেহেতুক আপনাকে অন্য সকল হইতে সকল বিষয়ে বুদ্ধিমান জানিয়া থাকহ কিন্তু পরমেশ্বরের উপাসনা বিষয়ে প্রবৃত্তি দিলে কহিতেছ আমরা অল্পবুদ্ধি দুর্ব্বল অধিকারী অতএব সর্ব্বব্যাপি পরমেশ্বরের উপাসনাতে অসমর্থ হই যেহেতু সে অত্যন্ত দুস্কর হয় কিন্তু বিবেচনা করিয়া দেখিলে পুত্তলিকার যে উপাসনা তোমরা করিয়া থাকহ ইহা হইতে অধিক দুস্কর অন্য কোন কর্ম্ম নাই যেহেতু জড়পিণ্ডকে সচেতন রূপে জ্ঞান কর আর যাহার খাইবার শক্তি নাই তাহার নিকট অন্নাদি প্রদান কর যাহার আঘ্রাণ করিবার শক্তি নাই তাহার নিকটে নানা প্রকার সুগন্ধি পুষ্পাদি দিয়া সে তুষ্ট হইল এমত অভিপ্রায় কর এবং সেই মৃত্তিকা পাষাণ পিণ্ডেতে ঈশ্বরত্ববোধ করিয়া থাক অথচ শীতকালে কি জানি শীতে দুঃখ পায় এ নিমিত্ত তাহাকে শীতবস্ত্র দিয়া বেষ্টিত কর গ্রীষ্ম কালে বায়ু ব্যজন কর ও মশার ভয়ে তাহাকে রাত্রিতে মশারির মধ্যে রাখহ অতএব এক বস্তুতে এক কালে ঈশ্বর জ্ঞান করা ও অনীশ্বর জ্ঞান করা ইহা হইতে সংসারে অন্য কোন বিষয় কঠিন এবং দুস্কর নাই তবে বালক কালাবধি অভ্যাস দ্বারা এরূপ ভাবনাতে তোমাদের দুস্কর বোধ হয় না যেমন নটেরা বাল্যাবধি অভ্যাস বলেতে অতি দুস্কর যে অনেক ছুরি ও অনেক ভাঁটা এক কালে লোফা তাহা অনায়াসে করে।

যদি বল প্রাণপ্রতিষ্ঠার পরেতে প্রতিমাতে দেবতার আবির্ভাব

do you wilfully cause yourselves to be called stupid people, merely on account of your attachment to images? This is very singular, that if any one were to call you stupid with respect to the study of the Shasters, or to the business of the offices under government, or in any other respect, you would be ready to take away his life; for you think yourselves wiser than all others in every other respect: but if you are exhorted to worship the supreme God, you say, 'We are weak, and possess but little understanding; therefore we are incapable of worshipping the supreme, omnipresent God; for it is exceedingly difficult.' But you will find, if you duly consider it, that there is nothing more difficult than the worship of images which you practise. For you consider a lifeless block as an animated being; though it cannot eat, yet you present it food; though it cannot smell, yet you give it various sweet smelling flowers, imagining to give it pleasure thereby; and you consider this block of earth or stone as possessed of divinity. Nevertheless, lest in the cold season it might suffer cold, you clothe it in winter clothes; and in the warm season you fan it, and lest the moskitoes should bite it, you place it all the night in curtains. Now there is nothing in the world more difficult, than to consider something at the same time as God, and as not God. But you do not find it difficult to believe such contradictions, because you are accustomed to it from your infancy; as jugglers, because they are exercised therein from their infancy, perform with ease a feat which is very difficult, viz. catching a great many knives and balls at the same time.

If you say: It can be proved by facts, which are perceptible by the senses, that, after the Pranpratishtha, the

প্রত্যক্ষসিদ্ধ অতএব প্রত্যক্ষসিদ্ধ বস্তু অমান্য হইতে পারেন না। উত্তর। তোমরা এবং আমরা উভয়েই প্রত্যক্ষ দেখিতেছি প্রাণ প্রতিষ্ঠার পূর্ব্ব পুত্তলিকার যে পাষাণত্ব ও মৃত্তিকাত্ব অথবা কাষ্ঠত্ব ছিল পরেও তাহাই আছে মক্ষিকা মশকাদি পুত্তলিকার শরীরে প্রতিষ্ঠার পূর্ব্বে আপাদমস্তকে যেরূপ বিহার করিত প্রতিষ্ঠার পরেও সেই রূপ বিলাস করে পূর্ব্বে যেমন ভূম্যাধিতে পতিত হইলে খণ্ড ২ হইত সেই রূপ প্রাণ প্রতিষ্ঠার পরেও হয় আহার নিদ্রা স্পন্দনের কোন শক্তি পূর্ব্বেও ছিল না পরেও সে-সকল নাই তবে দেবতার আবির্ভাব হইয়াছে ইহা কিরূপে নিশ্চয় হয়। বস্তুতঃ বাল্যকালাবধি নানাপ্রকার আবির্ভাবের জনশ্রুতিদ্বারা কোন সময়ে ঐ পুত্তলিকাকে হাস্যবদন দেখ কখন২ ম্লানবদন উপলব্ধি কর এই রূপ সংস্কার হইয়া যায় যেমন গারো এক জাতি তাহারা বাল্যকাল অবধি বিড়ালকে জনশ্রুতিদ্বারা দেবতা করিয়া স্বীকার করে তাহারাও বিড়ালেতে নানা প্রকার চমৎকার দেখিতে পায় সুতরাং জনশ্রুতিদ্বারা বুদ্ধি মলিন হইলেই মনুষ্যের এরূপ ভ্রম জ্ঞান হইয়া থাকে কিন্তু আশ্চর্য্য এই আছে অন্য ২ তাবৎ বস্তুর প্রত্যক্ষে তোমাসকলের সহিত আমাদের ঐক্যই থাকে কিন্তু পুত্তলিকার হাস্যবদনের প্রত্যক্ষে অনৈক্য হয়। আর যাহার অবলোকনশক্তি চলৎশক্তি চেতনাদি কিছু নাই তাহার স্থানে যে মনুষ্যের হিতাহিত জ্ঞান আছে সে কিরূপে পুত্রের প্রার্থনা কিম্বা ধনের ও আরোগ্যের যাচ্ঞা করে এবং এই সকলের প্রাপ্তির নিমিত্তে সেই অচেতন বস্তুকে উৎকোচ অর্থাৎ ঘুষ দেয় ইহা হইতে অধিক আর লজ্জার কারণ কি আছে বিশেষতঃ প্রত্যক্ষ দেখিতেছ এরূপ ঘুষ দানের দ্বারা অনেকের

image is animated by God; now that which can be proved in this manner, cannot be rejected;

I reply: Both you and we see clearly, that the properties of stone, earth or wood, which the image had before the Pranpratishtha, it retains also afterwards; for as the flies and moskitoes were playing before on the whole image from the head to the foot, so they do also afterwards; as, previously to the performance of the Pranpratishtha, the image would break to pieces if it fell on the ground, thus it would also afterwards; as before it had not the power of eating, sleeping and moving, thus it is also destitute of this power afterwards. How can it therefore be proved that the image is animated by God? The truth is, that having heard from your infancy various stories of such a supposed animation of images, you imagine at one time you see an image laughing, and at other times you perceive grief expressed in its countenance;[3] like the people called Garrows, who, because they have heard so from their infancy, consider the cat as a godhead, and see many wonderful things in that animal. It follows from hence, that men entertain such absurd imaginations, because their understanding is perverted by what they hear from their infancy. It is singular that our perceptions should agree with yours in all other things, but that only with regard to the laughing of images there should be a disagreement. But what can be more shameful than that men, endowed with the faculty of judging what is profitable and unprofitable to them, should pray for children, riches and deliverance from sickness, to such as have not the power of seeing or moving, and are destitute of all feeling, and should present gifts to such a senseless block, in order to obtain all this; more especially as you see clearly, that so many

কোনই কার্য্য সিদ্ধি হয় না অথচ অনেক ব্যয় ও আয়াস করিয়া ঐ পূজাদিরূপ ঘুষ দিতে পুনঃ ২ স্বীকার করহ।

যদি বল যে সকল লোক পুত্তলিকার নিকটে এইরূপ প্রার্থনা করে তাহাদের মধ্যে অনেকেরি কার্য্য সিদ্ধি হয় এবং যাহারা প্রধান ২ নামলব্ধ পুত্তলিকার তুচ্ছতা করিয়াছে তাহাদেরি সমুচিত দমনও হইয়াছে। উত্তর। যেমন কাহার ২ পুত্তলিকার আরাধনা করত কার্য্যসিদ্ধি হয় সেই রূপেতে অনেকে পুত্তলিকার নিকট কদাপি প্রার্থনা করেন না কিন্তু তাহাদেরও মনোভিলাষ মধ্যে ২ পরিপর্ণ হয় অতএব মনোভিলাষ পূর্ণ হওয়া কিম্বা না হওয়া ইহা ঈশ্বরাধীন বটে কিন্তু লোকে কারণ সত্বে হয় কারণের অভাবে হয় না অতএব ইহার সহিত পুত্তলিকার কি সম্বন্ধ আছে। আর পুত্তলিকার হস্তপাদ কি জানি কখন ভগ্ন হয় এই আশঙ্কায় পূজকেরা সর্ব্বদা ব্যস্তই থাকে তাহা প্রত্যক্ষ দেখিতেছি অতএব দেবতার আবির্ভাবে তাহাদের সম্যক্‌প্রকারে নিশ্চয় থাকিলে পূজকেরা পুত্তলিকার রক্ষার নিমিত্ত এ পর্য্যন্ত সতর্ক হইত না আর অন্যকে দমন করিবাতে প্রধান ২ পুত্তলিকার শক্তি আছে এ যে কহিলা তাহাতে তবেই আমরা বিশ্বাস করিতাম যদি উন্দুরু তৈলপায়িকা প্রভৃতি পুত্তলিকার অঙ্গরাগকে নষ্ট করিতে ও তাহার শরীরে গর্ত্ত করিতে উদ্যত হইলে তাহাকে তৎক্ষণাৎ শাস্তি দিত এবং মক্ষিকা নানা অশুচি দ্রব্যে বসিয়া পুত্তলিকার শরীরে যখন বৈসে তখনি যদি তাহারও বারণ শাস্তি করিত। সে যাহা হউক পুত্তলিকার কত শক্তি আছে আর কি বা শক্তি নাই তাহার পরীক্ষা অনায়াসেই হইতে পারে অর্থাৎ আমাদের হস্তে পুত্তলিকাকে রাখিয়া দেখ কে কাহার সমুচিত দণ্ড করিতে পারে।

continually fail in obtaining the design for which they make such presents? Notwithstanding all this, you vow again and again to perform with great expence and trouble such offerings, as an act of worship.

If you say: Many of those who offer up such petitions to images, obtain the wished-for object, and those who have dishonoured the principal and most renowned images have received their due punishment;

I reply: As some by worshipping images obtain the object of their desire, thus also many who never pray to images see sometimes their wishes fulfilled. It depends therefore upon God whether our wishes are fulfilled or not. That they are accomplished when the proper means are used, but that in the absence of such means they are not fulfilled, what connection have images therewith? We see clearly that the worshippers of images are continually afraid, lest their hands or feet should possibly be broken. If they were perfectly sure, that the images are animated by the gods which they respectively represent, they would not till the present day be so anxious about their preservation. Further, what you said about the power of the principal images of inflicting punishment upon others, this we should believe, if they would punish the mice, cockroaches and other creatures for spoiling the colour, or making holes into their body, or if they would prevent the flies from sitting upon them, after they have been sitting upon unclean things, and punish them for doing so. But howsoever this may be, how much power images possess or do not possess, this may easily be put to the test; give them only into our hands, and you will soon see, which of us can inflict a punishment upon the other.

যদি বল পুত্তলিকার দেবত্ব এবং কোন ক্ষমতা যদি নাই তবে শাস্ত্রে অজ্ঞানির প্রতিইবা ইহার আরাধনার অনুমতি করিবার কি প্রয়োজন ছিল। উত্তর। যে সকল অজ্ঞান লোক বিশ্বের অদ্ভূত ও নিয়মিত রচনা এবং শরীরের বিচিত্র নির্ম্মাণাদি অবলোকনদ্বারা বিশ্বের কারণ ও জগতের নিয়মকর্ত্তা যে সর্ব্বজ্ঞ ও সর্ব্বব্যাপক পরমেশ্বর তাঁহাতে নিশ্চয় করিয়া ধর্ম্ম এবং ব্যবহার নির্ব্বাহ করিতে সমর্থ হয় না তাহারা নাস্তিকভাবে কাল হরণ করিয়া লোকের উৎপাতজনক হইবেক এই আশঙ্কায় ঐ সকল অবোধ ব্যক্তিকে তাহাদের পৃথক্ ২ রুচির অনুসারে বালকের ন্যায় মগ্ন রাখিবার নিমিত্ত নানাবিধ পুত্তলিকার এবং যে পশুপক্ষী বৃক্ষ নদী প্রভৃতি প্রত্যক্ষ এবং অনায়াসে প্রাপ্ত হয় তাহারো আরাধনাতে ফলের লোভ দেখাইয়া অনুমতি করিয়াছেন। যথা।

"মূঢ়ানাং ভোগদৃষ্টীনামাত্মানাত্মাবিবেকিনাং।
রুচয়ে চাধিকারায় বিদধাতি ফলং শ্রুতিঃ"।।

"ফলাসক্ত যে সকল মূঢ় লোকদের আত্মার এবং অনাত্মার বিবেচনাশক্তি নাই তাহাদের প্রবৃত্তির এবং অধিকারের নিমিত্ত শাস্ত্রে ফলের কথন করিয়াছেন"। ঐ সকল অজ্ঞানেরা বাল্যকালে ক্ষুদ্র ২ পুত্তলিকা এবং ধূলার নৈবেদ্য ও ছোট ২ পাত্রাদি এ সকলের দ্বারা খেলা করিয়া চিত্তরঞ্জন করিত সেই রূপে যুবাকালে ও বৃদ্ধ সময়ে বৃহৎ ২ পুতুলা ও তণ্ডুলাদির বৃহৎ ২ নৈবেদ্য এবং প্রশস্ত পাত্রাদিদ্বারা নানা প্রকার খেলাতে চিত্তের সন্তোষ জন্মায়। ঐ সকল বালকের ন্যায় খেলা তাহাদের নিত্য ক্রিয়ায় এবং তিথি বিশেষের উৎসবে ব্যক্তই আছে যেহেতু ঘ্রাণেন্দ্রিয়রহিত শিলাদিকে

If you say: If images are not possessed of divinity, nor of any power, why do the Shasters give even to the ignorant the permission of worshipping them?

I answer: The authors of the Shasters were afraid that those ignorant persons, who were unable by the contemplation of the wonderful and harmonious arrangement of the universe, and the curious construction of the human body, to elevate themselves to the idea of the omniscient and omnipresent God, who is the author of the universe, and the governor of the world, and to lead a holy life, would spend their time as Atheists, and become dangerous to those around them. On this account they allowed to these ignorant people, in order to keep them, like children, in a kind of agreeable delusion, to choose for the objects of their worship various images, and beasts, fowls, trees, rivers and similar things, which can be perceived by our senses and are easily obtained, holding out the prospect of deriving benefit[c] from this service, as it is for instance to be seen from the following passage: 'The Shasters speak of fruits[d] with a view to those ignorant persons only who are very eager to obtain such fruits, and who have not the power of discriminating spirit from what is not spirit, in order to excite them to the performance of religious acts.'[4] These ignorant persons, as they used to play in their infancy with little images, and offerings of dust and small vessels, and in this manner to amuse themselves, thus when they are grown up, they delight themselves all their life time in playing with great images, and great offerings of fire and such things, and with large vessels. That they actually play like children, is clear from their daily practice, and from the ceremonies which they perform on their feast days. For like children, they

উত্তম পুষ্পের আঘ্রাণ করাইব এই উদ্দেশে বালকের ন্যায় পুষ্পা-হরণ করে এবং শ্রবণেন্দ্রিয়রহিতের নিকট নানাবিধ বাদ্যধ্বনি করে আর যাহার আস্বাদনের শক্তি নাই তাহাকে নানাবিধ উত্তম খাদ্যদ্রব্য অর্পণ করিয়া অবোধ বালকের ন্যায় গ্রাসমুদ্রা দেখায় এবং দর্শনেতে অসমর্থ যে বস্তু তাহার সম্মুখে আরতি করে ও তিথিবিশেষে কর্দ্দমে পতিত হইয়া পরস্পর হস্তাহস্তি মুষ্টামুষ্টি পুত্তলিকার সম্মুখে করিয়া থাকে কোন ২ তিথিতে পুত্তলিকার নিকটে পিতা পুত্র ও ভ্রাতা এবং অন্য গুরুতর লোক একত্র মিলিয়া অকথ্য কথনপূর্ব্বক নানা কুৎসিত প্রকার শরীরের ভঙ্গী করিয়া নৃত্য করে সে স্থানে আপনার ও অন্য ২ প্রতিবাসির স্ত্রীলোক পরম্পরা থাকিলেও ঐরূপ অকথ্য কথনে ও শরীর ভঙ্গীতে নিবৃত্ত হয় না কোন বা সময়ে নৌকার উপরি পুত্তলিকাকে লইয়া যথেষ্টাচার করে অতএব পরমেশ্বরের আরাধনাতে কেন এ সকল অবোধের শ্রদ্ধা হইবেক সুতরাং এ সকল খেলা না থাকিলে তাহাদের কাল হরণের কোনো উপায় ছিল না। ইতি প্রথম প্রকরণ।

fetch flowers and present them to a stone which cannot smell, in order to make it enjoy the smell of a fine flower; they make various kinds of music before an image which cannot hear; further they present various delicious dishes to an object, which has not the power of tasting any thing, and like foolish children, move their hands as if they were actually feeding it; and they wave a stand furnished with lighted lamps before a thing which is unable to see[e] and at a certain festival they throw themselves into the mire, and strike each other with their hands and fists before the image. At other festivals, fathers, sons and brothers and other persons, who are entitled to respect, assemble before the image, and engage in a dance, which is accompanied with exceedingly indecent songs, and various disgusting bendings of the body; and though their own and their neighbours' wives are present, yet they do not abstain from singing such indecent songs, and bending their body in such a manner. Sometimes they take their images into a boat, and commit the most abominable actions. How can such foolish persons be engaged in the worship of the supreme God? The truth is, if they had no such amusements, they would not know how to spend their time.

END OF THE FIRST SECTION

অথ দ্বিতীয় প্রকরণ।

যদি পৌত্তলিক কহে আমরা পুত্তলিকার আরাধনা করি না কিন্তু এ সকল পুত্তলিকা বিশেষ ২ দেবতার প্রতিমূর্ত্তি হয়েন ঐ সকল দেবতা জন্ম মরণরহিত নিত্য সর্ব্বজ্ঞ পরব্রহ্ম হয়েন ইহাঁর দ্বারা দেবতাদের আরাধনা করিয়া থাকি। উত্তর। জিজ্ঞাসা করি ঐ বিশেষ ২ দেবতারা সকলেই পরব্রহ্ম হয়েন কি উহাঁদের মধ্যে এক জনকে পরব্রহ্ম বল ইহার উভয়ই অসম্ভব হয় যেহেতু সকলকে পৃথক্ ২ পরব্রহ্ম মানিলে বেদবাক্য অপ্রমাণ হয় কেননা বেদে সর্ব্বত্র এক ব্রহ্ম কহেন এবং অনেক স্বতন্ত্র ব্রহ্ম কহিলে যুক্তিবিরুদ্ধ হয় যেহেতু ঐ পাঁচজন কি দশজন স্বতন্ত্র ব্রহ্ম যদি হয়েন তবে তাঁহাদের সকলের সৃষ্টি স্থিতি প্রলয়ের শক্তি এবং অন্য ২ সর্ব্বশক্তি মানিতে হইবেক কেননা যাহার সর্ব্বশক্তি নাই তাহাকে ব্রহ্ম বলা যায় না এরূপে এক সর্ব্বশক্তিবিশিষ্ট ব্রহ্ম হইতে যদি সৃষ্টি প্রভৃতি জগতের তাবৎ কার্য্য নির্ব্বাহ হইল তবে অন্য সকল ব্রহ্ম সম্যক্ প্রকারে অপ্রয়োজন হইলেন অতএব প্রত্যেক ঐ সকল দেবতাকে স্বতন্ত্র পরব্রহ্ম কহিতে পারিবা না। আর উহাঁদের মধ্যে কেবল এককেও ব্রহ্ম কহা শাস্ত্র এবং যুক্তিবিরুদ্ধ হয় যেহেতু যেমন ঐ এককে কল্পনা করিয়া পুরাণাদিতে ব্রহ্ম কহিয়াছেন সেইরূপ অন্য ২কেও স্থানস্থানান্তরে কল্পনা করিয়া ব্রহ্ম কহেন অতএব কল্পনাকে এক স্থানে সত্য জ্ঞান করা অন্যস্থানে সত্য জ্ঞান না করা এ সর্ব্বথা অসিদ্ধ হয়।

SECTION II.

IF the advocates for image worship should say: We do not worship the images, but as all these images are representations of peculiar gods—and all these gods are the supreme Bramhu, who is not subject to birth and death, who is everlasting and omniscient—we use them only as means for worshipping the gods;

I would ask them in answer to this: Are all these peculiar gods the great Bramhu, or do you call only one of them so? In either case your opinion is unfounded. For if each is to be regarded as the supreme Bramhu, then the assertions of the Vedas are false, which speak every where of one Bramhu only. And to admit many independent Bramhus, would be also contrary to reason; for if there are five or ten independent Bramhus, then it must be granted that each of them is possessed of the power of creating, preserving and destroying, and of all other almighty power, because one who is not possessed of almighty power cannot be called Bramhu; but if the creation, preservation and government of the world is the work of one omnipotent Bramhu, then all the other Bramhus would be perfectly useless; consequently each of these gods cannot be considered as the independent supreme Bramhu. Further, to consider only one of them as Bramhu is contrary to the Shasters and to reason; for as the Poorans speak of one fictitious personage which they call Bramhu, thus they speak in other places of several other fictitious personages which they likewise call Bramhu; now to consider a fiction which occurs in one place of a book, as truth, and not to consider that a fiction which occurs in other places of the same book, is altogether inconsistent.

আর যদি বল তাঁহারা সকলে পৃথক্ ২ নহেন বস্তুতঃ এক কিন্তু পৃথক্ ২ শরীরে দৃষ্ট হয়েন। উত্তর। ঐ যে সকল বিশেষ ২ দেবতার পৃথক্ ২ শরীর হয় ও পৃথক্ ২ বাসস্থান ও পৃথক্ ২ স্ত্রীপুত্র থাকে এবং পৃথক্ ২ চেষ্টা ও কামক্রোধাদি ভাব থাকে ও পরস্পর যুদ্ধ এবং সন্ধি হইয়া থাকে তাঁহারা যদি এক হইতে পারিলেন তবে ঘটপট মনুষ্য পশু প্রভৃতি তাবৎ জগৎই এক কেন না হউক অতএব আকারভেদ বর্ণভেদ স্থানভেদ চেষ্টাভেদ ক্রিয়াভেদ থাকিতেও অনেক বস্তুকে এক করিয়া কহা চক্ষুকর্ণ প্রভৃতি তাবৎ ইন্দ্রিয়কে জলাঞ্জলি না দিলে হইতে পারে না বস্তুতঃ ঐ সকল দেবতার জন্ম মরণ আছে এবং তাহারা ও আমরা ও পশুপক্ষী প্রভৃতি সকলেই অনিত্য হই প্রভেদ এই যে, আমাদের জন্ম মৃত্যু ত্বরায় হয় তাঁহাদের কিঞ্চিৎ কাল বিলম্বে হইয়া থাকে। যথা।

"ব্রহ্মাবিষ্ণুমহেশাদি দেবতা ভূতজাতয়ঃ।
সর্ব্বে নাশং প্রযাস্যন্তি তস্মাচ্ছ্রেয়ঃ সমাচরেৎ"॥

"ব্রহ্মা বিষ্ণু শিব প্রভৃতি দেবতা ও প্রাণি সকল নাশকে পাইবেক অতএব যাহাতে শ্রেয় হয় এমত করিবে"। আর তাঁহারা কাম ক্রোধ লোভ মোহ এবং পরস্পর যুদ্ধ বিগ্রহাদিতে সর্ব্বদা ব্যাপৃত ছিল সেই রূপ মনুষ্য পশ্বাদিও কামক্রোধাদিতে বিব্রত হয় অথচ পৌত্তলিকের মান্য কোন এক কল্পিত ব্রহ্মের জন্ম সময়ে মস্তক ছিন্ন হয় পরে যুদ্ধ কালে দন্ত ভগ্ন হইয়া যায় কোন ব্রহ্মের যুদ্ধে রক্তপাত এবং মূর্চ্ছা হয় এবং কোন ব্রহ্মের ব্যাধহস্তের দারুণ শরাঘাতে প্রাণত্যাগ হয় কোন ব্রহ্মের চপেটাঘাতে দন্ত ভগ্ন হয় অদ্যাপিও তাঁহাকে দন্তহীন জানিয়া পিটালির নৈবেদ্য দিয়া থাকহ কাহারো বা শাপে ও শোকে

Further if you say: All these gods are not different beings; they are in reality but one being, which only appeared in different shapes;—

I answer: If all these peculiar gods who have different shapes, dwelling-places, wives and children, pursuits, lusts, passions, &c. and carried on wars and concluded peace with each other, can be but one being, why should not also water-pots, pictures, men, beasts, &c. yea, all things be but one being? It is, therefore, impossible, unless you renounce the use of your eyes, ears and all other senses, to consider many things as one, whilst they differ from each other in form, colour, dwelling-places, pursuits and actions. The truth is, all these gods were born and are subject to death; and they, as well as we, and as beasts, birds and all other things, are of a finite duration. The only difference is this, that our life lasts but a short time, and that they continue to exist a little longer; as it is written: 'Bramha, Vishnoo, Sheeva and all other gods, together with all living creatures, will see destruction; it is therefore necessary to act so, as to obtain final happiness.' They are subject to anger, covetousness and delusion, and were continally engaged in wars and quarrels with each other, as also men and beasts are subject to lust, anger and such like passions. One of the fictitious Bramhus (Gunesh), which are revered by the advocates for image worship, had his head cut off at the time of his birth, and afterwards lost a tooth in a battle; another Bramhu's (Sheeva's) blood was shed in a battle, and he became senseless; and another (Krishna) was deprived of his life by the deadly dart of a hunter; another (Soorjya) lost his teeth by severe blows on his cheeks, and as they consider him as toothless even now, they offer to him pounded rice; one (Doorga)

প্রাণত্যাগ হয় ইহার প্রমাণ মহাভারত ও পুরাণাদি শাস্ত্র আছেন। মনুষ্যকেও ঐ প্রকার নানাবিধ দুর্দশাগ্রস্ত হইতে দেখিতেছি। আর যেরূপ দেবতাতে ব্রহ্ম শব্দের প্রয়োগ আছে সেইরূপ মনুষ্যাদিতেও ব্রহ্ম শব্দের প্রয়োগ আছে। যথা।

"সর্ব্বং খল্বিদং ব্রহ্ম" ।। "একত্বমনুপশ্যতঃ" ।। ইত্যাদি।
"সকল এই সংসার ব্রহ্ম হয়েন যথার্থ জ্ঞানে জগৎ এক হয়" ।।

এই প্রমাণের দ্বারা কি দেবতা কি মনুষ্যাদি সকলেরি ব্রহ্মত্ব প্রতিপন্ন হইল তবে কেবল দেবতাদিগকে কেন ব্রহ্ম কহ আর মনুষ্যাদি জগৎকে কেন ব্রহ্ম না কহ।

যদি বল দেবতাদের জন্ম মরণ কাম ক্রোধ রাগ দ্বেষ মূর্চ্ছা মোহ ইত্যাদি লীলামাত্র বস্তুতঃ তাঁহারা নির্লিপ্ত হয়েন। উত্তর। কি মনুষ্যাদি কি দেবতাদি সকলেরি আত্মাই নির্লিপ্ত কিন্তু দেহের জন্ম মরণ ও ক্রিয়া লইয়া আত্মাতে আরোপ মাত্র হয় অতএব দেবতা সকল অন্য ২ জন্তুর ন্যায় দেহবিশিষ্ট ও দেহের ব্যাপারবিশিষ্ট হইয়াছেন তত্রাপি যদি দেবতাদের প্রত্যক্ষসিদ্ধ জন্ম মরণ ও মস্তকচ্ছেদ ও রাগ দ্বেষ ইত্যাদিকে লীলামাত্র স্বীকার করহ তবে মনুষ্য পশু পক্ষী ইত্যাদি সকলের জন্ম মরণ কাম ক্রোধ ইত্যাদিকে লীলা করিয়া স্বীকার করিতে কে বারণ করে যেহেতু বস্তু বিবেচনায় তাবৎ সংসার মায়িক লীলামাত্র হয়। অতএব এক শরীরের চেষ্টা ও দুঃখ শোকাদিকে লীলা করিয়া জানা আর অন্য ২ শরীরের দুঃখাদিকে বাস্তবিক করিয়া মানা সর্ব্বপ্রকারে অসিদ্ধ হয়।

died in consequence of having been accursed and of grief. The proofs of this are to be found in the Maha Bharat, the Poorans and other Shasters. Now we see that also men are subject to various calamities of that kind. Further, as the name Bramhu is applied to gods, thus it is also applied to men and other things; as it is written: 'This whole world is Bramhu; all things considered aright, are but one being.' From this passage it is clear, that the word Bramhu is not only applied to the gods, but also to men and all other things. Why do you therefore call the gods only Bramhu? why do you not also call men and all other things Bramhu?

If you say: That which is said of the birth, death, lusts, anger, rage, envy, stupefaction, fascination, &c. of the gods, is only illusion; in reality they are not subject to any of these things;

I reply: The spirit of all men, as well as of the gods, is not subject to any of these things; but the birth, death and operations of the body are only fictitiously ascribed to the spirit (though the latter is actually without a concern therein). Now all gods, like other living creatures, are possessed of a body, and of all bodily affections; but if nevertheless you declare that which has been clearly stated of the birth, death, beheading, rage, envy, &c. of the gods to be merely an illusion, what hinders you to declare also the birth, death, lusts, anger, &c. of men, beasts, fowls, &c. for mere illusion? For if you consider things as they are in reality, the whole world is merely an illusion effected by the Maya; it is therefore altogether illogical to consider the desires and sufferings of one body as illusion, and to regard the sufferings and affections of other bodies as really existing.

যদি বল দেবতাদের হইতে যে সকল অলৌকিক ব্যাপার হইয়াছে সে সকল মনুষ্য হইতে অসম্ভব অতএব কেবল দেবতাদের জন্ম মরণ লীলামাত্র হয়। উত্তর। প্রথমতঃ জমদগ্নির বচন হইতে এই বোধ হয় ঐ সকল দেবতাদের নাম রূপের কল্পনা করিয়া শাস্ত্রে যেমন লিখিয়াছেন সেইরূপ বিশেষ ২ নীতি ও ধর্ম্ম ও ধর্ম্মের প্রভাব কহিবার নিমিত্ত ইতিহাসচ্ছলে তাহাদের নানা প্রকার ক্রিয়ারো কল্পনা করিয়া কহিয়াছেন। যথা ।।

"রূপস্থানাং দেবতানাং পুংস্ত্র্যংশাদিককল্পনা"। ইত্যাদি।

"রূপ বিশিষ্ট দেবতাদিগের যে পুংস্ত্র্যংশাদি কথা সে কল্পিত বাক্য মাত্র হয়" ।।

যেহেতু রূপ যদি কাল্পনিক হইল তবে সে রূপের ক্রিয়াও সুতরাং কাল্পনিক হইবেক। দ্বিতীয়তঃ যেমন দেবতাদের অলৌকিক কর্ম্ম করিবার কথন আছে সেই রূপ অগস্ত্য জহ্নু বশিষ্ঠ জনক প্রভৃতি ইহাঁরা সকলে দেবতাদের ন্যায় অলৌকিক ক্রিয়া করিয়াছেন এমত পুরাণাদিতে লিখিয়াছেন অতএব ইহাঁদেরও জন্ম মরণ কি মিথ্যা এবং ইহাঁরাও কি স্বতন্ত্র ব্রহ্ম হইবেন।

যদি বল ঐ সকল দেবতাদের উপাসনা করিয়া মুনিরা ও রাজারা পরমপদপ্রাপ্ত হইয়াছেন অতএব তদনুসারে দেবতাদের আরাধনা আমরাও করি। উত্তর। দেবতারা ও মুনিরা ও রাজারা পূর্ব্ব ২ যুগে কেবল পরমেশ্বরেরই উপাসনা ও সমাধি করিতেন দেবতাদের সহিত ও মুনিদের সহিত সমভাব ছিল যজ্ঞাদি দ্বারা তাঁহারা দেবতাদের উপকার করিতেন দেবতারাও পূজাদি প্রদানদ্বারা তাঁহাদের তুষ্টি জন্মাইতেন কখন দেবতাদের সহিত তাঁহাদের প্রণয় থাকিত কখন

If you say: The gods performed all sorts of supernatural works, which are altogether impossible to men. Therefore the birth and death of the gods only is mere illusion;

I would state in reply:

1. It appears from the words of Jamadagnee, that as the name and shapes of all these gods, which are mentioned in the Shasters, are a mere fiction, thus also the various works which are ascribed to them are mere fictions, invented for the purpose of establishing the peculiar rites and ceremonies to be used in their service, and to make their worship renowned. For if the existence of any person is a fiction, the works ascribed to that person are of course a fiction too.

2. As the gods are said to have performed miracles, thus it is also related in the Poorans, that Agastya, Janhoo, Bashisht'ha, Janak and others have performed miracles, like the gods. Is therefore also what is said of their birth and death untrue? and are they to be considered as independent Bramhus?

If you say: By worshipping these gods, the Moonees and kings have attained the highest degree of glory and happiness; on this account we also worship the gods as they did;

I reply: The gods, Moonees and kings of former ages worshipped and served only the supreme God. The gods and Moonees were equal to each other. The latter assisted the gods by their sacrifices and other offerings, and the gods in their turn engaged the good will of the Moonees by worshipping them and making them presents. At some times they were on good, at other

অপ্রণয় হইত ইহার প্রমাণ গণেশের দন্তভঙ্গ ও ইন্দ্রের লক্ষ্মীত্যাগ ও বিষ্ণুর প্রতি ভৃগুর পদাঘাত ও যদুবংশের নাশ ও কৃষ্ণের বাণাঘাতে মৃত্যু এবং শিবের মোহপ্রাপ্তি এ সকল বৃত্তান্ত পুরাণে প্রসিদ্ধ আছে। যদি মুনিরা ঐ সকলকে সাক্ষাৎ ব্রহ্ম করিয়া জানিতেন তবে অত্যল্প ক্রোধে দন্তভঙ্গ পদাঘাত বংশনাশ ইত্যাদি শাসন করিতেন না বস্তুতঃ যখন যে দেবতাকে কিম্বা অন্য কোন বস্তুকে পুরাণে ব্রহ্ম রূপে বর্ণন করিয়াছেন তখন তাহার প্রতি তাবৎ ব্রহ্ম ধর্ম্মের আরোপ করিয়াছেন অর্থাৎ তাহাকে সৃষ্টি স্থিতি প্রলয়ের কর্ত্তা এবং সকল দেবতা ও রাজা ও ঋষিদের আরাধ্য করিয়া কহিয়াছেন পুনরায় পুরাণান্তরে সেই দেবতাকে অন্য দেবতার জনিত ও সেবক অধীন করিয়া কহিয়াছেন এবং ঐ অন্য দেবতাতে তখন ব্রহ্ম ধর্ম্মের আরোপ করিয়াছেন। প্রত্যক্ষ দেখ বশিষ্ঠাদি ঋষিকে শিব-প্রধানক গ্রন্থে শৈব করিয়া লিখেন আর শক্তিপ্রধানক গ্রন্থে শাক্ত করিয়া কহেন এবং বিষ্ণু প্রধানক গ্রন্থে বৈষ্ণবরূপে বর্ণন করেন তন্ত্রে বামাচারিরূপে তাঁহাদিগকে লিখেন বস্তুতঃ তাঁহারা দেবতাদের ন্যায় কেবল এক পরমেশ্বরের উপাসনা করিতেন দেবতার সহিত তাঁহাদের সমরূপে ব্যবহার ছিল এবং পরস্পর পূজ্যপূজকভাব ছিল তুষ্টি হইলে বর প্রদান করিতেন ক্রোধ হইলে অভিসম্পাত দিতেন ইহা তাঁহাদের গ্রন্থেই ব্যক্ত আছে। আর লৌকিক দৃষ্টান্তে কেন না দেখ যদি তোমাদের ন্যায় ঐ ঋষিরা ও রাজর্ষিরা জন্ম মরণবিশিষ্ট

times they were on bad terms with the gods. The facts which prove this, as Ganesh's having his tooth broken, Indra's losing his riches, Vishnoo's being trampled upon by Bhreegoo, the destruction of the Jadoos, Krishnoo's being killed by a dart, and Sheeva's fascination; all these facts are distinctly stated in the Poorans. If the Moonees had considered all these as Bramhus, then they would not have dared on account of little disagreements to break their teeth, to trample upon them, to destroy their families, and to illtreat them in similar other ways. The truth is, if the Poorans speak of a god or any other being as Bramhu, then they ascribe to him all the attributes of Bramhu; that is, they describe him as the Creator, Preserver and Destroyer of the world, and as entitled to the veneration of all gods, kings and Reeshees: but in other passages of the Poorans the same god is represented as the offspring, servant and subject of another god; and then the attributes of Bramhu are ascribed to that other god. You see clearly, that Basisht'ha and other Reeshees are represented as devotees of Sheeva in the works written in favour of Sheeva, as devotees of the female deities in the works devoted to these deities, and as devotees of Vishnoo in the works devoted to Vishnoo; and in the Tantras they are said to have been Bamacharees. The truth is, they, as well as the gods, worshipped only one supreme God; they treated the gods as their equals, and used to reverence one another mutually. When they were pleased with them, they blessed them; and when they were incensed against them, they cursed them. This is clear from their writings. Why do you not perceive this from a matter of fact which occurs in common life? If, like unto you, these Reeshees and pious princes had worshipped beings which are subject

অবয়বির উপাসনা করিতেন তবে তোমাদের ন্যায় তাঁহাদেরও অনেকের উপাস্য দেবতার নামে নাম হইত কিন্তু তাঁহাদের কাহারো নাম হরিচরণ কৃষ্ণচরণ রাইচরণ পেয়ারিমোহন নিতাইদাস চৈতন্য-চরণ ইত্যাদি আধুনিক নামের ন্যায় দেখিতে পাই না যেহেতু ভারতাদি গ্রন্থ বিদ্যমান এবং ঋষিদের ও রাজাদের নাম তাহাতে লিখিত আছে বশিষ্ঠ শক্তি পরাশর ব্যাস শুক ধৌম্য গর্গ গোভিল দুর্ব্বাসাঃ শাণ্ডিল্য কশ্যপ অগস্ত্য পুলস্ত্য কুরু পুরু যজাতি মান্ধাতা ভরত রঘু পাণ্ডু যুধিষ্ঠিরাদি যে ,সহস্র ২ নাম আছে তাহাতে দেব-পুত্তলিকার সহিত সম্বন্ধ নাই।

যদি বল ঐ সকল প্রতিমার প্রসাদাৎ ও তাহার ২ মূলীভূত দেবতার আরাধনাতে অনেকে সিদ্ধ হইয়া মারণোচ্চাটনবশীকরণে সমর্থ হইয়াছেন এবং আপন ২ বাক্য বলে মৃতকে জীবন ও অপুত্রকে পুত্র এবং নির্ধনকে ধন প্রদান করিয়াছেন ও করিতেছেন অতএব তাঁহা-দের ঈশ্বরত্বে কি সন্দেহ আছে। উত্তর। যে ব্যক্তি পাষাণ মৃত্তিকার লোড়াকে এবং বনের বৃক্ষকে ঈশ্বর করিয়া বোধ করিতে পারে এমন অবোধের নিকট কোন এক মনুষ্য প্রতারণা ক্রমে বৃহৎ জটা ও দীর্ঘ ফোটা ও বিজাতীয় চক্ষু ভঙ্গিমা ও হস্তপদাদি ভঙ্গিমা রাখিয়া সেই মনুষ্য সিদ্ধ ইহা বলাইবেক তাহাতে আশ্চর্য্য কি। ঐ সকল প্রতারকেরা অবোধদিগের নিকট আপনাকে বাক্‌সিদ্ধ এবং ভূত ভবিষ্যতের জ্ঞানবিশিষ্ট জানায় অথচ ঐ অজ্ঞানেরা প্রত্যক্ষ দেখে ঐ সকল প্রতারকের বাটীতেই এবং অতি সন্নিকটেই যে ২ ব্যাপার হয়

to birth and death, many of them would, like you, have been called by the name of a god which is worshipped by you. But among all the sirnames you will not find one, like Hareecharan, Krishnoocharan, Raycharan, Peareemohan, Nitaydas, Choitonyocharan' or any modern name. For we find in the Bharat and other similar writings, the name of the Reeshees and kings, as Basist'ha, Shaktee, Parashar, Vyasa, Shook, Dhoumya, Garga, Gobhil, Doorbasha, Shandeelya, Kashyap, Agastya, Poolastya, Kooroo, Pooroo, Jajatee, Mandhata, Bharat, Raghoo, Pandoo, Joodhisht'hir, and an immense number of other such names; but none of them has any connexion with idols.

If you say: Through the worship of these images and the gods which they represent, many are become Saints, so that they had and still have it in their power to kill, to put to confusion, and bring into subjection whom they please; and that they have imparted and are imparting by their mere word life unto the dead, children unto the childless, and riches unto the poor; how can therefore their divinity be called into doubt?

I reply: How is it to be wondered at, that such stupid persons as can consider a block of stone, a heap of earth, and a tree of the forest as God, are persuaded by a fellow who wears long matted hair, and has a broad mark on his forehead, turns his eyes in an unnatural manner, and keeps his hands and feet in unnatural positions, to regard such a deceiver as a Saint? These deceivers gain among the ignorant the reputation that all things must come to pass according to their word, and that they are endowed with the knowledge of what is past and future; and nevertheless these foolish people see clearly, that all these deceivers are ignorant of a great

তাহার অনেক জানিতে পারে না আর তাহারা আপনারা অথবা তাহাদের অমাত্যগণ কিম্বা আত্মীয়গণ রোগেতে ও দরিদ্রতাতে কখন ২ অতি ক্লেশ পায় অথচ তাহাদিগকে বাক্য দ্বারা ও স্বস্ত্যয়ন দ্বারা অরোগী ও অদরিদ্র করিতে পারে না কিন্তু যখন জ্ঞানবানের সহিত ঐ সকল ধূর্ত্তদের কর্ম্ম পড়িয়াছে তৎক্ষণাৎ তাবৎ ধূর্ত্ততা প্রকাশ পাওয়াতে সমুচিত ফল হইয়াছে। প্রত্যক্ষ কেন না দেখ কলিকাতা ও ইহার নিকটবর্ত্তি স্থান সকলেতে অন্য স্থান অপেক্ষা করিয়া অনেক সুবোধ মনুষ্য আছেন অতএব ঐ সকল প্রতারকের প্রতারণা এই সকল স্থানে বাহুল্যরূপে চলে না ঐরূপ ডাইনের রোজা ও ভূতের রোজা কলিকাতার নিকটে অত্যল্প দেখিতে পাইবা কিন্তু যে বনবিষ্ণুপুর ও বঙ্গদেশ ও কামাখ্যাদিদেশ অজ্ঞানে পরিপূর্ণ আছে সেই ২ দেশে ঐ সকল প্রতারকের অত্যন্ত সম্মান এবং ভূতের ও ডাইনের মাহাত্ম্য প্রতিঘরে প্রসিদ্ধ হয়। কিন্তু পৌত্তলিকের সিদ্ধতার পরীক্ষা অনায়াসে হইতে পারে অর্থাৎ ঐ একজন সিদ্ধকে আমাদের নিকট তাহার সিদ্ধতা প্রকাশ করিতে কহ তখন এ বিবা-দের সিদ্ধান্ত এককালেই হইবেক। আর তোমরা আপনারাই কহিয়া থাক ।।

"ন হরিঃ শঙ্করো ব্রহ্মা নিয়তং কেন বাধ্যতে"।

"ব্রহ্মা বিষ্ণু শিব এঁহারা কখন কাহারো কর্তৃক বাধ্য নহেন অর্থাৎ তাঁহাদের যে নিয়ম সে নিবারিত হয় না"।।

অথচ বিশ্বাস কর অমুক সিদ্ধ ব্যক্তি নির্জীবকে সজীব করিলেন ও সূর্য্যকে উদয় হইতে দিলেন না ইত্যাদি। ঈশ্বর তোমাদিগকে মনুষ্য দেহ দিয়াছেন মনুষ্যের ন্যায় বোধ ও ব্যবহার কর না কেন ঈশ্বরের নিয়মিত বিষয়কে মনুষ্যে উল্লঙ্ঘন করে এমত বিশ্বাস মনুষ্যের হওয়া অতি দুঃখের বিষয় হয় বিশেষতঃ এ অনুভব কেন না কর তোমাদের মধ্যে যাহারা অধিক নির্ব্বোধ হয় তাহারা তোমাদের অপেক্ষা করিয়াও নানা প্রকার পুত্তলিকার আরাধনাতে তৎপর হয় এবং তোমরা যাহাকে অমান্য কর ঐ সকল পুত্তলিকার নিকট

deal of what is going on in their own houses, and in their nearest neighbourhood; or though their friends or nearest relations are sometimes greatly afflicted by sickness or poverty, yet they are unable to deliver them from their sickness and poverty by their words and offerings. But if such impostors attempt to play their tricks with enlightened men, then the whole imposture is immediately discovered, and they meet with the treatment which they have deserved. Do you not see clearly that in Calcutta, and in all the neighbouring places, where there are more well instructed men than in any other places, such deceits are on that account not very commonly practised? Thus in the neighbourhood of Calcutta very few persons are to be found, who pretend to deliver men from the effects of witchcraft, and to drive out evil spirits; but in the forest of Vishnoopoor, the eastern parts of Bengal, and in Assam, where ignorance prevails, all these impostors are held in great reputation, and in all houses wonderful stories of spirits and witches are told. The saintship of image worshippers may easily be put to the test; viz. tell only one of these pretended Saints to shew his saintship in our presence; then the matter will be decided at once. You yourself say that Bramha, Vishnoo and Sheeva are not able to alter the order of nature; nevertheless you believe, that a certain Saint took away the life of a man, and did not allow the sun to rise. God has given you a human nature; therefore think and act also like men. It is indeed melancholy to see persons believe, that men can act contrary to the laws established by God. More especially why do you not consider, that those among you who are still more ignorant than you, are devoted to the worship of various idols which you do not respect, and pray unto them on all occasions for those things

প্রতি কর্ম্মেই বর প্রার্থনা করে যেমন স্ত্রীলোক ও ইতর জাতি তাহারা তোমাদের নামলব্ধ পুত্তলিকাকে সুতরাং মান্য করিয়া থাকে অধিকন্তু ষষ্ঠী মাকাল কালুরায় দক্ষিণরায় ওলাবিবী প্রভৃতিকেও মান্য করে অথচ তোমরা তাহাদের মান্য কতক পুতুলাকে উপহাস কর সেইরূপ কিঞ্চিৎ বিবেচনা করিলেই এখন যে সকল পুতুলাকে সজীব রূপে জ্ঞান করিতেছ তাহাকেও উপহাস করিবা।

যদি বল শাস্ত্রে গণেশাদি পাঁচকে ব্রহ্ম করিয়া কহেন অতএব ঐ পাঁচকে আমরা ব্রহ্ম জানিয়া উপাসনা করি। উত্তর। শাস্ত্রে ব্রহ্মের আরোপে গণেশাদি পাঁচকে এবং অন্য অনেককে বরঞ্চ সমুদায় বিশ্বকে ব্রহ্ম করিয়া কহেন যেমন বায়ুকে ব্রহ্ম কহিয়াছেন শ্রুতি।। যথা।

"ত্বমেব প্রত্যক্ষং ব্রহ্মাসি"।। অর্থাৎ "হে বায়ু তুমিই ব্রহ্ম"।।

মনকে ব্রহ্ম এবং উপাস্য কহিয়াছেন।। "মনো ব্রহ্মে ত্যুপাসীত"।।

অন্নকে ব্রহ্ম কহেন।। "অন্নং ব্রহ্ম"।।

দাসকে এবং ধূর্ত্তকে ব্রহ্ম কহেন।। "ব্রহ্ম দাসাঃ ব্রহ্ম কিতবাঃ"।।

এবং আদিপর্ব্বে গরুড়কে অন্তক এবং ব্রহ্ম কহেন।।

"ত্বমন্তকঃ সর্ব্বমিদং ধ্রুবাধ্রুবং"।।

আর সরস্বতীমাহাত্ম্যে তোমরাই পড়িয়া থাকহ।।

"যা ব্রহ্মাচ্যুতশঙ্কর প্রভৃতিভির্দেবৈঃসদা বন্দিতা"।।

অর্থাৎ "যে সরস্বতী ব্রহ্মাদি দেবতার সর্ব্বদা বন্দনীয়া হয়েন"।

অতএব ব্রহ্ম সর্ব্বব্যাপক এই দৃষ্টিতে তোমাদের কি গণেশাদি পাঁচকে কি পঞ্চাশৎকে কি সমুদায় জগৎকে ব্রহ্ম শব্দে কহিয়াছেন। ইতি দ্বিতীয় প্রকরণ।

which they desire. Thus the women and men of low cast worship, in addition to those renowned idols which you acknowledge, such idols as Shasht'hee, Makal, Kalooray, Dakyinray, Olabibee, and others, though you deride several of the idols which these people worship. In like manner you would also deride all those images, which you now consider as possessed of life, if you would but use your understanding a little.

If you say: The Shasters declare Ganesh and the four other principal gods to be Bramhu; accordingly we consider and worship these five as Bramhu;

I reply:—The Shasters declare not only Ganesh and the four other principal gods, but also many others, nay even the whole world, to be Bramhu. Thus the wind is declared to be Bramhu in the following passage of the Vedas: 'Wind, thou art evidently Bramhu.' Thus the mind is said to be Bramhu, and entitled to worship in the following passage, 'The mind is Bramhu, and entitled to worship.' Thus food is called Bramhu in the following words: 'Food is Bramhu.' Thus also servants and cunning persons: 'A servant is Bramhu;' 'A cunning person is Bramhu.' In the first part of the Mahabharat also Garoor is declared to be Bramhu: 'Garoor is the destroyer of all things, and he is all in all.' You yourselves read often what is said in praise of Sharaswatee: 'Sharaswatee is continually worshipped by Bramha and the other gods.' Accordingly in consideration of Bramhu's omnipresence, the Shasters give to Ganesh and the other four gods which you worship, and to fifty others, and even to the whole world, the name Bramhu.

END OF THE SECOND SECTION.

অথ তৃতীয় প্রকরণ।

যদি বল যুক্তিসিদ্ধ অথবা শাস্ত্রসিদ্ধ হউক অথবা না হউক পিতৃপিতামহ যাহা করিয়া আসিয়াছেন তাহাই করিব। উত্তর। তোমরা পুত্তলিকা লইয়া খেলাইবার নিমিত্ত পিতৃপিতামহের নাম উল্লেখ করহ নতুবা কি লৌকিক কি পারমার্থিক কোন বিষয়ে আপন ২ পিতৃপিতামহের ব্যবহারানুসারে অতি অল্প কর্ম্ম করিয়া থাক এ অতি আশ্চর্য্য। তোমাদের মধ্যে যাঁহাদের পিতৃপিতামহ সৎকর্ম্মান্বিত এবং বিদ্যাব্যবসায়ী ছিলেন, এমন সহস্র সহস্রকে দেখিতেছি তথাপি তাহারা পিতৃপিতামহের ধর্ম্মকে উল্লঙ্ঘন করিয়া ঘোর বিষয়ী হইয়া ম্লেচ্ছের দাসত্ব করিতেছেন। তাহাদের মধ্যে যদি কাহার ধনবত্তা হয় তবে সে বংশের তিলক কহায়—এখন অনেকে দুর্গোৎসবাদিতে যবনীর নৃত্য ও ম্লেচ্ছাদির নিমন্ত্রণ ও তাহাদের ভোজন করাইয়া প্রশংসনীয় হইতেছেন কিন্তু পিতৃপিতামহ কবে এ সকল করাইতেন ঝোলনা যাত্রায় ও নন্দোৎসবেতে কেহ ২ যবনী, নৃত্য করাইতেছেন ইহা কোন্ পিতৃপিতামহের ব্যবহারে ছিল কাহারো পিতৃপিতামহেরা দেবল ক্রিয়া করিতেন, তাহার সন্তানেরা অশূদ্রপ্রতিগ্রাহী হইয়াছেন যাহার পিতৃপিতামহ শাক্ত বরঞ্চ বামাচারী ছিলেন তাহার সন্তানেরা বৈষ্ণব বরঞ্চ চৈতন্যসম্প্রদায়ী হইয়াছেন অনেকের পিতৃপিতামহ বৈষ্ণব ছিলেন তাহার সন্তানেরা শাক্ত হইয়াছেন আর অনেকের পিতৃপিতামহ দুর্গোৎসব

SECTION III.

IF you say: Whether it be agreeable to reason and the Shasters, or not, we *must* do what our forefathers did;[5]

I reply: That is very strange, that you drag forward the name of your forefathers, in order to defend your playing with images, whereas in all other matters, whether secular, or spiritual, you pay very little regard to their manner of life. We know, there are thousands among you, whose forefathers were devoted to the practice of meritorious works, and to the study of the sacred sciences; whereas they themselves, in perfect opposition to the habits of their forefathers, give themselves altogether up to worldly pursuits, and are serving foreigners;[6] and if any makes his fortune among them, he is spoken of as the chief of his family. When did the forefathers of any, in the Doorgapooja and other festivals, ever employ Mahomedan dancing girls, and invite foreigners into their houses and entertain them? which now-a-days many do, who are held in great reputation. Some employ dancing girls in the celebration of the festivals Jhoolna-jatra and Nandatshab. Whose forefathers ever did so? The children of some whose forefathers used to perform religious ceremonies for Soodras, are now such as have no intercourse whatever with Soodras. Some whose forefathers were devotees of the female deities, or Bamacharees, are become devotees of Vishnoo, or rather followers of Choitanya. On the other hand, many whose forefathers were devotees of Vishnoo, are now devoted to the worship of the female deities. Many whose forefathers did not observe the

করিতেন না কিন্তু তাহার সন্তানেরা কোন উৎসব ও ব্রত করিতে ত্রুটি করেন না অনেকের পিতৃপিতামহ কন্যা বিক্রয় করিতেন সন্তানদের ধনবত্তা হইবাতে কুলীনকে কন্যা দিয়া গোষ্ঠীপতি কহাইতেছেন অতএব পিতৃপিতামহের রীতির অন্যথা সর্ব্বদা কর কেবল পরমেশ্বরের উপাসনা করিতে কহিলে পিতৃপিতামহের নামস্বরূপ ঢালকে অবলম্বন কর।

যদি বল যাহার পিতৃপিতামহ কন্যা বিক্রয় করিত সে যদি কন্যা বিক্রয় না করিয়া উত্তম পাত্রে দান করে এবং যাহার পিতৃপিতামহ দুর্গোৎসব করে নাই সে যদি দুর্গোৎসব করে তবে তাহারা প্রশংসনীয় হয় যেহেতু শাস্ত্রবিহিত কর্ম্ম তাঁহারা করিলেন পিতৃপিতামহ যদ্যপিও করেন নাই তাহাতে কি হানি আছে? উত্তর। তুমি আপনিই স্বীকার করিতেছ পিতৃপিতামহ যদি শাস্ত্রনিষিদ্ধ কর্ম্ম করে পুত্রে তাহার উল্লঙ্ঘন করিয়া সৎকর্ম্ম করিলে প্রশংসনীয় হয় অথচ কহ পিতৃপিতামহ যাহা করিয়াছেন তাহাই কর্ত্তব্য তাহার উল্লঙ্ঘন করা অকর্ত্তব্য হয় অতএব যখন তুমি আপনিই স্বীকার করিতেছ শাস্ত্রবিহিত কর্ম্ম পিতৃপিতামহ না করিলেও কর্ত্তব্য তখন আপনকার প্রতি কহিবার অধিকার হইল সর্ব্বশাস্ত্রবিহিত যে ব্রহ্মো-পাসনা যদ্যপি পিতৃপিতামহ করেন নাই তাহা কেন না কর অর্থাৎ বেদে পুরাণে স্মৃতিতে তন্ত্রেতে সর্ব্বত্র যে ব্রহ্মোপাসনার বিধি

festivals in honour of Doorga, do not fail to observe any of the festivals and ceremonies relating to her worship. Many whose forefathers made merchandize with their daughters, in consequence of their having become rich, marry now their daughters to Cooleens (Brahmins of the highest cast), whereby they ennoble their family. You see accordingly, that in every other respect you deviate from the customs of your forefathers; only if you are exhorted to worship the supreme God, you defend yourselves with the name of your forefathers as with a shield.[6]

If you say: If any whose forefathers made merchandize with their daughters, do not act in the same manner, but marry them to husbands suited for them; and if any whose forefathers did not observe the festivals in honour of Doorga, do observe these festivals, then they are entitled to praise: for if they follow the Shasters, what harm can be therein, though their forefathers did not do so?

I reply: You confess yourselves that the descendants of such persons, whose forefathers acted contrary to the Shasters, are entitled to praise, if they do not follow their example, but obey the precepts of the Shasters. Nevertheless you say: 'We must do that which our forefathers did; not to do so, is wrong.' Now as you yourselves confess, that we must obey the precepts of the Shasters, though our forefathers did not do so, therefore we are authorized to ask you: 'Why do you not practise the worship of Bramhu, which is enforced in all Shasters, though it has been neglected by your forefathers? Namely, why do you neglect the worship of Bramhu, which is commanded every where in the Vedas, Poorans,

তাহা পরিত্যাগ করিয়া কেন পুত্তলিকার উপাসনাতে মিথ্যা কালক্ষেপ কর।

যদি বল আত্মোপাসনার বিধি সর্ব্বশাস্ত্রে আছে তাহা না করিলে সদ্‌গতি হয় না এমত যদি হইল তবে যে পিতৃপিতামহাদি পর ব্রহ্মের উপাসনা করেন নাই তাঁহাদের কি সদ্‌গতি হয় নাই। উত্তর। তাঁহাদের পুত্তলিকা লইয়া খেলা করাতে দুর্গতি হইতে পারে না যেহেতু স্বার্থপর পণ্ডিতেরা পুত্তলিকার আরাধনার প্রচারে আপনাদেরই যথেষ্ট লাভ দেখিয়া ঐ পুত্তলিকা পূজাতেই সর্ব্বদা তাঁহাদিগকে প্রবৃত্তি লওয়াইতেন আর উপনিষদাদি মোক্ষ শাস্ত্র সকলের প্রকাশ না করিয়া পুত্তলিকার আরাধনাতেই সর্ব্বসিদ্ধি হইবেক তাঁহাদিগকে এই জানাইতেন বস্তুতঃ তাঁহাদের অনেকের শাস্ত্রে অভিনিবেশ ছিল না সুতরাং ঐ সকল পণ্ডিতের কথাতে বিশ্বাস করিয়া তাঁহাদের উপদেশানুসারে ধর্ম্মানুষ্ঠানে ত্রুটি করিতেন না অতএব তাঁহারা প্রতারিত ছিলেন তাঁহাদের দোষ কি প্রতারকদের ইহাতে অবশ্য অতিশয় পাপ আছে সে যাহা হউক কিন্তু যাঁহারা উপনিষদ প্রভৃতি শাস্ত্রের পাঠদ্বারা অথবা ভাষা বিবরণদ্বারা এবং বিচারদ্বারা সর্ব্বদা জানিতেছেন পরমেশ্বরের উপাসনা ব্যতিরেক আর নিস্তার পথ নাই আর পুত্তলিকার উপাসনা খেলামাত্র কেবল অত্যন্ত মূঢ়ের জন্যেই শাস্ত্রে লিখিয়াছেন তাঁহারা যদি দেখিয়া জানিয়াও পরমেশ্বরের উপাসনা না করিয়া পুত্তলিকা লইয়া পুত্তলিকার খেলা দোলাতে রত হইয়া যাবজ্জীবন থাকেন তাঁহাদের

Shmreettees, and Tantras, and waste your time in worshipping idols?'

If you say: If the worship of the supreme God is enforced in all the Shasters, and if without it no salvation can be obtained, have then our forefathers, who did not worship the supreme Bramhu, failed to obtain salvation?

I reply: They cannot have become liable to eternal condemnation by playing with images; for self-interested Pundits, seeing that they could derive much profit from inculcating the worship of images, excited them continually to the practice of such image worship, and neglecting to make them acquainted with the Oopanishads, or any other Shasters in which the way of obtaining salvation is taught, they made them believe that they could become perfect through the worship of images. The truth is, many of our forefathers did not apply to the study of the Shasters; consequently they placed their confidence in the instruction of these Pundits, and were by no means deficient in practising those precepts which they inculcated. Accordingly, as they were deceived, what could be their guilt? But their deceivers, by thus imposing upon them, committed indeed a very heinous sin. However, those who by reading the Oopanishads and similar Shasters, or by translations thereof into the current languages of the country, and by other arguments derived from reasoning, are perfectly convinced that there is no other way of obtaining salvation except by worshipping the supreme God, and that the Shasters have allowed the worship of images only as an amusement of fools; and nevertheless wilfully neglect the worship of the supreme God, and remain their whole life time engaged in amusing themselves with images;

ঐহিকে এবং পারত্রিকে যথেষ্ট হানি হইতে পারে।

যদি বল প্রতিমার আরাধনা মহাজন পরম্পরায় হইয়া আসিতেছে অতএব মহাজনেরা যাহা করিয়া আসিতেছেন তাহাই কর্ত্তব্য। উত্তর। কৌলেরা আগমবাগীশ বিরূপাক্ষ প্রভৃতিকে মহাজন শব্দে কহিয়া আসিতেছেন আর তাঁহারা হরিদাস ও গৌরাঙ্গদাস ও নিতাইদাস প্রভৃতি বৈষ্ণবের মহাজনদিগকে অবহেলা করেন ঐরূপ বৈষ্ণবেরা হরিদাস ও গৌরাঙ্গদাস ও নিতাইদাস প্রভৃতিকে মহাজন জানিয়া আগমবাগীশ প্রভৃতির নিন্দা করেন আর উদাসী প্রভৃতি সকলে গুরু নানককে মহাজন কহিয়া থাকেন এই প্রকার নানা পথের লোক সকল পৃথক ২ ব্যক্তিকে মহাজন কহিয়া থাকেন কিন্তু ঐ মহাজন সকলের পরস্পর মতের অত্যন্ত অনৈক্য এখন সকলকে কি মহাজন জানিয়া সকলের মত গ্রহণ করিতে হইবেক কি শাস্ত্রানুসারে ধর্ম্মানুষ্ঠান করা যাইবেক বস্তুতঃ মহাজন পদবাচ্য মনু যাজ্ঞবল্ক্য বশিষ্ঠ গোতম ব্যাস প্রভৃতি হয়েন তাঁহারা কেবল পর-মেশ্বরের উপাসনা দ্বারা কৃতার্থ হইয়াছেন ইহার প্রমাণ পূর্ব্বেই লিখিয়াছি এবং তোমরা কেন না বিবেচনা করহ ব্যাস প্রভৃতি যদি কোন হস্তপদাদিবিশিষ্ট দেবতার উপাসনা করিতেন তবে পুরাণা-দিতে স্থানে ২ ঐ দেবতাকে অত্যন্ত ক্ষুদ্র এবং অধীন ও পরাস্ত হয়েন এমতরূপে বর্ণন করিতে কদাপি সাহস করিতে পারিতেন না তাঁহারা পরমেশ্বরের উপাসনা করিতেন অতএব কেবল সেই পরমেশ্বরের আরাধনা কর্ত্তব্য হয়। অথ গড্ডালিকা প্রবাহে যেমন

these will have greatly to suffer for it in the present and future world.

If you say: The worship of images has been handed down to us by tradition from pious men, and we must do what such pious men were used to do;

I reply: Agambageesh, Biroopakhya, and others are called pious men by the worshippers of the cruel female deities; but they despise those who are considered as pious men by the devotees of Vishnoo, as Haridash, Gouranggadash, Nitaydash and others. In the same manner the devotees of Vishnoo, considering Haridash and such like as pious men, revile Agambageesh and the rest. Again, the Oodashees and others call the Gooroo Nanak a pious man. Thus persons of different sects consider different men as pious. But the religious sentiments of these pious men belonging to different sects are very much at variance with each other. Now must we indeed consider all these as pious men, and embrace their discordant sentiments? Or must we regulate our conduct with respect to religion according to the Shasters? The truth is, to the name of pious men the following are entitled: Manoo, Jagyabalkya, Bashisht'ha, Gotam, Vyasa, and similar men; these approved only the worship of the supreme God, as I have shewn before. Why do you not consider that, if Vyasa and the rest had worshipped gods, endued with hands and feet, &c. they would not have ventured to describe in several passages in the Poorans these gods as exceedingly insignificant and subordinate, and as such who had been overcome in wars. They worshipped the supreme God; therefore the supreme God only ought to be worshipped. It is with you as with a herd of sheep; if

এক মেষ স্রোত জলে অথবা কূপেতে পড়িলে অন্য মেষ সকল সেই জলে অথবা কূপে পড়িয়া তৎক্ষণাৎ প্রাণত্যাগ করে ইহার কারণ ঐ মেষসকলকে জিজ্ঞাসা করিলে তাহাদের যদি তাৎপর্য্য বোধের এবং বাক্য প্রয়োগের শক্তি থাকিত তবে এই উত্তর দিত ঈশ্বর আমাদের ভদ্রাভদ্র বিবেচনার শক্তি দেন নাই সুতরাং এক অগ্রগামি মেষকে জলে পড়িতে দেখিলাম আমরাও তদনুসারে জলে পড়িলাম ইহাতে দুঃখই পাই আর প্রাণই বা যাউক কি করিব এইরূপ উটের বৎস কণ্টক ভোজন করিয়া মুখে যখন অতিশয় রক্তপাত করে সে কালে তাহাকে জিজ্ঞাসা করিলে তাহার তাৎপর্য্য বোধের এবং বাক্য প্রয়োগের শক্তি থাকিলে এইমাত্র কহিত আমার পিতৃপিতামহকে কণ্টক ভোজন করিয়া মুখে রক্তপাত করিতে দেখিয়াছি আমিও সুতরাং তদনুসারে কণ্টক ভোজন করি যেহেতু ঈশ্বর আমাকে সৎ অসৎ বিবেচনার শক্তি দেন নাই। কিন্তু যাহাকে ঈশ্বর ভদ্রাভদ্র ও সদ্‌অসদ্‌ বিবেচনার শক্তি দিয়াছেন সে মনুষ্যের সন্তান যখন লৌকিকে অত্যন্ত হাস্যাস্পদ ও পরমার্থে অত্যন্ত হানিজনক এমত কর্ম্ম সকল করিতে প্রবৃত্ত হয় অর্থাৎ তুড়ি দেওয়া নৃত্য করা মুখবাদ্য কক্ষবাদ্য এবং উৎসবেতে পরস্পর লজ্বালজ্বি ও কুৎসিত এবং অশ্রাব্য ভাষাতে গান এ সকল ক্রিয়াকে পরমার্থসাধন জানিয়া করে এবং ঈশ্বরকে পারদারিক চোর কপটী কামী ক্রোধী লোভী ইত্যাদি অপবাদ দেয় তখন ইহার কারণ তাঁহাকে জিজ্ঞাসা করিলে সে আপনি কোন হেতু কহিতে না পারিয়া কেবল ঐ মেষ ও উট প্রভৃতি পশুর ন্যায় উত্তর যদি করে অর্থাৎ ''পিতৃপিতামহ পরম্পরায় এইরূপ

one sheep jump into a stream or a well, then all the rest jump likewise into that stream or well, and are immediately drowned. Now if these sheep were asked, why they did so, they would answer (if they could understand the question and had the power of speech): 'God has not given us the power of judging what is good for us and what not; consequently when we saw one sheep jumping before us into the water, we jumped into the water likewise, without minding whether we should hurt ourselves thereby, or even lose our lives.' Thus also if, seeing a young came making its mouth bleed very much by eating thorns, we should ask it, why it did so, it would say (in case it could understand the question and had the power of speech): 'I have seen my ancestors making their mouths bleed by eating thorns; therefore I eat thorns likewise; for God has not given me the power of judging, what is right and wrong.' But what can be more melancholy than that children of men, to whom God has given the power of judging what is good and evil, right and wrong, if they are asked, why they give themselves up to such a line of conduct, whereby they make themselves a laughing-stock in this world, and do to themselves exceedingly great injury in that which is to come, viz. why they consider as spiritual worship, and practise accordingly such things as these: snapping the fingers, dancing, playing with the fingers on the mouth, beating their sides, striking each other at certain festivals, and singing exceedingly disgusting and obscene songs; and why they reproach God by describing him as guilty of adultery, theft, deceit, voluptuousness, anger, covetousness, and similar crimes, should not be able to assign any reason for their conduct, but should only answer, like such sheep and camels and other unreasonable beasts: 'Our forefathers

করিয়া আসিতেছেন এ নিমিত্ত আমরাও করি'' ইহা হইতে অধিক দুঃখ কি আছে যেহেতু এরূপ কথনেতে মনুষ্যবালকে আর পশুর বৎসে কি প্রভেদ রহিল।

যদি বল আমরা পুত্তলিকা আরাধনার সংস্থাপনের নিমিত্ত শাস্ত্র প্রমাণ দিব অতএব গড্ডালিকা প্রবাহ কহিতে পারিবে না। উত্তর। এ বিষয়ের উত্তর পূর্ব্বেই দিয়াছি ফলতঃ শাস্ত্রে পুত্তলিকা আরাধনার বিধি মূঢ় অবোধের প্রতি দিয়াছেন অতএব তোমরা শাস্ত্রপাঠে ও বিষয়কর্ম্মে সর্ব্বত্র সুবোধ হও কেবল পুত্তলিকা আরাধনার সময় আপনাকে অবোধ কহ এরূপ বাক্য কৌশলে ধর্ম্মকে বঞ্চনা করিতে পারিবা না।। ইতি তৃতীয় প্রকরণ।

did so, and therefore we do so likewise;' I say, what can be more melancholy than this? For what difference remains, according to such declarations, between the children of men, and the young ones of beasts?'

If you say: 'We can defend image worship by arguments derived from the Shasters, consequently you cannot compare us to a herd of sheep;'

I reply: I have answered this already before, viz. by proving, that in the Shasters image worship is only allowed in order to meet the case of ignorant and stupid people. Now you shew always a good understanding, when the study of the Shasters and temporal affairs are concened; only with regard to image-worship you declare yourselves to be stupid: you cannot therefore corrupt the truth by such quibbles.

END OF THE THIRD SECTION.

অথ চতুর্থ প্রকরণ।

যদি বল আমরা যাহা ইচ্ছা তাহাই করিব তোমাদের ইহাতে দুঃখ পাইবার কি কারণ এবং পুনঃ ২ নিষেধ করিবারইবা কি আবশ্যক। উত্তর। প্রথম কারণ এই যে অন্যের দুঃখ দেখিলে দুঃখ উপস্থিত হওয়া এ এক প্রকার স্বভাবসিদ্ধ সুতরাং তোমাদের বিজাতীয় ইচ্ছা পূর্ব্বক দুরবস্থা দেখিতে ২ দয়া জন্মে এবং দয়া জন্মিলেই বারণ করিতে হয় যেহেতু কখন ২ আমরা তোমাদের বৃদ্ধ এবং যুবাকে বালকের ন্যায় ব্যবহার করিতে দেখি অর্থাৎ যেমন বালক পুত্তলিকাকে আহার শয্যাদি প্রদান করে সেইরূপ ঐ বৃদ্ধ এবং যুবারা পুত্তলিকাকে ভোগ দিয়া সে ভোগ তাহার উচ্ছিষ্ট জ্ঞান করিয়া পরমাহ্লাদে ভোজন করে আর পুরুষ পুত্তলিকার সহিত স্ত্রী পুত্তলিকার বিবাহ দেয় বৃদ্ধ যুবা ব্যক্তিদের এরূপ বালকের চরিত্র দেখিলে কাহার না দয়া জন্মিতে পারে। দ্বিতীয় কারণ এই কখন ২ একজন সুবুদ্ধি ব্যক্তিকে উন্মাদগ্রস্ত ক্ষিপ্তের ন্যায় চেষ্টা করিতে দেখিতে পাই সে একাকী ঘরের মধ্যে কখন ২ আপন বাম পাদকে ভূমিতে আঘাত করে কখন বা মস্তকের চতুর্দ্দিকে বেষ্টিয়া তুড়ি দিতে থাকে কখন বা অতিবেগে নিশ্বাস প্রশ্বাস ত্যাগ করে কখন বা বলেতে কক্ষদেশে বাহুর আঘাত করে কখন ২ আপন গালে চপেটাঘাত করিয়া থাকে কখন বা অঙ্গুলিভঙ্গী হস্তভঙ্গী দেহভঙ্গী বিবিধ প্রকারে করে সুতরাং যাহাদের বোধাধিকার আছে সে সকল ব্যক্তিকে এরূপ উন্মত্তের ক্রিয়া করিতে দেখিলে কাহার না দয়া

SECTION IV.

IF you say: We will follow our inclinations. What reason have you to feel distressed about it? And what necessity is there for saying so much against it?

I reply: It is in a manner natural to feel ourselves distressed, if we see others in distress; consequently our compassion is excited by seeing into what a miserable condition you have brought yourselves by your perverse inclinations; and as we feel compassion for you, it is our duty to check these evils.[8] For we often see your aged and middle-aged men behaving themselves in a childish manner; viz. as children present food, beds and other articles to images, thus these aged and middle-aged persons present food unto idols, which they afterwards, considering it as having been left by them, enjoy with the greatest delight; they marry also male and female idols together. Now whose compassion should not be excited by seeing aged and middle-aged persons acting in such a childish manner?

Secondly, we often see a sensible man acting like a mad man; we see that, being alone in the room, he will now stamp with his left foot on the ground, now he will turn his hand round his head and snap with his fingers, now he will breathe with the greatest rapidity, now he will knock with his arms forcibly against his sides, now he will beat himself on his cheeks, now he will bend his fingers and hands and his whole body in various ways. Now who should not feel compassion, on seeing men endowed with understanding acting thus the part of mad men?

উপস্থিত হয়। তৃতীয়তঃ কখন ২ পান দোষে মগ্নচিত্ত যে সকল লোক তাহাদের ন্যায় ব্যবহার করিতে অত্যন্ত শুদ্ধাচার ব্যক্তি সকলকে দেখি অর্থাৎ যে দেবতাকে মাতৃসম্বোধন করিয়া স্থাপন করেন তাহার সম্মুখে সকার বকার উচ্চারণ এবং যে নিন্দিত অঙ্গভঙ্গী অত্যন্ত দুষ্টপ্রকৃতির নিকট করিতেও লজ্জা জন্মে তাহা করিয়া থাকেন এবং অন্য ২ কে ধন প্রদানদ্বারা সেই আপন পরমারাধ্য দেবতাকে এবং তাবৎ স্ত্রীপুরুষ পরিবারকে অত্যন্ত নিন্দিত দুর্ব্বাক্য শুনান এবং ঐ কবিদিগকে আপনার এবং অন্যের স্ত্রী পরম্পরার নিকট ইন্দ্রিয়ের চাঞ্চল্যজনক নানাবিধ অঙ্গভঙ্গী করিতে অনুমতি দেন অতএব স্বভাবস্থ লোক হইতে এরূপ অযোগ্য কর্ম্ম কদাপি হয় না সুতরাং জ্ঞানবানকে এরূপ মত্তের ন্যায় কর্ম্ম করিতে দেখিলে কাহার দয়া না জন্মে। চতুর্থ কারণ এই তোমরা নন্দোৎসবে দোলযাত্রাতে ও মহানবমীতে মুখ হস্ত এবং সর্ব্বাঙ্গকে কাদা কিম্বা ফাগু অথবা রক্তদ্বারা বিবর্ণ করিয়া পরস্পর যেরূপ বাহুযুদ্ধ ও মুষ্টি প্রহার এবং নানাবিধ উৎপাত ক্রিয়া ও লম্ফঝম্ফ পরমার্থ বোধ করিয়া দেবতার সম্মুখে করিয়া থাকহ তাহা মনুষ্য হইতে প্রায় সম্ভব হয় না সুতরাং এরূপ অমনুষ্যের ব্যবহার মনুষ্যে দেখিলে কাহার না দয়া হয়। পঞ্চম কারণ এই তোমরা যে ইষ্ট দেবতাকে পিতা হইতে সহস্র রূপে গুরুতর জান তাঁহার সং অন্যকে কল্পনা করিয়া আপনার সম্মুখে সেই ব্যক্তিকে নৃত্য করাও এবং বাসুদেব কাসুদেব ইত্যাদি

Thirdly, we see often very respectable persons conducting themselves like drunken men, viz. they will set up a goddess whom they call mother, and pronounce before it Shakar Bakar; and bend their limbs in such an abominable manner, that if otherwise such things were done in the presence even of the most profligate, it would excite a feeling of shame in them. Moreover, they employ also others, hired for that purpose, to make this their own supremely worshipped god and all their male and female relations hear the most filthy and abominable expressions; and in the presence of their own and other women, to bend their limbs in various ways, whereby carnal lusts are enflamed. Now virtuous persons will never commit such improper actions. Whose compassion should not, therefore, be excited on seeing otherwise sensible men degrading themselves so as to act like drunken persons?

Fourthly, that men should be capable of bedaubing their face and hands, and all their limbs, with mud or Phagoo or even blood, and fighting together or striking each other with their fists, and committing various such outrageous actions, and playing such gambols as you do before the gods at the festivals called Nandotshab, Doljatra and Mahanayamee, considering these as religious actions, this is hardly credible. Who should not therefore feel compassion on seeing men acting in a manner so unworthy of men?

Fifthly, when you substitute another person in the place of your favorite god, which is regarded by you as a thousand times greater than your father, and make that person dance before you, and amuse yourselves by ridiculing and reviling him, through Bashoodeb, Ka-

অন্য ২ ভণ্ডের দ্বারা তাঁহাকে ব্যঙ্গবিদ্রূপ করাইয়া আহ্লাদিত হও ইহা সকল ভক্তির কর্ম্ম কি উপহাসের কর্ম্ম হয় ইহা বিবেচনা কেন না করহ অতএব পরমার্থ বিষয়ে এরূপ বিদ্রূপ ও ভাঁড়ামী দেখিয়া কাহার দুঃখ না উপস্থিত হয়। ষষ্ঠ এই কথন গঙ্গাপ্রাপ্তির নিমিত্ত রোগগ্রস্ত বৃদ্ধ পিতামাতাকে পৌষ মাসের দুই প্রহর রাত্রে জলে ডুবাইয়া হত্যা করহ যেহেতু সে সময় অত্যন্ত শীত এবং উৎকট বাতাস হয় হৃষ্টপুষ্ট যুবাকেও চারি দণ্ড জলেতে মগ্ন করিয়া রাখিলে তাহার মৃত্যু হওনে কোন বিচিত্র নাই আর যুবতী অথবা বৃদ্ধা ভগিনী কিম্বা মাতা পিতামহী কন্যা বধূ ইত্যাদিকে স্বর্গ প্রলোভ দেখাইয়া রজ্জু ও বাঁশ দিয়া বন্ধনপূর্ব্বক দাহ করিয়া থাকহ এরূপ পিতৃ-মাতৃহত্যা স্ত্রীহত্যা নরহত্যা সর্ব্বদা অন্যকে করিতে দেখিলে স্বভাবসিদ্ধ বারণ করিতে অবশ্যই হয়। আর সপ্তম কারণ এই গঙ্গাকে পাপমোচনী জ্ঞান করিয়া রাত্রি শেষে এবং দিবসে স্ত্রী-লোকের যাতায়াতের দ্বারা মধ্যে ২ কিরূপ কদর্য্য ব্যবহার না হয় অনেক পুরুষের মধ্যে একবস্ত্র পরিধান করিয়া স্ত্রীলোক অঙ্গ মার্জ্জনপূর্ব্বক স্নান করিয়া পার্থিব লিঙ্গ পূজা করিতে থাকে ইহা হইতে কি লজ্জাস্পদ আর আছে এবং তীর্থযাত্রা ছলে দূর দেশে সহস্র ২ অন্য পুরুষের সহিত স্ত্রীলোকের গমনে কি ২ দোষ হইবার সম্ভা-

shoodeb and other buffoons, are these works of devotion, or of sport? Why do you not consider this? Now who should not feel distressed at seeing men engaging in such sport and buffoonery with the view of performing a religious action?

Further, in order to obtain the benefit which is thought to be derived from the Ganges, you dip your old sick parents at midnight in the month of December into the water, and thus kill them; because in that season it is so exceedingly cold and there is such a rough wind, that even in case you should then keep a vigorous young man in the water for two hours, it would be no wonder if he died of it. Moreover, you burn your sisters, whether young or old, and your mothers, grandmothers, daughters, daughters-in-law, &c. enticing them to consent to it by holding out to them the prospect of entering thereby into heaven, and tying them to the pile with ropes and bamboos. Now it is surely the duty of a benevolent man, if he thus sees others kill their fathers, mothers, wives, &c. to make a stand against such an abomination.[9]

What abominable things do not continually happen at the Ganges, in consequence of the women's resorting thither very early in the morning and in the day time, under the idea that this river has the power of blotting out sins? What can be more shameful than that women, wearing one single cloth, should bathe themselves in the Ganges in company with a great number of the other sex, rbbing at the same time their limbs, and worship the Linga made of earth? Moreover, what crimes are not occasioned by this, that women under the pretence of making a pilgrimage, travel to a far country in com-

বনা না হয়। শেষে যে কোন ২ পুত্তলিকার নানা শক্তি বর্ণন করহ এবং যাহার আগমনের দ্বারা গৃহস্থের ঐশ্বর্য্য হইয়াছে এবং নানা প্রকার বিপদ হইতে ঐ ভক্ত গৃহস্থ রক্ষা পাইয়াছে এমত জনরব আছে তাহাকে চোরে অপহরণ করিয়া কখন বিক্রয় করে কখন বা সেই পুত্তলিকা ধাতুময়ী হইলে তাহাকে গলাইয়া স্বর্ণ রূপ্যাদি গ্রহণ করে কিন্তু ঐ পুত্তলিকার ভক্ত তাহার ঈশ্বর চুরি অথবা গলান গিয়াছে ইহার প্রকাশে অতিশয় লজ্জিত হয় এবং চোরের নিরূপণ করিতে না পারিয়া সে পূজারি ব্রাহ্মণ প্রভৃতির কি ২ নিগ্রহ না করে কিন্তু এইরূপ অকৃতাপরাধে লোকের দণ্ড করিয়া লোকতঃ এবং ধর্ম্মতঃ অত্যন্ত নিন্দিত হয় অতএব পুত্তলিকার আরাধনাতে কেবল পরলোকে দুরবস্থা হয় এমত নহে কিন্তু লৌকিকেও সর্ব্বথা হাস্যাস্পদত্ব হয়।

যদি বল এরূপ প্রতিমার অবলম্বন না করিয়া ঈশ্বরের উপাসনা ইশু খ্রীষ্টেরা করিয়া থাকে অতএব তোমার ধর্ম্ম তাহাদেরি ধর্ম্মের তুল্য হয় আমরা হিন্দু সুতরাং প্রতিমার অবলম্বন করিয়া উপাসনা করি। উত্তর। ইশু খ্রীষ্টের মতাবলম্বিরা দুই প্রকার হয়েন এক ইংরেজ প্রভৃতি যাহারা আপনাদের আরাধনার স্থানে পুত্তলিকাকে কদাপি রাখে না দ্বিতীয় ফিরিঙ্গী প্রভৃতি যাহাদের সংখ্যা ইংরেজ প্রভৃতি হইতে অধিক হয় তাহারা আপন ২ ভজনস্থানকে প্রতিমাদ্বারা পরিপূর্ণ রাখে অতএব পুত্তলিকার পরিত্যাগ দ্বারা তোমার বিবেচনায় যদি ইংরেজের ধর্ম্মের সদৃশ আমাদের ধর্ম্ম

pany with thousands of strange men? Moreover, many images to which various powers are ascribed, and which are renowned for having, by their being set up in a house, made their owner to become rich, and for having delivered their worshipper from various calamities, are either stolen or sold: or in case they consist of metal, molten, and the silver or gold, or any other metal of which they were made, taken. But the worshipper of such an image, if it becomes known that his god has been stolen or molten, is greatly ashamed thereof; and if he cannot find out the thief, how severely does he treat the Brahmin or whomsoever else he has employed for performing the ceremonies requisite for its worship. Now to punish an innocent person is exceedingly criminal, both in a worldly and religious point of view. Accordingly men by worshipping images do not only make themselves miserable in the world to come, but expose themselves, even already in the present world, to the universal scorn of men.

If you say: The followers of Jesus Christ reject the worship of images, and are devoted to the adoration of God: therefore your religious system is like unto theirs. We are Hindoos; consequently we adhere to the worship of images;—

I reply: The professors of the Christian religion are divided into two sects; to one of them the English and others belong, who never keep any images in their places of worship; to the other the Portuguese and others belong, who are more numerous than the English and those of their sect; these have their places of worship full of images. Now if by rejecting images our religion is in your opinion like unto that of the English, then by making use of images your religion is of course like unto

হইল তবে পুত্তলিকার গ্রহণদ্বারা তোমাদের ধর্ম্ম ফিরিঙ্গীর ধর্ম্মের সদৃশ অবশ্যই হইতে পারে ইহা হইলে তোমাদের ধর্ম্মইবা কোন্ প্রশংসিত হয়।

যদি বল জগতের কারণ ব্রহ্ম হয়েন ইহাতে প্রমাণ কি ? উত্তর। ঈশ্বরকে জগতের কারণ করিয়া কি তোমরা কি আমরা উভয়েই কহিয়া থাকি এবং সকল শাস্ত্রে কহিয়া থাকেন জগতের কারণ যে ঈশ্বর হয়েন নাস্তিক ব্যতিরেকে ইহাতে বিবাদ কাহারো নাই অতএব উভয়সম্মত যে কথা তাহাকে প্রমাণ করিবার প্রয়োজন রাখে না যেমন বিশেষ জ্ঞানবন্ত দ্বিপদ জন্তুকে মনুষ্যশব্দে কহা উভয় সম্মত হয় সুতরাং ইহার প্রমাণ করিবার কি প্রয়োজন আছে। কিন্তু অধিকের ভাগ তুমি যাহা কহ কৃষ্ণ শিব অথবা কোন দেবতান্তর ঐ জগতের কারণ স্বতন্ত্র ঈশ্বর হয়েন তাহা আমাদের সম্মত নহে সুতরাং শাস্ত্রের দ্বারা এবং যুক্তির দ্বারা তোমাদের ইহার প্রমাণ দেওয়া উচিত হয় ইহাতে যুক্তিদ্বারা একজন হস্তপদাদিবিশিষ্টকে জগতের কারণ প্রমাণ করা কোনমতে সম্ভব নহে যেহেতু প্রত্যক্ষের দ্বারা এবং প্রত্যক্ষমূলক অনুমানের দ্বারা যে বস্তু হস্তপদাদিবিশিষ্ট তাহার নাশ অবশ্য হয় ইহা প্রমাণ হইতেছে এবং বিনাশি বস্তু ঈশ্বর হইতে পারে না আর শাস্ত্রের দ্বারা যদি প্রমাণ করিতে চাহ তবে শ্রীভাগবতে কৃষ্ণকে ব্রহ্ম কহিয়াছেন ইহা কহিবা তখন আমরা কহিতে পারি যেমন শ্রীভাগবতে কৃষ্ণকে ব্রহ্ম কহিয়াছেন সেইরূপ কালীপুরাণে কালীকে এবং শিবপুরাণে শিবকে এবং শাম্বপুরাণে সূর্য্যকে তন্ত্রে দশ মহাবিদ্যাকে ব্রহ্ম কহিয়াছেন আর যেমন শ্রীভাগবতে কৃষ্ণের মহত্ত্ব প্রকাশক বাক্য দেখিতেছি সেইরূপ ঐ সকল গ্রন্থেতে সেই সকল দেবতার মহত্ত্বসূচক বাক্য দেখিতে পাই

that of the Portuguese; and if this is the case, what cause have you for boasting of your religion?[10]

If you say: Whereby can it be proved that Bramhu is the cause of the universe?

I reply: Both you and we consider God as the cause of the world, and this is declared in the Shasters. Besides the Atheists, no one else disputes the truth, that God is the cause of the world. Therefore it is unnecessary to prove anything in which we both are agreed. Thus we both agree in designating a two-footed reasonable animal by the name 'man'—what necessity exists therefore to prove this? But in addition to this truth in which we both are agreed, you contend that Krishnoo, Sheeva or any other god is the independent God, to whom the world owes its origin. In this we do not agree; consequently it is your duty to prove this by arguments derived from the Shasters and from reason. To prove from reason that a being possessed of hands and feet and other limbs is the cause of the world, is altogether impossible; for it can be proved by ocular demonstration, and by reasoning which is founded thereupon, that a being which has hands and feet and other limbs is perishable; but a perishable being cannot be God. If you wish to prove it by the Shasters, you will probably say, that in the Shreebhagabat, Krishnoo is called Bramhu. However to this we may answer, that as in the Kaleepooran Kalee, in the Sheevapooran Sheeva, in the Shambapooran the Sun, and in the Tantra the ten principal sacred goddesses, are called Bramhu. Further, as we find in the Shreebhagabat great eulogiums on Krishnoo, thus we find in all these writings great eulogiums on all these gods. As this is the case, what reason have you to say that Krishnoo is Bramhu, but that all

তবে কৃষ্ণ ব্রহ্ম আছে। আর সকলে পৃথক ২ স্বতন্ত্র ঈশ্বর হয়েন ইহা শাস্ত্র দ্বারা এবং যুক্তিদ্বারা অসিদ্ধ হয় যেহেতু সকলের কর্ত্তা এক বিনা অনেক হইতে পারেন না আর যদি সকলকে এক কহ তবে ইহার উত্তর আমরা পূর্ব্বে লিখিয়াছি ফলতঃ স্থানভেদ বর্ণভেদ আকারভেদ ইত্যাদি প্রভেদ থাকিলেও তাঁহারা যদি এক হয়েন তবে ঘট পট অশ্ব গজ প্রভৃতি কেন এক না হয়।

যদি বল হরিহর প্রভৃতিকে শাস্ত্রে এক করিয়া কহিয়াছেন তদনুসারে আমরা এক করিয়া জানি। উত্তর। শাস্ত্রে তাবৎ জগৎকেই এক করিয়া কহিয়াছেন। যথা ।।

"একত্বমনুপশ্যতঃ" ।।

অর্থাৎ "বিবেকি মনুষ্যেরা তাবৎ ব্রহ্মাণ্ডকে এক করিয়া দেখে"।

অতএব এরূপ ঐক্য কহিবার তাৎপর্য্য এই মাত্র এক পরমেশ্বর-কে অবলম্বন করিয়া তাবৎ সংসার অবস্থিত আছে যেমন এই এক সূর্য্যকে অবলম্বন করিয়া নানা প্রতিবিম্ব উৎপন্ন হয় সেইরূপ পরমেশ্বরের একত্বকে আশ্রয় করিয়া তাবৎ প্রতিবিম্বস্বরূপ সংসারকে এক করিয়া কহিয়াছেন।

যদি বল দেবতারা এক না হইলে নানা শাস্ত্রে নানা দেবতাকে ব্রহ্ম কহিবার কি প্রয়োজন আছে। উত্তর। ইহার বিশেষ উত্তর পূর্ব্বে দেওয়া গিয়াছে কেবল দেবতাকে ব্রহ্ম শব্দে কহিয়াছেন এমত নহে বরঞ্চ অন্ন মন পশু পক্ষী প্রভৃতি তাবৎ সংসারকে ব্রহ্ম করিয়া কহিয়াছেন ইহা দ্বারা ব্রহ্ম সর্ব্বব্যাপী হয়েন ইহাই প্রমাণ করেন কিন্তু ইঁহারা প্রত্যেকে ব্রহ্ম হয়েন ইহা প্রতিপন্ন করেন না।

the other gods are not Bramhu? But to consider each of them a distinct, independent Deity, is contrary both to the Shasters and to reason; for there can be but one Lord of all. Further, if you say that all these are but one, then we have refuted this already before by saying, that if these gods, though they differ from each other with regard to their dwelling places, colour, form and other particulars, are but one being, then water-pots, pictures, horses, elephants &c. &c. may with as much propriety be considered as one.

If you say: The Shasters declare Haree (Vishnoo), Hara (Sheeva), and others to be one being; accordingly we also consider them as one being;

I reply: The Shasters declare all things to be one single being, as f. i. in the words: "Wise men consider all things but as one single being." The meaning of such declarations is this, that the whole world is dependent upon the one supreme God. As various reflections are produced by and depend upon the one sun, thus the whole world is said to be one being, because it depends upon, and is as it were a reflection of the one supreme God.

If you say: If all the gods are not one single being, for what purpose in various Shasters are various gods called Bramhu?

I reply: I have already before replied to this at large, by proving that the name Bramhu is not only applied to the gods, but also to food, to the mind, to beasts, birds and to all other things. This proves the omnipresence of Bramhu, but it does not follow from hence that each in particular is Bramhu.

যদি বল কৃষ্ণপ্রধানক গ্রন্থসকল সাত্বিক হয় অতএব সেই গ্রন্থের কথাই মান্য। উত্তর। যেরূপ শিবপ্রধানক শাস্ত্রে শিবপ্রধানক গ্রন্থের উত্তমতা কহিয়াছেন সেইরূপ যে শাস্ত্রে বিষ্ণুকে প্রধানরূপে বর্ণন করেন তাহাতে বিষ্ণুপ্রধানক শাস্ত্রকে উত্তম কহেন পুরাণে পুরাণকে উত্তম কহেন তন্ত্রে তন্ত্রকে উত্তম কহেন বরঞ্চ প্রতিপুরাণের শেষে কহেন এ পুরাণ অন্য সকল পুরাণ হইতে উত্তম হয়েন কিন্তু এ সকল স্তুতিবাদমাত্র জানিবা সকল পুরাণের বক্তা একজন অতএব সকল পুরাণই প্রমাণ যদি সেই এক বক্তার বাক্য এক স্থলে মিথ্যা হয় তবে অন্য স্থলে যে সত্য হয় ইহার প্রমাণ কি আছে অতএব কোন পুরাণকে অমান্য করা ও কোন পুরাণকে মান্য করা ইহা অতিশয় অধর্ম্মের কারণ হয়।

নিত্যানন্দ চৈতন্য সম্প্রদায়ের মতকে অবলম্বন করিয়া যদি বল পরমেশ্বর আকাররহিত হয়েন তাঁহারি জ্ঞানসাধন মুক্তির কারণ হয় ইহা শঙ্করাচার্য্য কহিয়াছেন বটে কিন্তু বৈষ্ণবদের সম্প্রদায়ে শঙ্করাচার্য্য লোকের মোহ নিমিত্ত কাল্পনিক ভাষ্য করিয়াছেন এই সিদ্ধান্ত স্থির আছে। উত্তর। পুরাণে এবং তন্ত্রে প্রসিদ্ধ আছে চারি শিষ্যের সহিত শঙ্করাচার্য্য অবতার হইয়া বেদ ও বেদান্তের ভাষ্য করিয়া লোক সকলকে নিস্তার করিবেন ইহার অন্যথা করিয়া জগতের মান্য ভগবান ভাষ্যকারকে মোহের কারণ কহ

If you say: The principal books in favour of Krishnoo are true; the declarations of these books only are therefore to be believed;

I reply: As in the chief Shaster in favour of Sheeva the principal books devoted to Sheeva are declared to be of superior value and importance, thus in the principal Shaster in favour of Vishnoo those Shasters are said to be of superior value and importance which treat principally of Vishnoo. The same is said in the Poorans respecting the Poorans, and in the Tantras respecting the Tantras; nay at the end of every Pooran it is said, that this Pooran is superior to all the rest. But all this is mere exaggeration; for all the Poorans have but one author; therefore all the Poorans are of equal authority. Now if the declarations of this one author are false in one place, how can it be proved that they are true in another? And to consider some Poorans as false, and others as true, gives rise to great abuses in religion.

If, following the religious principles of Nityananda and Choitanya, you say: It is true Shangkaracharjya has said, that the supreme God is without form, and that by knowing and worshipping him salvation is obtained; but all the devotees of Vishnoo are firmly persuaded that he has composed false commentaries, in order to lead men into error;

I reply: It is clear from the Poorans and Tantras, that Shangkaracharjya with four disciples becoming incarnate, composed Commentaries on the Vedas and the Vedanta, in order to shew to all men the way of obtaining salvation. You deny this, and say that Shangkaracharjya, the universally-respected author of the commentaries, is leading men into error; and, in order to

আর ইহা প্রতিপন্ন নিমিত্ত আপনাদের কল্পিত বাক্যকে প্রমাণ করিয়া কহিয়া থাক তবে ইহার উত্তরে শাক্তেরা যাহা কহিয়া থাকেন সুতরাং তাহা আমাদিগেরও তোমাদের প্রতি কহিতে হইল ফল শঙ্করা চার্য্যের সম্প্রদায়ের শিষ্য যে কেশবভারতী তাঁহার শিষ্য চৈতন্য তেঁহ গুরুদ্রোহী হইয়া আচার্য্যকে মোহের কারণ জানাইয়া লোকের ইহলোক পরলোক নষ্ট করিয়াছিলেন এই নিমিত্ত বিরূপাক্ষের নিকট নানা প্রকার শাস্তি পাইয়া পশ্চাৎ তত্ত্বগ্রহণপূর্ব্বক নিস্তার পান এ বিষয়ে শাক্তেরা অনেক প্রমাণ দিয়া থাকেন অতএব ভগবান আচার্য্যের নিন্দার প্রতি গুরুদ্রোহির বাক্য কবে গ্রাহ্য হইতে পারে আমাদের দেশের তাবৎ গ্রন্থকারেরা ও আচার্য্যেরা যে সাক্ষাৎ শঙ্করস্বরূপ শঙ্করাচার্য্যকে গুরু করিয়া মানেন তাঁহার নিন্দা তাঁতি কৈবর্ত্ত ও তত্তুল্য লোক যাহারা করে তাহারা কেবল পাতকী হয়। কিন্তু তাঁহার নিন্দা করিবেক এমত লোক কলিকালে জন্মিবেক ইহা তন্ত্ররত্নাকরে প্রসিদ্ধ আছে যখন দক্ষের শিবনিন্দাতে ছাগ মুখ হইল সেই কালে দক্ষের ক্রোধের উপশম হয় নাই পরে যখন মহাদেব শঙ্করাচার্য্যরূপে অবতার হইয়াছিলেন তখন দক্ষ সেই ক্রোধবশে রামানুজরূপে জন্ম লইয়া শিবধর্ম্মের নিন্দা এবং শিবাবতার ভগবান শঙ্করাচার্য্যের মত দূষণ ও তাঁহার নিন্দা করিয়াছে

prove this you bring forward stories, which you yourselves have fabricated. It becomes therefore necessary for us to remind you of what the devotees of the female deities say in answer to this; they assert that Shangkaracharjya had a follower of the name Keshababharatee whose disciple Choitanya, being guilty of the blackest crimes against his own gooroo, accused Acharjya of being an impostor, and led the people into temporal and eternal misery. For this he was in various ways punished by Biroopakhya (a celebrated follower of Shangkaracharjya), in consequence of which he afterwards received the truth and obtained salvation. The devotees of the female deities bring forward a great number of arguments for this assertion. Now how can the declaration of a person, guilty of the blackest crimes (Choitanya), be thought worthy of credit, so that thereby such a stigma should be affixed to the character of the divine teacher (Shangkaracharjya)? All the sacred authors and teachers of our country consider Shangkaracharjya as a gooroo, and revere him as much as Shankar (Sheeva). Those who reject him, as weavers, fishers, and such like persons, are wicked people. But that there would arise in the Kaleejoog persons who would reject him, this is clearly predicted in the Tantraratnakar (a book held sacred by some sects among the Hindoos). When Dakhya, in consequence of his having reviled Sheeva, got a goat's face, he conceived such an implacable hatred against Sheeva, that when the latter became incarnate in the person of Shankaracharjya, he appeared in the world in the person of Ramanooj, in order to give vent to his wrath, and reviled the religion of Sheeva, and cast likewise the greatest reproaches upon the doctrine and person of the blessed Shankaracharjya, who is an incarnation of Sheeva; on which account he got

এই নিমিত্ত তাহার মৃত্যুকালে ছাগ মুখ হইয়াছিল এবং ত্রিপুরাসুর মহাদেবের হস্তে নিপাত হইয়াছিল পরে তিনপুরের স্থানে নিত্যানন্দ চৈতন্য অদ্বৈত এই তিন রূপে জন্ম লইয়া মহাদেবের মতের বিরুদ্ধ মতকে সংস্থাপন করিয়া আপন সম্প্রদায়ে মহাদেবের নিন্দা অদ্যাপি প্রচুর রূপে করাইতেছে কিন্তু সাক্ষাৎ ভৈরবাবতার বিরূপাক্ষের দ্বারা সেই ব্যক্তিরা আপন ২ শাস্তি পাইয়াছে অতএব এখনো শিবস্বরূপ শঙ্করাচার্য্যের নিন্দক লোকদের ছাগমুখ হইবার ও নানা প্রকার দুর্গতি হইবার কোন্ অসম্ভাবনা আছে।

যদি বল শিবের কৃত শাস্ত্রে বিশ্বাস করিয়া সকল লোক কলিকালে মদ্যাদি পান করিয়া সর্ব্ব ধর্ম্ম বহিষ্কৃত হইতেছে। উত্তর। কলিতে আগমোক্ত বিধিতে তাবৎ ব্যবহার করিবেক ইহা আগমে ও অন্য ২ শাস্ত্রে কহিয়াছেন অতএব কলিতে আগমোক্ত বিধানে আহারাদি করিলে যদি পাপগ্রস্ত হয় তবে সত্যাদি যুগে বেদাদি শাস্ত্রের মতেও আহারাদি করিয়া লোক সকল পাপগ্রস্ত হইয়া থাকিবেন যেহেতু সত্য ত্রেতা দ্বাপর যুগে কি দেবতারা কি ঋষিরা কি অবতারেরা কি রাজারা সকলেই মদ্যাদি পান করিতেন ইহা ভারতাদি গ্রন্থেই প্রচার আছে অতএব খাদ্যাখাদ্য ও কর্ত্তব্যাকর্ত্তব্যের নিয়ামক শাস্ত্রই হইয়াছেন সুতরাং শাস্ত্রানুসারে আহারাদি করিলে অধর্ম্ম হইতে পারে না কিন্তু যাহারা ইহাতে অধর্ম্ম জ্ঞান করে তাহারা অধর্ম্মী অবশ্যই হইবেক।

a goat's face when he died. Also Treepoorashoor, after having been killed by Sheeva, became incarnate, in the following three persons, Nityananda, Choitanya and Adwoita, and established a religion in opposition to that of Sheeva; and abused him in the grossest manner, as also his followers do even till the present day. But these men met with their due punishment through Biroopakhya, an incarnation of Bhoirob (a companion of Sheeva). Accordingly, it is not unlikely that also at the present time those who revile Shankaracharjya, the incarnation of Sheeva, receive goat's faces, and are punished in various other ways.

If you say: All those who believe in the Shasters composed by Sheeva will in Kalee joog drink wine and other spirituous liquors, and neglect all religious duties;

I reply : It is said in the Agam and in other Shasters, that in the Kaleejoog men shall discharge their social duties according to the rules laid down in the Agam. Now if those who regulate their conduct according to the rules laid down in the Agam, do commit sin, then all those who in the Shatya and the two following joogs regulated their conduct according to the Vedas and other Shasters, would have committed sin; for it appears from the Mahabharat and other, books, that in the Shatya, Treta and Dwapar joogs all, whether gods, Reeshees, incarnations or kings, drank wine and other spirituous liquors. But it is determined by the Shasters what may be eaten and what not, and in general what is to be done and what not. Consequently, if a man regulates his conduct according to the Shasters, he cannot commit sin; but those who consider it as sinful, they would of course commit sin by doing so.

যদি বল যে সকল আগমেতে মদিরাদি পানের বিধি লিখিয়াছেন এবং রামানুজ ও চৈতন্য প্রভৃতির ঐরূপ চরিত্র লিখিয়াছেন সে সকল আগম কেবল লোকের মোহের নিমিত্ত রচিত হইয়াছে ইহা পুরাণে প্রসিদ্ধ আছে অতএব ঐ সকল শাস্ত্র গ্রাহ্য নহে। উত্তর। পুরাণ এবং তন্ত্র দুয়েতেই লিখিত আছে কাশীতে যখন ব্যাসের অপমান হইল তখন তেঁহ সেই ক্রোধে ব্যাসকাশীর রচনাতে প্রবর্ত্ত হইলেন এবং তৎকালীন মহাদেবের শাস্ত্র খণ্ডনের নিমিত্ত এবং মহাদেবের মহিমার হানি করিবার নিমিত্ত নানাবিধ কল্পিত বাক্য পুরাণে লিখেন সেই সকল বাক্যের মধ্যে তোমার ঐ পূর্ব্ব প্রস্তাবের কথা সকল আছে সুতরাং ব্যাসকাশীর ন্যায় সে সকল কথা অমান্য হয় এবং ব্যাসদেব ঐ সকল বর্ণন করাতে মহাদেবের নিকট সাপরাধ হইলে অপরাধ মার্জ্জন তেঁহ করিয়াছেন ইহাও পুরাণে ও তন্ত্রে বর্ণিত আছে অতএব এ তোমার বাক্য অতি অগ্রাহ্য যেহেতু পরম কারুণিক যে মহাদেব তেঁহ লোকের মোহ নিমিত্ত মিথ্যা শাস্ত্র রচনা করেন ইহা শাস্ত্র এবং যুক্তিবিরুদ্ধ হয় আর আশ্চর্য্য এই বৈষ্ণবেরা লোকেতে প্রসিদ্ধ যে দশোপনিষৎ বেদ ও বেদান্ত ও ন্যায় প্রভৃতি দর্শন ও প্রসিদ্ধ যে মনু প্রভৃতি আঠার স্মৃতি এবং অতি বিখ্যাত যে মহাভারত তাহারি বচনকে আপন মতের প্রমাণের নিমিত্ত কখন কহেন না যেহেতু ঐ সকল গ্রন্থে তাঁহাদের যুগল ভজন ও দুটি ভাইয়ের কথা নাই আর যে ২ পুরাণের ও যে ২ তন্ত্রের তদন্ত পাওয়া যায় না এবং লোকেতেও প্রসিদ্ধ নহে ও যাহার টীকা নাই তাহার নাম করিয়া কল্পিত বচন সকল আপনার মত স্থাপনের জন্যে উদাহরণ দেন কিন্তু যাহার

If you say: It is clear from the Poorans that all those Agams which allow drinking wine, &c. and in which the slanderous reflections on Ramanooj, Choitanya and others are contained, have been written only in order to lead men into error; therefore all these Shasters ought not to be received.

I reply: It is said, both in the Poorans and Tantras, that when Vyasa was dishonored in Kashee (Benares), he was enraged, and endeavoured to build a Kashee to be called after his name. From that time he began to write various falsehoods in the Poorans, in order to deprive the Shasters of Sheeva of their authority, and to injure his great reputation. All which you mentioned before belongs to these false representations; therefore it is as little entitled to regard as the Kashee of Vyasa. Moreover, this also is related in the Poorans and Tantras, that Vysa asked of Sheeva pardon for the crime which he had committed by writing these falsehoods against him. Therefore that which you say is of no weight; for it is contrary both to the Shasters and to reason, that the merciful Sheeva should have written false Shasters, in order to lead men into error. It is singular too, that the devotees of Vishnoo never bring forward proofs for their religious system from the universally-renowned ten Oopanishads, the Vedas, the Vedanta, the Nyay and other four Darshans, and the celebrated eighteen Shmreetees of Manoo and others, and the very celebrated Mahabharat, because these contain nothing of their Joogalbhajan and the two brethren.[h] Moreover, in order to establish their system, they bring forward false assertions from those Poorans and Tantras, whose real design cannot be discovered and which are not renowned in the world, and which are also without

মত প্রসিদ্ধ শাস্ত্রসম্মত না হয় সে মতের মান্যতা বিজ্ঞ লোকের নিকট কদাপি হয় না।

যদি বল অবলম্বন ব্যতিরেকে ব্রহ্মবাদিরা কি রূপে আরাধনা করিতে পারেন। উত্তর। জগতের এবং শরীরের নানাবিধ অলৌকিক নিয়মপূর্ব্বক যুক্তিসিদ্ধ রচনাকে দেখিয়া ইহার কারণ সর্ব্বজ্ঞ অতি বিচক্ষণ এক পরমেশ্বর আছেন ইহাতে নিশ্চয় করিয়া তাঁহার শ্রবণ মনন দ্বারাই আমরা কৃতার্থ হই যেহেতু এইরূপ পরস্পর সম্বন্ধ বিশিষ্ট যে জগতের এবং শরীরের যন্ত্র তাহার প্রত্যেক খণ্ড ও প্রত্যেক অবয়ব এক ২ প্রয়োজনের নিমিত্ত হইয়াছে অতএব তাহার নিয়মপূর্ব্বক রচনা বিচক্ষণ কর্ত্তা বিনা কদাপি হইতে পারে নাই ইহার দৃষ্টান্ত লোকেতে দেখ অদ্ভূত নিয়মপূর্ব্বক নির্ম্মিত যে কোন ঘটিকা যন্ত্র প্রভৃতি বস্তু তাহা অকস্মাৎ অথবা কোন অচৈতন্য কারণ হইতে কদাপি হয় না এইহেতু আমরা প্রত্যক্ষসিদ্ধ কার্য্যের মহত্ত্ব দেখিয়া কারণের অতিমহত্ত্বে নিশ্চয় করি কিন্তু তোমাদের ন্যায় মনেতে হস্তপাদাদি দিয়া এক মূর্ত্তি কল্পনা করিয়া অথবা হস্তের দ্বারা এক পুত্তলিকা কল্পিত করিয়া হস্তপদাদি শরীর-ভঙ্গী এবং নাচা গাওয়া লম্ফঝম্ফ করিয়া কালক্ষেপ করি না এবং এই মনের কল্পিত কিম্বা হস্তের নির্ম্মিত মূর্ত্তির তুষ্টির উদ্দেশে বালকের ন্যায় ক্রীড়াও করি না।

যদি বল জগতের এবং শরীরের রচনাদ্বারা জগতের কারণ আছেন ইহা সিদ্ধ হয় কিন্তু তেঁহ কিপ্রকার ইহা যদি জানা না যায় তবে তাঁহাতে নিশ্চয় কিরূপে হইবেক। উত্তর। শরীরের

commentaries. But learned men will never embrace a system which does not agree with the celebrated Shasters.

If you say: 'How can the worshippers of Bramhu perform worship without having a visible object before their eyes?

I reply: By beholding the skilful and wonderful construction and disposition of the world and the human body, we are convinced that an omniscient and infinitely wise supreme God is the author thereof, and delight ourselves in hearing concerning him and meditating upon him; for the world and the human body, which stand in a mutual relation to each other, and every part and member of which is intended for a certain use, could by no means be constructed in such a skilful manner, if it did not derive its origin from a wise creator. You find in common life cases similar to this, viz. a watch or any other piece of machinery which is constructed with extraordinary skill, can never owe its origin to chance, or to a cause devoid of intelligence. Therefore seeing the excellency of a perfect work, we are convinced of the perfection of the great author thereof But we do not, like you, waste our time by moving our hands and feet, and our whole body, and by dancing, singing, and jumping in honour of images possessed of hands and feet and other members, which are either fancied in the mind or actually formed by hands; nor do we play like children in order to please such images.

If you say: It is evident from the construction of the world and of the human body, that there is an author of the world; but if the manner of his existence is unknown, how can we firmly believe in him?

স্পন্দন ও চেষ্টার দ্বারা শরীরের সর্ব্বত্রব্যাপক হইয়া যে জীব আছেন তাহাতে নিশ্চয় হইতেছে কিন্তু সেই যে জীব হইতে "আমি ও আমার" এই অভিমান হইতেছে এবং তাবৎ বস্তুর জ্ঞান জন্মিতেছে সে জীব কি প্রকার হয় ইহা জানা যায় না সেইরূপ বিশেষ রচনা ও নিয়মের প্রত্যক্ষদ্বারা বিশ্বব্যাপী এক জগতের কারণ আছেন তাহাতে নিশ্চয় হয় কিন্তু তেঁহ কি প্রকার হয়েন ইহা জানা যায় না এইরূপ অনেক বস্তু আছে যেমন কাল গগন প্রভৃতি ইহাতে নিশ্চয় আছে তাহা তোমরাও স্বীকার করিতেছ কিন্তু কি প্রকার হয় ইহা কেহ নির্ধারিত করিতে পারে না সেইরূপ এ স্থলেও জানিবা অর্থাৎ পরমেশ্বর আছেন ইহাতে নিশ্চয় হইয়া তাঁহার স্বরূপকে তন্নতন্নরূপে অন্বেষণ করিলে তেঁহ বাক্যমনের অগোচর হয়েন ইহাই মাত্র স্থির হয়।

যদি বল পরমেশ্বর বাক্য মনের অগোচর ইহা আমরাও স্বীকার করি কিন্তু যে বস্তু বাক্যমনের অগোচর হয় তাহার উপাসনা হইতে পারে না এ নিমিত্ত আমরা সাকার দেবতাকে ঈশ্বর বোধ করিয়া উপাসনা করি। উত্তর। যদি একজন অতি বালককালে দস্যুহস্তে পতিত হইয়া কোন ভিন্ন দেশে গমন করে সেই ব্যক্তি আপন পিতার নির্ণয় করিতে না পারিয়া ও পিতার উদ্দেশে কোন শ্রাদ্ধাদি করিবার সময়ে পশু পক্ষীকে পিতৃসম্বোধন করিয়া শ্রাদ্ধ কদাপি করিবেক না কিন্তু আপন জন্মদাতা এই শব্দ প্রয়োগ করিয়া ক্রিয়া সম্পন্ন করিবেক সেইরূপ এ স্থলেও জানিবা পরমেশ্বর কি প্রকার

I reply: On account of the motion and exertions of the body we do firmly believe, that there is a soul which pervades the same, though it is not known of what nature that soul is, through which we conceive the idea of personality, and obtain the knowledge of all things. In the same manner we are convinced, from a view of the creation and harmonious arrangement of the world, that there is an author of the world, who pervades the same, though we do not know of what nature he is. Thus we are persuaded of the existence of many things, as f.i. time, space, &c. which you yourselves allow, though nobody can accurately determine of what nature they are. Thus it is also in the present instance; viz. we are persuaded of the existence of the supreme God; but if we endeavour to find out his nature, we can only determine so much, that his nature can neither be comprehended by the mind, nor expressed by language.

If you say: We also grant that the nature of the supreme God can neither be comprehended by the mind, nor expressed by language; but that which is beyond the reach of the human mind and language, cannot be worshipped; therefore we consider gods possessed of a certain shape as God, and worship them accordingly;

I reply: If a person in his early youth should fall into the hands of robbers and be carried into a foreign country, and there should wish to perform Shraddha or any other ceremony in remembrance of his father, he will by no means, in case he was unable to ascertain the shape of his father, perform the ceremony by calling a beast or bird 'father'; but he will accomplish the rite by using such terms as are applicable only to the male author of his existence. Thus it is also in the present instance; though it cannot be ascertained of what nature

হয়েন তাঁহার উদ্দেশ পাওয়া যায় না কিন্তু তাঁহাকে জগতের কারণ ও বিশ্বের নিয়ন্তা ইত্যাদি প্রকার ভাবনা করিয়া উপাসনা কর্ত্তব্য হয় সুতরাং এইরূপ শ্রবণ মননকেই তাঁহার উপাসনা জানিবা কিন্তু আইস তুমি বইস তুমি বস্ত্র ও অঙ্গুরী প্রভৃতি গ্রহণ কর পুষ্পের আঘ্রাণ লও আহার কর পশ্চাৎ বিদায় হও এইরূপ যে খেলাকে তোমরা উপাসনা কহ সে পুতুলার উপাসনা বটে কিন্তু ইন্দ্রিয়াতীত পরমেশ্বরের উপাসনা নহে।

যদি বল সর্ব্বব্যাপি পরমেশ্বরের উপাসনা বেদান্ত সম্মত হয় কিন্তু ইহার অধিকার গৃহস্থের প্রতি নহে। উত্তর। তোমার এ কথা অত্যন্ত শাস্ত্রবিরুদ্ধ এবং যুক্তিবিরুদ্ধ হয় যেহেতু বেদে ও মনু যাজ্ঞবল্ক্য প্রভৃতি স্মৃতিতে এবং তন্ত্রাদি শাস্ত্রে গৃহস্থের প্রতি পরমেশ্বরের উপাসনার বিধি সর্ব্বপ্রকারে আছে সিদ্ধ পরম্পরা দ্বারা কেন না দেখ বৃহদারণ্যক উপনিষদে ইন্দ্র ও বিরোচন ব্রহ্মার নিকট জ্ঞান শিক্ষা করিলেন এবং মণ্ডুকোপনিষদে দেখ মহাগৃহস্থ যে শৌনক তেঁহ অঙ্গিরার নিকট ব্রহ্মজ্ঞানপ্রাপ্ত হয়েন ও ছান্দোগ্যে জানশ্রুতি রাজা ও শ্বেতকেতু ও গোতম জনক প্রভৃতি এ সকলেই গৃহস্থ হইয়া পরমেশ্বরের উপাসনাতে তৎপর ছিলেন। এবং যুক্তিদ্বারাতেও অনুভব করহ অন্য ২ আশ্রমে যেমন সুবোধ এবং নির্বোধ আছে সেইরূপ গৃহস্থের মধ্যেও বুদ্ধিমান এবং জড়বুদ্ধি আছে ঐ সকল জড়বুদ্ধিকে দুষ্কর্ম্ম হইতে নিবৃত্ত করিবার নিমিত্ত পুতুলা খেলার অনুমতি দিয়াছেন আর বুদ্ধিমানের জন্যে পরমেশ্বরের উপাসনার বিধি

the supreme God is, nevertheless he ought to be worshipped by thinking on him as the cause and the ruler of the universe. Thus to hear about and to meditate upon him is to worship him; but to make such sport as you do when you say: 'Come, sit down, put on clothes, rings, &c. smell this flower, eat, and then take your leave,' which you call worship, this is certainly image worship, but not worshipping the supreme God.

If you say: The Vedanta approves of the worship of the supreme omnipresent God, but this does not apply to householders;

I reply: This your assertion is quite contrary both to the Shasters and to reason; for in the Vedas, and in the Shmreetees of Manoo, Jagyabalkya and others, and in the Tantras and other Shasters, the worship of the supreme God is by all means inculcated upon householders.[11] Why do you not attend to authentic traditions? Is it not related in the Breehadaranyak Oopanishad, that Indra and Beerochan were instructed in the knowledge of the supreme God by Bramhu? And do you not see from the Moondak Oopanishad that Shounak, who was a great householder, acquired the knowledge of Bramhu from Angeera; and from the Chhandogya Oopanishad, that the king Janshrootee and Shwetoo, Ketoo, Gotam, Janak and others, who were all householders, were devoted to the worship of the supreme God? Moreover, it is a fact, that, as in all other communities, there are persons of a strong and of a weak understanding, thus also among householders, there are both sensible men and fools. Now in order to restrain all such fools from wicked practices, playing with images has been permitted to them; but upon sensible men the worship of the supreme God has been made obligatory. Accord-

দিয়াছেন। অতএব গৃহস্থ সকল বিশেষ মতে পরমেশ্বরের উপাসনাতে অধিকার রাখেন। তবে এ যথার্থ বটে পরমেশ্বরের উপাসনাতে গৃহস্থের অধিকার নাই লাভার্থি ব্যক্তি সকল এ কথা কহিয়া থাকেন ইহার কারণ স্পষ্টই উপলব্ধি হয় গৃহস্থেরা প্রায় ধনবান হইয়া থাকেন অতএব তাহাদের পুতুলার উপাসনা করাতে ঐ সকল পণ্ডিতেরদের অধিক লাভ আছে পরমেশ্বরের উপাসনায় সে লাভ নাই যেহেতু পুতুলার অলঙ্কার বস্ত্রাদি প্রদান ও আহারের নৈবেদ্য ও বৈকালি শীতল ও বাল্যভোগ ইত্যাদি তাহাদের লাভের জন্যে হইয়া থাকে এবং উৎসবাদি দিবসে পুত্তলিকার উদ্দেশে বিশেষ উপচার দিতে হয় এবং ব্রত মহোৎসব যাত্রা এবং স্বস্ত্যয়ন পুরশ্চরণ প্রভৃতি কর্ম্মেতে পুত্তলিকাসংক্রান্ত অনেক ব্যয় হয় ঐ সকল তাবৎ সামগ্রী ঐ লাভার্থি পণ্ডিতে পর্য্যাপ্ত হইয়া থাকে সুতরাং গৃহস্থেরা যত পুত্তলিকার উপাসনাতে মগ্ন থাকে তাহাদের ততই লাভের আধিক্য হয় মনুষ্য আপনার লাভের জন্যে ডাকাইতি এবং হত্যা ও চুরি করিয়া থাকে অতএব ঐ লাভার্থি পণ্ডিতেরা আপন লাভের নিমিত্ত গৃহস্থদিগকে প্রতারণা করেন ইহাতে কি বিচিত্র আছে।

যদি বল চিত্তশুদ্ধি না হইলে পরমেশ্বরের তত্ত্বকে জানিতে পারে না তবে যাহারা পরমেশ্বরের তত্ত্বকে জানিতে বাসনা করে এ সকলের কি চিত্তশুদ্ধি হইয়াছে। উত্তর। চিত্তশুদ্ধি যদি না হইত তবে পরমেশ্বরের উপাসনাতে তাহাদের প্রবৃত্তিই হইত না যেহেতু

ingly, the command of worshipping the supreme God, refers also strongly to all householders. This is true, that all persons greedy of lucre are wont to affirm, that the command of worshipping the supreme God does not refer to householders. But it is manifest what the reason thereof is; viz. mos householders are opulent people; accordingly these Pundits derive much profit from their worshipping images, whereas they derive none from the worship of the supreme God; for all the presents made unto the images, as jewels, clothes, &c. the offerings of food, the refreshments presented in the afternoon, the morning oblations, &c., all these things are for the profit of these men. Moreover on festival days peculiar presents must be made to the images, and a great expense must be incurred at the great festivals, and at the performance of the ceremonies called Shwastyayan, Poorashcharan, &c.; all this becomes the property of these covetous Pundits. Accordingly, the greater the number of images is to the worship of which householders are blindly given, the greater is the profit which these men derive from them. Now men commit robbery, murder and theft for their profits' sake; what wonder is it, therefore, that these covetous Pundits deceive householders in order to derive advantage from it?

If you say: Without purity of heart it is impossible to come to the knowledge of the real nature of the supreme God. Now are then all those among you who desire to come to the knowledge of the real nature of God, possessed of pure hearts?

I reply: If they were without some purity of heart, they would not even engage in the worship of the surpeme God; for the Shasters call purity of heart the

পরমেশ্বরের উপাসনাতে প্রবৃত্তির কারণ চিত্তশুদ্ধিকে শাস্ত্রে কহিয়াছেন অতএব পরমেশ্বরের উপাসনাতে প্রবৃত্তি দেখিলে নিশ্চয় হইবেক এ ব্যক্তির চিত্তশুদ্ধি অবশ্যই হইয়াছে আর পরমেশ্বরের উপাসনা করাতেই বিশেষরূপে চিত্তশুদ্ধি হয় এই হেতু তাঁহার সাধনে প্রবৃত্ত হওয়া গিয়াছে। কিন্তু চিত্তশুদ্ধি না হইলে উপাসনা করা অকর্ত্তব্য এ কথা তোমাদের মুখে শুনা অতি আশ্চর্য্য যেহেতু তোমাদের তান্ত্রিক মতে পুত্তলিকার উপাসনাতে লিখিয়াছেন। যথা ।।

"শান্তো বিনীতঃ শুদ্ধাত্মা শ্রদ্ধাবান ধারণক্ষমঃ।
সমর্থশ্চ কুলীনশ্চ প্রাজ্ঞঃ সচ্চরিতো যতী।
এবমাদিগুণৈর্যুক্তঃ শিষ্যো ভবতি নান্যথা" ।।

"যে ব্যক্তি জিতেন্দ্রিয় হয় এবং বিনয়ী হয় সর্ব্বদা শুচি হয় শ্রদ্ধাযুক্ত হয় ধারণাতে পটু ও শক্তিমান ও আচারাদিবিশিষ্ট ও সুন্দর বুদ্ধিমান্ ও সচচরিত্র ও সংযত হয় ইত্যাদি গুণবিশিষ্ট হইলে দীক্ষার অধিকারী হয় ইহার অন্যথা নাই"। অতএব জিজ্ঞাসা করি তোমাদের কোন্ ব্যক্তি এতাদৃশ লক্ষণাক্রান্ত হইয়া পুত্তলিকার উপাসনাতে প্রবৃত্ত হইয়াছে।

যদি বল তোমাদের ব্রহ্মোপাসনার কোন ধর্ম্ম হইতেছে না কেবল তোমরা আপনাদিগকে মিথ্যা করিয়া ব্রহ্মবাদী বলাইতেছ। উত্তর। আমাদের এই এক ধর্ম্ম পরমেশ্বরকে একমাত্র সর্ব্বব্যাপী সর্ব্বসাক্ষী করিয়া জ্ঞান করা এবং ইন্দ্রিয়ের দ্বারা অন্যের এবং আপনার অপকার না হয় এমত যত্ন করা এই দুই যথাসাধ্য আমাদের হইতে হয় এবং অভ্যাস ও যত্নদ্বারা ক্রমশঃ সম্পূর্ণ মত হইতে পারে কিন্তু তোমাদের কর্ম্মানুষ্ঠানে এবং পুত্তলিকার উপাসনায় যে ২ বিধি আছে তাহার কোটি অংশের এক অংশ তোমাদের হয় না অগ্নিহোত্র করা তোমাদের নিত্যধর্ম্ম তাহা কোন্ করিয়া থাকহ বলি

cause of any man's engaging in the worship of the supreme God. If you see therefore any man devoted to the worship of the supreme God, you may be sure that such a man is possessed of purity of heart; and a very high degree of purity of heart is the consequence of constancy in worshipping the supreme God; on this account we have devoted ourselves to his worship. But it is very singular to hear from you, that nobody ought to engage in acts of worship without being possessed of a pure heart, because your own Tantra Shaster speaks respecting image-worship as follows: 'He only who has his senses under his control, who is humble, always pure, devout, who has a strong memory and good abilities, who conducts himself with propriety, and who is possessed of a sound understanding, of a good temper, of prudence and similar good qualities, he only has a right to perform religious ceremonies; this is an unalterable rule.' Now I would ask you: Is there any of you possessed of all these qualities, before he engages in the worship of images?[12]

If you say: You do not at all practise the duties which the worship of Bramhu requires; you call yourselves falsely the worshippers of Bramhu;

I reply: Our religion consists in this, to consider the supreme God as one omnipresent and omniscient being, and to take care not to hurt ourselves or others by giving way to our sensual inclinations.[13] These two duties we have to fulfil as far as it lies in our power, and we are gradually enabled through exercise and exertion to fulfil them perfectly. But of all rites and ceremonies which your ceremonial law and image worship require, you do not observe the ten millionth part. You ought to preserve a perpetual fire: but who does this? Of the Balee

বৈশ্বদেব প্রাতঃস্নান নিত্য শ্রাদ্ধ ও সন্ধ্যা এবং অর্থের সহিত গায়ত্রী জপ ও ব্রত উপবাস আহারাদির নিয়ম ও ম্লেচ্ছ অন্ত্যজের সংসর্গ ত্যাগ এ সকলের কি ২ করিয়া থাকহ এতভিন্ন শাক্ত শৈব বৈষ্ণবাদির যে পৃথক ২ ধর্ম্ম ও নিয়মের ইয়ত্তা নাই তাহারি বা কোন্ ব্যক্তি কি করিয়া থাকে অতএব তোমাদের যে ধর্ম্ম তাহার লেশমাত্র তোমাদের হয় না অথচ অন্যের ধর্ম্মানুষ্ঠানে ক্রটি হয় ইহা দ্বেষপ্রযুক্ত আশঙ্কা করিয়া বিদ্রূপ কর।

যদি বল তোমরা এক প্রকারে পরমেশ্বরের উপাসনা করিতেছ আমরাও এক প্রকারে তাঁহার উপাসনা করিতেছি অতএব উভয় প্রকার উপাসনা যথার্থ হইলে আমরা উভয়েই চরিতার্থ হইব আর এক যথার্থ এক অযথার্থ ইহার প্রমাণ কি। উত্তর। আমরা জগতের কারণ করিয়া ঈশ্বরের উপাসনা করি অতএব এই আসাধারণ গুণ যাহাতে থাকিবেক তাহারি উপাসনা হইবেক সুতরাং আমরা কৃতার্থ হইব তোমাদের মতানুসারেও আমাদের হানি নাই যেহেতু যদি কালী জগতের কারণ হয়েন কিম্বা বিষ্ণু কিম্বা শিব জগতের কারণ হয়েন অথবা অন্য যে কেহ জগতের কারণ হয়েন তাহাতে আমাদের উপাসনা কদাপি ব্যর্থ হইবে না যেমন কাশীর রাজার নিকট ডাকে পত্র পাঠাইতে হইলে যদি পত্রে লিখ এ পত্র কাশীর রাজার নিকট পৌঁছিবেক তবে যে কোন ব্যক্তি কাশীর রাজা হউন তাহার নিকটে সেই পত্র পৌঁছিবেক কিন্তু যদি কাহারো বিশেষ নাম করিয়া লিখ

Boishwadeb, the bathing in the morning, the daily Shraddha, the three daily devotions, the repetition of the Gaytree, connected with meditation on the meaning thereof, the appointed fasts, the rules respecting eating and drinking, &c. the order of abstaining from all intercourse with foreigners and low-cast people, what do you observe of all these things? Besides these, who observes the various numberless rites and ceremonies which are incumbent upon the devotees of the female deities, and of Sheeva, Vishnoo and other deities? Accordingly, you do not observe the smallest part of your religious rites; nevertheless out of spite you accuse and reproach others for being deficient in acting up to their religious principles.

If you say: You worship the supreme God in a certain way, and we also worship him in a certain way; now if both ways of worshipping God are right, we both obtain the object which we seek for; and what proof is there, that one way is right, and the other wrong?

I reply: We worship God as the cause of the universe; accordingly we worship him, to whom this great work is justly ascribed. Consequently we must obtain our objects; even according to your own faith we cannot suffer any loss. For though Kalee should be the cause of the universe, or though Vishnoo, Sheeva, or any other should be the author of the world, yet our worship would on that account by no means be in vain. As for instance, if you want to send a letter by post to the king of Kashee (Benares), and you write on the cover: 'This letter is to be delivered to the king of Kashee,' then it will safely reach the king of Kashee, whosoever he be. But if you write on the cover the name of some particular person, and if that person is

আর সে ব্যক্তি কাশীর রাজা না হয় তবে পত্র তাহার নিকট পৌঁছিবেক না বরঞ্চ ফিরিয়া আসিবেক সেইরূপ এস্থলেও জানিবা নানামতে নানা ব্যক্তিকে জগতের কারণ কহিয়াছেন এমত সন্দেহস্থলে যে এক বিশেষ ব্যক্তিকে তোমরা জগতের কারণ করিয়া উপাসনা করহ সে যদি জগতের কারণ না হয় তবে তোমার উপাসনা নিরর্থক হইবেক কিন্তু আমাদের উপাসনা কদাপি ব্যর্থ হইবেক না।

যদি বল আমরা যে কোন সাকার দেবতার উপাসনা করি তেঁহ জগতের কারণ হউন কিম্বা না হউন আমরা বিশ্বাস পূর্ব্বক যাহার উপাসনা করিব তাহাতেই আমরা কৃতার্থ হইব যেহেতু বিশ্বাসই সকলের মূল হয়। উত্তর। এ অত্যন্ত অযথার্থ যেহেতু বিশ্বাস ধর্ম্ম বিশ্বাসকর্ত্তাতেই থাকে সে অন্য বস্তুর শক্তিকে অন্যথা করিতে পারে না যেমন বিষমিশ্রিত দুগ্ধকে দুগ্ধ বিশ্বাস করিয়া খাইলে সে দুগ্ধের গুণ করিবেক এমত নহে বরঞ্চ বিষের কার্য্য করিয়া যে পান করে তাহাকে নষ্ট করিবেক যেমন এক শিশু কিম্বা পতঙ্গ অগ্নিকে অতিপ্রিয় জ্ঞান করিয়া তাহাকে স্পর্শ করে কিন্তু অগ্নি তাহার বিশ্বাসের বিপরীতে অবশ্যই দাহ করিবেক এইরূপ সহস্র ২ উদাহরণ স্থল আছে অতএব একের বিশ্বাসদ্বারা বস্তুর শক্তি কদাপি অন্যথা হয় না সেইরূপ কোন নামরূপ নশ্বরকে জগতের কারণ বিশ্বাস করিয়া উপাসনা করিলে তাহার কারণত্বও সিদ্ধ হইবেক না তোমার উপাসনাও সিদ্ধ হইবেক না সে কেবল ভ্রমমাত্র। ইতি চতুর্থ প্রকরণ।

not king of Kashee, then the letter will not be delivered to the king, but will be returned to you. Thus it is also in the present instance. According to different sects different persons are said to be the authors of the world; yet notwithstanding the incertitude arising from such a difference of opinions, you consider one particular person as the author of the world, and worship him as such. Now if this person is not the author of the world, then your worship is without effect; but our worship can in no case be in vain.

If you say: Whether the god possessed of a shape whom we worship be the cause of the world, or not; whomsoever we may worship in faith, we shall obtain our object thereby; for faith is the foundation of all things;

I reply: This is altogether wrong; for the faith which a believer is possessed of cannot alter the nature of another thing; as if any body should drink milk mixed with poison, thinking it to be pure milk, it will by no means work like pure milk, but it will produce the effects of posion, viz. it will kill him who drinks it. Thus also if a child or a grasshopper should touch the fire, thinking it to be pleasant and beneficial, it will surely, contrary to their belief, burn them. There might thousands of such instances be adduced. Accordingly the nature of a thing can by no means be altered through that which a man believes respecting it. Thus if we believe any perishable being to be the cause of the world, and worship it as such, this being will not thereby become the cause of the world, nor will your worship have on that account any efficacy; all is mere delusion.

END OF THE FOURTH SECTION.

অথ পঞ্চম প্রকরণ।

যদি বল যাহার গুরু যাহা উপদেশ করিয়াছেন তাহাই সত্য সেই উপদেশানুসারে অনুষ্ঠান করিলেই কৃতার্থ হইবেক। উত্তর। যিনি শাস্ত্রসম্মত সদুপদেশ দেন তাহাকেই গুরু কহি যেহেতু গুরু লক্ষণে ও গুরুর প্রণামে কহিয়াছেন। যথা ।।

"অজ্ঞানতিমিরান্ধস্য জ্ঞানাঞ্জনশলাকয়া।
চক্ষুরুন্মীলিতং যেন তস্মৈ শ্রীগুরবে নমঃ" ।।

"জ্ঞানরূপ অঞ্জনের শলাকার দ্বারা অজ্ঞানরূপ অন্ধকারকে নষ্ট করিয়া যিনি চক্ষুর প্রকাশ করেন তেঁহ গুরু হয়েন তাঁহাকেই প্রণাম"।

অতএব প্রথমে শাস্ত্রসিদ্ধ গুরু হউন পশ্চাৎ তাঁহার উপদেশের দ্বারা কার্য্য দর্শিবেক কিন্তু যে ব্যক্তি জ্ঞান কাহাকে বলে তাহার লেশও জানে না কেবল পার্ব্বণী ও শীতুড়ীর ছলে ধন গ্রহণ করিবার জন্যে শিষ্য করে তাহার উপদেশ কেবল দুঃখ ও দুর্গতির কারণ হয় অতএব মহাদেব কহিয়াছেন। যথা ।।

"গুরবো বহবঃ সন্তি শিষ্যবিত্তাপহারকাঃ।
দুর্লভোহয়ং গুরুর্দেবিশিষ্যসন্তাপহারকঃ" ।।

"শিষ্যের বিত্তাপহরণ করে এমত গুরু অনেক আছে কিন্তু শিষ্যের মনের সন্তাপ দূর করেন যে গুরু তেঁহ অতিদুর্লভ হয়েন।

অতএব শাস্ত্রসম্মত পরমেশ্বরের পথকে উপদেশ করেন যে গুরু তাঁহার বাক্যে বিশ্বাস করিলে কৃতার্থ হইতে পারে নতুবা এক অন্ধ অন্ধ অন্ধকে পথ দেখাইলে উভয়েরি দুর্গতি হয় ইহা মণ্ডুকোপনিষদে কহিয়াছেন। যথা ।।

"অন্ধেনৈব নীয়মানা যথান্ধাঃ" ।।

অর্থাৎ "অজ্ঞান গুরু যে শিষ্যকে উপদেশ করেন সে অন্ধ কর্ত্তৃক নীয়মান অন্ধের ন্যায় হয় সুতরাং উভয়েই অন্ধ হয়েন"।

আর শাস্ত্রে লিখিয়াছেন গুরু জ্ঞান দিয়া একবার গুরুদক্ষিণা

SECTION V.

If you say: Whatever a Gooroo teaches his disciple, that is true; if we act according to his instructions, we shall obtain the object which we seek for;

I reply: I call him a Gooroo who gives good instructions which agree with the Shasters; for a real Gooroo is thus defined: 'He who by the application of the eyesalve of knowledge dispels the darkness of ignorance, and enlightens the eyes of the understanding, he is a Gooroo.' Let one first be a Gooroo according to the Shasters; then his doctrine will also be productive of the wished-for consequences. He that will profes-sedly instruct any body in true wisdom without possessing himself a spark of it, and makes only disciples in order to enrich himself through the presents which are offered at festival days, and through the warm clothes which are given him, his instructions produce only sorrow and misery. Therefore Sheeva has said, 'There is great abundance of such Gooroos as spoil their disciples of their wealth; but a Gooroo who delivers his disciples out of their troubles, is very rarely to be met with.' Accordingly, by placing confidence in the instruction of a Gooroo, who teaches the worship of the supreme God agreeably to the Shasters, eternal beatitude can be obtained; otherwise if one blind man lead another blind man, both will become miserable, as it is said in the Moondak Oopanishad: 'An ignorant Gooroo who attempts to instruct an ignorant disciple, is like a blind man who attempts to lead a blind man.' It is said in the Shasters, that a Gooroo may once receive a fee from his disciple, i.e. on his taking him under his spiritual care.

লইবেন কিন্তু আশ্চর্য্য এ দেখা যায় গুরু কখন পার্ব্বণী সাধিবার উপলক্ষে কখন পুত্রের উপনয়ন ও বিবাহাদির উপলক্ষে আসিয়া বৎসরের মধ্যে বারম্বার শিষ্যের মোষণ ও বিত্তাপহরণ করেন আর শিষ্যের মনোরঞ্জনের নিমিত্ত কহেন পুত্রে ও শিষ্যে সমান স্নেহ কিন্তু পুত্রের ধন শিষ্যকে দেন ইহা কখন দেখিলাম না কিন্তু শিষ্যের ধন লইয়া পুত্রকে সর্ব্বদাই দিতে দেখিতেছি।

যদি বল সগুণ উপাসনা করিলে পাপক্ষয় এবং চিত্তশুদ্ধি হয় অতএব সগুণ উপাসনা বিফল নহে সুতরাং আমরা করিয়া থাকি। উত্তর। যে সগুণোপাসনা করিলে চিত্তশুদ্ধি হয় সে সকল উপাসনা পাপক্ষয় করে এবং চিত্তশুদ্ধিও জন্মায় যেমন হৃদয়স্থ করিয়া পরমেশ্বরের উপাসনা করিতে হয় আর সূর্য্যমণ্ডলস্থ করিয়া উপাসনা করিতে হয় এবং চক্ষুঃস্থ ও ওঁকারের প্রতিপাদ্য করিয়া পরমেশ্বরের উপাসনা করিতে হয় কিন্তু যে উপাসনা তোমরা করহ অর্থাৎ এক স্ত্রীকে ও এক পুরুষকে মনেতে কিম্বা হস্তেতে নির্ম্মাণ কর ও তাঁহাদের স্ত্রী পুরুষের সম্ভোগ সর্ব্বদা ধ্যান করহ এবং কখন স্ত্রীর মানভঙ্গ করিতে পুরুষ দেবতাকে নাপিতের বেশধারণ করাও কখন যোগির বেশ ধারণ করাও কখন সেই স্ত্রী পুরুষকে নৌকাতে আরোহণ করাও কখন ২ একের উচ্ছিষ্ট তাম্বুল অন্যকে চর্ব্বণ করাও কখন ২ একের দ্বারা অন্যকে দন্তাঘাত করাও এ সকল ধ্যানের দ্বারা উপাসনা করিলে চিত্তশুদ্ধি হওয়া দূরে থাকুক কেবল অন্তঃকরণ কামাদিতে পরিপূর্ণ হওয়াতে চিত্তের অশুদ্ধি জন্মে

But it is very singular, that Gooroos do repeatedly in one single year extort money from their disciples, partly at the various festivals, partly under the pretence of intending to invest their sons with the brahminical thread, or to marry them, and under similar pretences. Nevertheless they tell their disciples, in order to gratify them, that they love them, as much as their own sons; but we never saw them give the property of their sons unto their disciples; on the other hand we see continually that they take the property of their disciples and give it to their sons.[14]

If you say: Since by worshipping God by means of sensible objects sin is expiated and the heart purified, this kind of worship is not useless: we therefore practise it;

I reply: It is true that the worship of God through sensible objects, as by considering him resident in the heart, or in the solar globe, or in the eyes or as signified by the term Om, is a mean of expiating sin and purifying the heart; but that kind of worship which you practise, viz. to form in the mind or with your hands a male and a female, and to think continually of that connubial intercourse which you imagine to subsist between them; and to think how the male, in order to appease the anger of the female, assumed sometimes the form of a barber, and sometimes of a Jogee,[1] how sometimes both entered into a boat, how sometimes one did chew the betle which the other had left, and how sometimes one did bite the other—I say, that kind of worship which consists in thinking of all this, does by no means purify the heart; on the contrary it excites only sinful lusts in the mind, and pollutes the soul. This is proved by experience,

ইহা প্রত্যক্ষ বটে এবং গীতাতেও লিখেন যে যাহার সর্ব্বদা ভাবনা করে তাহার সেই ২ কর্ম্মেই প্রবৃত্তি হয়। আর দেবতার নামোচ্চারণ ও তীর্থস্নান করিলে জ্ঞানকৃত কিম্বা অজ্ঞানকৃত পাপ ক্ষয় হয় এই সকল স্তুতিবাদ ও রোচনার্থ ফলশ্রুতিতে বিশ্বাস করিয়া নিঃশঙ্কাতে আপন ২ উপাসনার বলে পাপ করিয়া থাক অতএব তোমাদের এরূপ সগুণোপাসনাতে চিত্ত সর্ব্বদা মলিন হয় এবং পাপে সর্ব্বদা উৎসাহ জন্মে আর আপনারাই কহিয়া থাক যুধিষ্ঠির ছলে মিথ্যা কহিয়াছিলেন তাহার পর যদ্যপিও নিত্য গঙ্গা স্নান ও দেবতা নামোচ্চারণ ও অশ্বমেধাদি যজ্ঞ করিলেন তথাপিও সেই পাপ ভোগের নিমিত্ত নরকদর্শন করিতে হইল।

যদি বল যদ্যপিও জ্ঞানের অনুষ্ঠান পরমার্থসাধন বটে কিন্তু ইহার সাধনে লোকাচার বিরুদ্ধ হয়। উত্তর। আমরা সর্ব্বশাস্ত্রসিদ্ধ জগতের কারণ ঈশ্বরকে ঈশ্বর কহিয়া তাঁহার যথাসাধ্য শ্রবণ মনন করিয়া থাকি ইহাতে লোকাচার বিরুদ্ধ হয় তোমরা এ যে কহিতেছ সে অতি আশ্চর্য্য যেহেতু তোমরা মৃত্তিকার পুতুলাকে নানাপ্রকার ব্যভিচারের ভঙ্গীক্রমে রচনা করিয়া তাহাকে ঈশ্বর-বোধ কর এবং তাহার যে মন্দিরে তোমাদের স্ত্রীলোক পরম্পরা যাতায়াত করেন তাহাতে নানপ্রকারে স্ত্রীপুরুষঘটিত অদৃশ্য মূর্ত্তি সকল রচনা করিয়া রাখ ইহার সাক্ষী জগন্নাথের মন্দিরেই আছে এবং তোমাদের রথেতেও নানা অদৃশ্য মূর্ত্তি সকল রচনা করিয়া আবাল বৃদ্ধ বনিতা সন্দর্শন কর এবং প্রতিমা নির্ম্মাণ করিয়া তাহাকে

and it is also said in the Geeta, that a man is inclined to that of which he thinks always. Placing confidence in such exaggerating passages, in which is it said that sins which have been committed wilfully, or unintentionally, are expiated by pronouncing the name of a god, or by bathing in sacred places, you commit sin without fear. But you yourselves say, that after Jood'-histir had spoken an indirect lie, he was cast into hell, in order to receive the punishment due unto this sin, although he did not cease after having spoken the lie to bathe in the Ganges, and to pronounce the name of the gods, and although he offered up the sacrifice of a horse and other sacrifices. Accordingly, your system of worship through sensible objects pollutes the mind, and encourages the perpetration of sins.[15]

If you say: Although to seek after knowledge is indeed spiritual worship, yet it is contrary unto the established system of morals;

I reply: It is very singular that you declare it to be contrary unto the established system of morals, that we call him God, who is declared in all the Shasters to be the author of the world, and serve him as far as lies in our power, by hearing about and meditating upon him: while you consider as gods, images of earth, which represent persons in various shockingly obscene positions; and place in their temples, to which your women resort, all sorts of figures of men and women which are not fit to be looked upon. Proofs of this are to be found even in the temple of Jagannath. There are also various figures unfit to meet the eye upon the cars of your gods, which are looked upon by persons of all ages and sexes. And

দেবতা বোধ করিয়া তাহার নিকট নানাপ্রকার কটুবাক্য ও অশ্রাব্য গীত গাও এবং সর্ব্বসাধারণকে শুনাও এবং আপন ২ ইষ্ট দেবতার সং বানাইয়া যাত্রা দেখিয়া থাক এক ঘাটে পুণ্যের উদ্দেশ করিয়া সহস্র ২ স্ত্রী পুরুষ একত্র পরস্পর গাত্র সংস্পর্শপূর্ব্বক স্নান করহ এবং অশ্রাব্য গীত সকল ও অশ্রাব্য কথা সকল কথকের দ্বারা শুনাও এবং তাবৎ জাতির অন্নপঙ্গতে ভোজন করহ এবং যুবতী স্ত্রী-লোককে যুবা পুরুষের নিকট জ্ঞান শিক্ষা করিতে নিযুক্ত করহ এ সকল করিয়াও তোমরা কি লোকাচার বিরুদ্ধ করিলা না কিন্তু পরমেশ্বরের উপাসনা করিতে কহিলে তবেই বল লোকবিরুদ্ধ কর্ম্ম কিরূপে করি।

যদি বল পুরাণেতে এ সকল উপাসনার বিধি দিয়াছেন এই নিমিত্ত আমরা ঐ উপাসনা করি। উত্তর। পুরাণেতে যেমন এ সকল উপাসনার বিধি দিয়াছেন সেইরূপ উহাকে কাল্পনিকও করিয়া ঐ পুরাণে কহিয়াছেন অতএব কল্পনাকে সত্য জানিয়া কেন ইহলোক পরলোক হইতে পরিভ্রষ্ট হও ইহাকে বিস্তাররূপে প্রথম প্রকরণে লিখিয়াছি।

যদি বল তোমরা জগৎকে ব্রহ্মময় করিয়া জান তবে তোমাদের খাদ্যাখাদ্য ও গম্যাগম্যের বিবেচনা বৃথা হয়। উত্তর। পরমার্থতঃ এক ব্রহ্ম সর্ব্বত্র ব্যাপক হয়েন তাঁহারি সত্তাকে অবলম্বন করিয়া

when you have made an image, you consider it as God, and sing before it various obscene and abominable songs in the hearing of persons of all descriptions; and you employ persons to represent your favourite god, and amuse yourselves thereby. In order to acquire religious merit, thousands of males and females bathe together near a landing-place, so that their bodies touch each other; and you employ singers to sing the most obscene songs, and declaimers to use the most obscene expressions. Further, you eat in company with persons of all casts, and you appoint young men to instruct young women.[1] Now in doing all this, do you not act contrary to the established system of morals? Nevertheless, if you are exhorted to worship the supreme Being, you say: 'How should we act contrary to the established system of morals?'

If you say: This kind of worship is commanded in the Poorans, therefore we practise the same;

I reply: As this kind of worship is commanded in the Poorans, thus the very same Poorans declare the same also to be false. Why will you therefore, by taking falsehood for truth, make yourselves miserable in the present world, and in that which is to come? On this subject I have spoken at large in the first section.

If you say: As you consider all things as Bramhu, it is useless for you to make a difference between what is to be eaten, and what not, and with whom you associate and with whom not;

I reply: The subject considered spiritually, there is indeed but one all-pervading Bramhu, upon whose ex-

জগতের সত্তা হয় অতএব যে পর্য্যন্ত উপাধিতে আমরা আছি অর্থাৎ ঘটকে ঘটরূপে দেখি এবং পটকে পটরূপে দেখিয়া থাকি আর এক ইন্দ্রিয়ের কর্ম্ম অন্য ইন্দ্রিয় হইতে নির্ব্বাহ হইতে পারে না সে পর্য্যন্ত ঘটের কর্ম্ম ঘটের দ্বারা লইতে হইবেক এবং পটের কর্ম্ম পটের দ্বারা করিতে হয় এবং শুনিবার সময় কর্ণ দিয়া শুনিতে ও দেখিবার সময় চক্ষু দিয়া দেখিতে হয় এবং খাদ্যাখাদ্য ও গম্যাগম্যের নিয়ম শাস্ত্রানুসারে এবং পৃথক ২ দেশ নিয়মানুসারে নির্ব্বাহ করা যায় যেমন এক প্রভুর পাঁচ বালক রাখাল খেলাইবার সময় একজনকে রাজা একজনকে পাত্র একজনকে কোটাল একজনকে প্রজা একজনকে পুরোহিত করিয়া সংস্থাপন করে এবং যে পর্য্যন্ত সেই খেলাতে থাকে সে পর্য্যন্ত ঐরূপ পরস্পর মান্যমানকতা ব্যবহার করে কিন্তু মনেতে নির্দ্ধারিত জ্ঞানে আমরা এক প্রভুর সমান ভৃত্য হই সেইরূপ এ স্থলেও জানিবা এক পরমেশ্বরের সত্তাতে আমরা সকলেই স্থিতি করি পরমার্থতঃ এই নিশ্চয় আছে তথাপি লোকের নিয়মানুসারে ব্যবহার করা যায় পূর্ব্বাপর চারি যুগেই ব্রহ্মবাদিদের এইরূপ ব্যবহার আছে তাহার উদাহরণ মনু যাজ্ঞবল্ক্য ব্যাস বশিষ্ঠ পরাশর অথর্ব্বা অঙ্গিরস্ প্রভৃতি মহর্ষিরা এবং জনক শৌনক রৈক্ক প্রভৃতি সকলে ব্রহ্মপরায়ণ ছিলেন এবং গার্হস্থ্য করিয়াছেন ও রাজ্য করিয়াছেন কিন্তু আশ্চর্য্য এই তোমরা আপন ২ দেবতাকে পর্ব্বতের কিম্বা বনের এক পার্শ্বে রাখিয়া জগৎকে ব্রহ্ম ভাবে না জানিয়া পঙ্গতে একত্র হইয়া সকল জাতি আহার কর এবং খাদ্যা–

istence the existence of all things depends. Now as long as we see things as they appear to us, viz. as long as we see a pot as a pot, and a picture as a picture, and as long as the office of one sense cannot be performed by another sense, so long a pot must be used for the purpose for which pots are used, and a picture for the purpose for which pictures are used; and the ears must be employed when any thing is to be heard, and the eyes when any thing is to be seen; and with respect to eating and drinking, and to our whole conduct, we must follow the directions and fashions of the respective countries in which we live. As it is with five shepherd boys belonging to one master, who in a play are appointed by him, one to be a king, the second to be a minister, the third to be a police officer, the fourth to be a tenant, and the fifth to be a priest; and who, as long as the play lasts, conduct themselves according to their respective characters, though they are assured in their minds that they are equally the servants of one master, thus it is also in the present instance; though it is certain, if we consider the subject in a spiritual point of view, that we all subsist by the supreme God, yet we conduct ourselves according to the established rules of society. The worshippers of Bramhu have always in all four joogs conducted themselves in this manner. Instances of this are Manoo, Jagyavalkya, Vyasa, Bashisht'ha, Parashar, At'harva, Angira, and other eminent Reeshees; and Janak, Shounak, Roikka, and other kings, who all were worshippers of Bramhu, and nevertheless attended to their household affairs or governed kingdoms. But this is singular, that, though you consider all things as Bramhu, yet placing your gods near a hill or in a forest, you collect together in large crowds, and eat with persons of all casts, without paying any regard to what is to be eaten

খাদ্য বিবেচনা ত্যাগ কর এবং স্থান বিশেষে ও উপাসনা বিশেষে তোমাদের গম্যাগম্যের বিবেচনা থাকে না। আর তোমরা সর্ব্বদা কহ ॥ যথা ॥

"সর্ব্বং বিষ্ণুময়ং জগৎ" ॥ অর্থাৎ "সমুদয় জগৎ বিষ্ণুময়" ॥

অথচ কোন্ সর্ব্বত্র সমানভাব করিয়া থাকহ। এবং ॥

"স্ত্রিয়ঃ সমস্তাঃ সকলা জগৎসু" ॥

আর্থাৎ "সকল স্ত্রী ভগবতী হয়েন"। কিন্তু এ প্রমাণের অনুসারে তোমরা কোন্ ব্যবহার করিয়া থাকহ অথচ পরব্রহ্মের উপাসনা হইতে মনুষ্যকে নিবৃত্ত করিবার নিমিত্ত ব্রহ্ম সর্ব্বময় এ জ্ঞান করিলে খাদ্যাখাদ্য গম্যাগম্যের বিবেচনা বৃথা হয় এইরূপ বিতণ্ডা-বাদ করহ। আর জগতের কারণ যে ঈশ্বর তাঁহাকে ঈশ্বর কহিব না এই প্রতিজ্ঞা যে করিয়াছ আর মৃত্তিকা পাষাণ জল ও কোন ২ বৃক্ষ ও চিল প্রভৃতি পক্ষী ও শৃগালাদি পশু এ সকলকে ঈশ্বর কহিতে এবং আরাধনা করিতে যে প্রস্তুত আছ এবং অন্যকে উৎসাহ দিতে যে সর্ব্বদা উদ্যোগী হও এ মহাখেদের বিষয় বটে আর যদি কেহ তোমাদের এইরূপ মহা অজ্ঞানতা দেখিয়া শাস্ত্রের দ্বারা অথবা যুক্তির দ্বারা ঈশ্বরকে ঈশ্বর বোধ করিতে এবং তাঁহার আরাধনা করিতে তোমাদিগকে কহে তবে তাহার উপকারেতে উপকৃত না হইয়া বরঞ্চ শত্রুতা ও নানা কুৎসা করহ যেমন ইদানীন্তন এক ব্যক্তি তোমাদের বুঝিবার সুগমের নিমিত্ত বেদান্তাদি শাস্ত্রকে তোমাদের এতদ্দেশীয় ভাষাতে বিবরণ করেন তাহাতে কেহ ২ সেই শাস্ত্রের অর্থকে ঐ ভাষা বিবরণের দ্বারা বোধ করিয়া সেই বেদান্ত মতকে উত্তম জানিয়া তদনুসারে পরমার্থ সাধন করিতে যখন প্রবৃত্ত হয়েন তখন সেই ২ ব্যক্তিকে তাহাহইতে নিবৃত্ত করিবার নিমিত্ত কহিয়া থাকহ আঃ অমুকের মতকে তোমরা আশ্রয় করিয়াছ অথচ তোমরা সর্ব্বদা জান ঐ মত বেদ বেদান্তাদি দর্শন ও মন্বাদি

and what not; and neglect to observe, in particular places and acts of worship, your rules with regard to intercourse with the other sex; and you say continually, 'The whole world is Vishnoo.' But when do you ever consider all places as equal? Moreover you say: 'All women are Bhagabatee.' Yet when do you ever act according to this principle? Nevertheless, in order to turn away men from the worship of the supreme Bramhu, you bring forward such arguments as these, that if one believes Bramhu to be all in all, it is useless to regard the rules respecting diet and intercourse with the other sex. It is very melancholy that you have pledged yourselves not to acknowledge that God, who is the author of the world, as God; and that you are ready to call earth, stone, water, trees, kites and other birds, and jackals and similar beasts God, and worship them, and are always busy to excite others to it. And if any who sees you given up to so great a folly endeavours to persuade you by arguments deduced from the Shasters or from reason to acknowledge God as God, and to serve him only, you do not feel any obligation to such a person, but rather hate him and speak evil of him.[16] Thus there is now a person who has translated the Vedanta and other such Shasters into the vernacular language of this country, in order that you may easily be able to understand them.[17] Now when any by perusing these translations comes to understand the meaning of these Shasters, and finds the principles of the Vedanta excellent, and following them begins to practise a spiritual way of worship, then you endeavour to turn such a person away from it by saying, 'Oh you are become a follower of such or such a one;' though you know very well that these principles are founded on the Vedas, the Vedanta and other Darshans,[k] and the Smritees of Ma-

স্মৃতি এবং সর্ব্বশাস্ত্র সিদ্ধ হয় কিন্তু তোমাদের এরূপ কথনের প্রয়োজন এই সেই ২ ব্যক্তি ঐ উপাসনাকে এক আধুনিক ব্যক্তির মত করিয়া জানিলে তাহারা অবিশ্বাস করিয়া সেই মতের গ্লানি ও ত্যাগ করিবেক কিন্তু তাঁহাদের মধ্যে যে ২ ব্যক্তি সুবোধ আছেন তাঁহারা অবশ্যই বিবেচনা করিবেন মহাভারতকে কিম্বা রামায়ণকে যদি কেহ ভাষাতে বিবরণ করে তবে সেই মহাভারত ও রামায়ণ ঐ ভাষা বিবরণ কর্ত্তার মত হয় এমত নহে।

যদি বল ব্রহ্মোপাসনার প্রথম সোপান কর্ম্ম হয় তাহা না করিলে কিরূপে ব্রহ্মজ্ঞান সাধন হইতে পারে যেমন ক খ না লিখিয়া কি রূপে ব্যাকরণ পাঠের অধিকারী হইতে পারে। উত্তর। যে ব্যক্তি ক খ লিখে তাহার উদ্দেশ্য এই হয় ইহা সাঙ্গ করিয়া ব্যাকরণ আরম্ভ করিব এবং ক খ সাঙ্গ হইয়া ব্যাকরণ পড়িবার যোগ্য হইলে ক খ লিখিবার প্রতি আর যত্ন করে না সোপানের দ্বারা উপরে মনুষ্য উঠে কিন্তু সোপানে কেহ লগ্ন হইয়া থাকে না কিন্তু তোমাদের ইহার বিপরীত দেখি যেহেতু যে কাল্পনিক উপাসনাকে সোপান এবং ক খ লিখা কহ তাহাকে দশ বর্ষ বয়সে আরম্ভ করিয়া অশীতিবর্ষ মৃত্যু কাল পর্য্যন্ত ত্যাগ কর না এবং পরমেশ্বরের তত্ত্বকে বুঝিবার শক্তি হইলেও তাহাতে প্রবর্ত্ত হও না বরঞ্চ অন্য কোন ব্যক্তি প্রবর্ত্ত হইতে বাসনা করিলে তাহার প্রতি দ্বেষ করহ। আর পঞ্চম বর্ষ অবধি পুত্তলিকা লইয়া যে খেলা আরম্ভ কর মৃত্যু পর্য্যন্ত তাহাতে

noo and others, and upon all the Shasters. You say so only with the intention that such persons, imagining this kind of worship to be a modern invention, may disbelieve, renounce and despise these principles. But thóse among them who are better instructed, will surely be aware of this, that if any should translate the Mahabharat or Ramayan into the vernacular language, such a translator would not be on that account the author of the principles contained in these books.

If you say: The first step towards the attainment of a capacity for the worship of Bramhu is the observance of the rites and ceremonies (prescribed for the worship of images); if these are neglected, how is it possible to come to the knowledge of and to worship Bramhu? like as no man can enter upon the study of the Grammar, without having previously learnt the Alphabet.

I reply: Those who learn the Alphabet have the intention to begin the Grammar as soon as they have learnt it; and when they have learnt the letters and are qualified for the study of the Grammar, they do not exercise themselves any more in transcribing them. Men continue ascending on the steps of a staircase, but no body will ever remain standing upon it. But I see that you act in an opposite manner; for you begin to practise that false kind of worship, which you compare to a staircase, and to learning the alphabet, in the tenth year of your age, and do not leave it off till your death, though you should become 80 years old; and although you have sufficient abilities for understanding the nature of the supreme God, yet you do not apply to it; nay if you see another desirous of applying to it, you hate him.[18] By playing with images from your fifth year till your death,

মগ্ন থাকিয়া মনুষ্য জন্ম বিফলে যাপন কর। যে পুত্তলিকা আপন মুখের মক্ষিকাকে দূর করিতে পারে না এবং চোরে লইয়া গলাইলে তাহা হইতে আপনাকে রক্ষা করিতে পারে না এবং কোন এক আঘাত পাইলে খণ্ড ২ হইয়া যায় সে তোমাদিগের নিস্তার করিবেক ইহা নিশ্চয় করিয়া কালহরণ করিতেছ এবং মস্তকে নানা প্রকার বাঁকা ও সোজা তিলকমুদ্রা ও শরীরে ছাপামুদ্রা ও গলাতে কাষ্ঠভার এ সকল যমের শাসন হইতে তোমাদিগকে নিস্তার করিবেক ইহা বিশ্বাস করিয়া রহিয়াছ এ কেবল অত্যন্ত অজ্ঞানতার কারণ হয় অতএব পুনঃ ২ বিনয়পূর্ব্বক কহিতেছি জগতের কারণ সর্ব্বব্যাপি পরব্রহ্মেতে শ্রদ্ধা কর এবং তাঁহাকে প্রত্যক্ষ সকলের সাক্ষী জানিয়া দুষ্কর্ম্ম হইতে নিবৃত্ত হও এবং আপনার লাভের জন্যে যাহারা পুত্তলিকা খেলাতে তোমাদিগকে প্রবৃত্ত করাইতেছে তাহাদের বাক্যে বিশ্বাস করিয়া ইহলোকে হাস্যাস্পদ এবং পরলোকে অত্যন্ত দুঃখান্বিত হইও না এখনো সাবধান হও।

যদি বল আমরা দেবতা সকলকে পরব্রহ্ম বোধ করি এমত নহে কিন্তু পরব্রহ্ম প্রাপ্তির দ্বার জানিয়া ইঁহাদিগের উপাসনা করি যেমন রাজার নিকট যাইবার নিমিত্ত দ্বারির অনুবৃত্তি করিতে হয়। উত্তর। রাজার নিকট যাইবার নিমিত্ত যাহারা দ্বারির উপাসনা করে তাহারা ঐ দ্বারিকে সাক্ষাৎ রাজা করিয়া জানে না কিন্তু তোমাদের ইহার বিপরীত দেখিতেছি যাহার ২ উপাসনা কর তাহাকে সাক্ষাৎ ব্রহ্ম করিয়া জান। আর রাজার নিকট যাইবার নিমিত্ত দ্বারির উপাসনা করা উচিত বটে যেহেতু রাজা হইতে দ্বারী নিকটস্থ হয় অতএব সে

you throw away a human life. You waste your time by expecting salvation from images, which cannot keep away the flies from their faces, and which cannot preserve themselves from being stolen and molten, and which break to pieces, if they receive a blow; and you are guilty of exceedingly great folly, by believing that various and oblique strokes on your foreheads and marks on your body, and a burden of wood on your neck, will save you from the punishment which Jama inflicts upon you. Therefore I beseech you with all humility again and again: Believe in the supreme omnipresent Bramhu, the author of the world; and being duly sensible that he sees all which you do, abstain from that which is evil, and begin even now to take care, that by believing those who on account of their own interest excite you to play with images, you do not make yourselves the laughing-stock of mankind in this present world, and bring upon yourselves exceeding great misery in the world to come.

If you say: That we consider the gods as the supreme Bramhu, that is not the case; but we worship them, because we consider them as a door by which we come to the supreme Bramhu, as it is requisite to make one's reverence to the porter, in order to come unto the king;[19]

I reply: Those who make their obeisance unto the porter in order to come unto the king, do not consider the porter as the king himself. But I see that it is with you quite the contrary; for you consider those gods which you worship, as Bramhu. Further, it is quite right to make one's obeisance to the porter, in order to come unto the king, because the porter is nearer than

দূরস্থ রাজার নিকট প্রাপ্ত করাইবেক কিন্তু এখানে সে দৃষ্টান্ত কোনমতে হইতে পারে না যেহেতু পরমেশ্বর সর্ব্বব্যাপী সকলের অন্তর্যামি আত্মা স্বরূপ হয়েন অতএব তাঁহা হইতে কে নিকটস্থ আছে এবং তাঁহার প্রাপ্তির দ্বার করিয়া কাহাকে স্বীকার করিবা।

যদি বল এক পরমেশ্বর সকলের প্রাপ্তব্য হইয়াছেন তাহতে কেহ জ্ঞানের দ্বারা কেহ বা কর্ম্মের দ্বারা আর কেহ দেবতার উপাসনা দ্বারা তাঁহাকে প্রাপ্ত হয়েন যেমন এক রাজার বাটী তাহাতে নানা পথ দ্বারা লোক পোঁছিতেছে। উত্তর। নানা পথের দ্বারা পরমেশ্বর যে প্রাপ্তব্য হয়েন এ সর্ব্বথা অশাস্ত্র যেহেতু জ্ঞান ব্যতিরেকে পরমেশ্বর কোন মতে প্রাপ্তব্য হয়েন না ইহা বেদে এবং বেদান্তাদি শাস্ত্রে সর্ব্বদাই দৃঢ় করিয়া কহিয়াছেন। শ্রুতিতে লেখেন।।

"তমেব বিদিত্বাহতিমুক্তিমেতিনান্যঃ পন্থা বিদ্যতেহয়নায়"।

অর্থাৎ "কেবল সেই পরমাত্মাকেই জানিয়া জীব মুক্ত হয় মুক্তির নিমিত্ত অন্য পথ আর নাই"।

তবে যে কর্ম্ম বিশেষ ও উপাসনা বিশেষ শাস্ত্রে কহিয়াছেন তাহার প্রয়োজন আছে চিত্তশুদ্ধি হইয়া যাবৎ জ্ঞান সাধনে প্রবৃত্তি না হয় তাবৎ পর্য্যন্ত কর্ত্তব্য বটে কিন্তু তোমরা যেরূপ উপাসনা করিয়া থাক তাহাতে চিত্তশুদ্ধি হইবার বিষয় কি বরঞ্চ চিত্তকে মলিন করে সুতরাং তাহা পরমেশ্বরের প্রাপ্তিতে প্রতিবন্ধক হয় যেমন কেবল দক্ষিণ দিগে যদি রাজবাটী থাকে তবে কেবল পূর্ব্বাস্য হইয়া গমন

the king; so that he can bring one unto the king, who is not easily accessible. But this simile is quite inapplicable in the present case. For the supreme God is an omnipresent, all-pervading Spirit; what being therefore can be nearer to us than he himself, that we should have reason to consider him as a door by which we may come to the supreme Being?

If you say: The one supreme God may be found by all, though some find him by divine knowledge, others by the performance of rites, and others by worshipping the gods, like as people enter in by various ways into the house of one and the same king;

I reply: This is entirely against the Shasters, that the supreme God may be found in various ways; for the Vedas, the Vedanta and all other Shasters declare every where quite decisively, that the supreme God can by no means be found in any other way, except through knowledge, as f.i. in the following passage: 'Only by the knowledge of this supreme Spirit salvation of the soul is obtained; there is no other way of obtaining salvation.' The rules relating to particular rites and ceremonies, and to particular modes of worship, which are laid down in the Shasters, are certainly necessary and must certainly be observed, as long as the soul is not become pure, and divine knowledge together with a spiritual way of worship is not sought after. But that kind of worship which you practise, how can this contribute any thing towards the purification of the soul? On the contrary the soul is polluted thereby, and it proves consequently an impediment in coming to the supreme God. Thus if a royal palace is in the South, and a man would go only towards the East,

করিলে কোটি বৎসরেও তাহার প্রাপ্তি হয় না।

যদি বল ব্রহ্মজ্ঞান সাধন মনের ব্যাপার এবং আমরা সাকার দেবতার যে ধ্যান করি তাহাও মানস ব্যাপার হয় অতএব ব্রহ্ম-জ্ঞানের দ্বারা যেমন কৃতার্থ হওয়া যায় সেইরূপ সাকার উপাসনার দ্বারাতেও কেন কৃতার্থ না হওয়া যায়। উত্তর। ব্রহ্ম জগতের কারণ হয়েন ইহা আমাদের মনের ভাবনার অপেক্ষা করে না যেমন রজ্জুর রজ্জুরূপে স্থিতি ইহা আমরা ভাবনা করিলেই হইবেক এমত নহে যেহেতু সিদ্ধ বস্তু পুরুষের ভাবনার অপেক্ষা করে না কিন্তু রজ্জুতে সর্প জ্ঞান না হইয়া যথার্থ জ্ঞান হইলে ভ্রম জন্মিতে পারে না অতএব ব্যক্তি চরিতার্থ হয় সেইরূপ নশ্বর জগতের কোন এক অংশকে জগতের কারণ বোধ করা এ ভ্রম জ্ঞান হয় কিন্তু সেই জগতের কারণকে কারণরূপে নিশ্চয় করিলে পুরুষ কৃতার্থ হয় কিন্তু তোমরা যেরূপ দেবতার ধ্যান করিয়া থাকহ সে কেবল তোমা-দের মনের কল্পনা মাত্র যেহেতু মনেতে সেই ২ দেবতার মস্তক রচনা করিতেছ মুখ নাসিকাদি দিতেছ হস্তপাদাদি বিন্যাস করিতেছ এবং বস্ত্র মাল্য আভরণ ইত্যাদি তাহাতে সংলগ্ন করিতেছ নানা উপচার মনে রচনা করিয়া তাহাকে দিতেছ যে দিবস কর্ম্মে ব্যস্ত থাকহ সে দিবস কোন অঙ্গ রচনা হয় কোন অঙ্গ রচনা হয় না

he might go even 10 millions of years, and yet would never come to it.

If you say: The knowledge and worship of Bramhu is an occupation of the mind, and the meditation on gods possessed of a shape which we practise is also an occupation of the mind. Now as by the knowledge of Bramhu salvation is obtained, why should not also in the same manner salvation be obtainable by the worship of gods possessed of a shape?

I reply: That Bramhu is the author of the world, this does not at all depend upon our notions; in the same manner as a rope will not be a rope, because we consider it so; for the existence of a thing does not depend upon men's considering it as existing. But if a rope is not considered as a serpent, but as that which it really is, this cannot be productive of any error; and therefore a person (who employs it for some purpose) will obtain the object which he has in view. In the same manner it is an idea productive of fatal mistakes, if a part of the world which is not God is considered as the divine author of the world. But if a person consider the author of the world as the author thereof, he will obtain the object which he has in view (viz. salvation). But the gods on which you meditate are but the fictions of your own mind. For you form in your mind the head of such and such a god—give him a mouth, nose, &c.—endow him with hands, feet and other limbs—deck him with clothes, beads and trinkets—and prepare in your mind various presents which you offer to him. When your attention is engrossed by some worldly affair, some limbs are finished, and other limbs remain unfinished. In the mean while, if any

ইতিমধ্যে কোন লোক কথা কহিলে কিম্বা কোন অন্য কর্ম্মে মনের সংযোগ হইলে সেই সকল কল্পিত মূর্ত্তি এককালে ধ্বংস হইয়া যায় পুনরায় তাহাকে মনের দ্বারা কল্পনা করিয়া উপস্থিত করিতে হয় এইরূপ সেই মনের কল্পিত মূর্ত্তিকে দিবসে কতবার ভাঙ্গিতেছ কতবার গড়িতেছ যেমন যে কোন মনুষ্য কিম্বা স্থাবর বস্তু প্রত্যক্ষে না থাকে তাহাকেও মনেতে কল্পনা করিয়া গড় আর অন্য দিকে মনঃসংযোগ হইলে তাহাকে পুনরায় ভঙ্গ কর অতএব ঐ দেবতার মূর্ত্তির মনেতে কল্পনা করা আর ঐ মনুষ্য স্থাবরাদির আকারকে মনতে কল্পনা করা এ উভয়ের কি প্রভেদ আছে। মনেতে ঐ দেবতার মূর্ত্তি নির্ম্মাণ করিয়া মনেতে ভঙ্গ কর এবং হস্ত পাদাদি দ্বারা নির্ম্মাণ করিয়া হস্ত পাদাদির দ্বারা তাহাকে ভঙ্গ কর অতএব এ রূপ যে তোমাদের মানস উপাসনা সে কেবল মানস খেলা মাত্র যখন যেরূপে চাহ তখন সেইরূপে উৎপন্ন কর আর সেই আপনার উৎপন্ন করা নশ্বর বস্তু হইতে মুক্ত ও কৃতার্থ হইতে চাহ। অতএব মহা-নির্ব্বাণে লিখেন। যথা ।।

"মনসা কল্পিতা মূর্ত্তির্নৃণাঞ্চেন্মোক্ষসাধনী।
স্বপ্নলব্ধেন রাজ্যেন রাজানো মানবাস্তদা" ।।

অর্থাৎ "মনের দ্বারা কল্পিত যে মূর্ত্তি সে যদি মনুষ্যের মুক্তির কারণ হয় তবে স্বপ্নে রাজ্য পাইলে ব্যক্তি সকল রাজা কহাইতে পারে"।

এ ভ্রমের পর্য্যবসান নাই আপনি যাহাকে মনে গড়িতেছে এবং ভাঙ্গিতেছে তাহাকে আপনার ঈশ্বর জানিয়া তাহা হইতে ধর্ম্মার্থ কাম মোক্ষের প্রার্থনাও করে। আর প্রত্যক্ষ দেখিতেছ যাহার কখন বুকে বসিয়া কখন বা যাহাকে পাদদ্বারা গ্রহণ করিয়া নির্ম্মাণ করে এবং অস্ত্রের দ্বারা বিদীর্ণ করে ও যাহাকে খোদে এবং চাঁছে ও

body should enter into a conversation with you, or if the mind should become engaged in any thing else, then this whole fancied image is all at once destroyed, and you are obliged to form it again in your mind. How often does it happen in this manner, in the course of one single day, that you break as it were an image which you have thus made in your mind; and that you form the same image again? It is here just as when you represent to your mind any man, or lifeless thing which is not before your eyes, the image whereof is as it were broken, when your attention is diverted to some other object. Now what difference is there between forming in your mind the image of such gods, and between representing to your mind the shape of such a man or lifeless thing? You form in your mind the image of such gods, and break it as it were in your mind; and you form it with your hands and feet, and break it again with your hands and feet. This mental worship of yours is only a mental play. You form such an image at what time and in what manner you wish, and then you expect salvation and happiness from such a destructible thing of your own formation. On this account it is written in the Mahanirban, 'If an image which is a fiction of a man's own mind, becomes the cause of a man's salvation; then all those who obtain a kingdom in a dream, can justly call themselves kings.' This self-deception knows no bounds. Beings which they themselves form and break in their mind, they consider as their gods; and pray to these imaginary beings to enrich them with holiness, wealth, prosperity and eternal beatitude. You see evidently, that beings which they form sitting sometimes upon their breasts, and sometimes holding them with their feet, and which they scrape with their tools, and which they carve and polish,

মক্ষিকাদি নানা অপবিত্র দ্রব্যেতে বসিয়া ওই অপবিত্র দ্রব্যের সহিত যাহার মুখে ও শরীরে বসে তাহাকে জগতের ও আপনার ঈশ্বর জ্ঞান করিয়া তাহার নিকট বর প্রার্থনা করে অতএব এরূপ অজ্ঞানকে জাগ্রদবস্থায় আনিতে পারে এমন শক্তি কাহার আছে পশুসকলও স্থাবরকে স্থাবরজ্ঞান ও পাষাণকে পাষাণজ্ঞান করে জলকে জলবোধ ও পশুকে পশুবোধ করিয়া থাকে কিন্তু যে ব্যক্তি কোন ২ বৃক্ষকে দেবতা ও কোন ২ পাষাণকে পরমদেবতা ও কোন ২ জলকে সর্ব্বারাধ্য দেবতা ও শৃগাল বানর প্রভৃতিকে দেবতার প্রতিনিধি জ্ঞান করিয়া তাহার আরাধনা করে সে ব্যক্তি কিরূপে আপনাকে মনুষ্য বলাইতে ও পশুকে তুচ্ছ করিতে পারে।

যদি বল আকারবিশিষ্ট সকল নশ্বর হয় ও পরমেশ্বর আকার রহিত হয়েন তবে নিরাকার হইতে সাকার সৃষ্টি কি প্রকারে হইতে পারে যেহেতু আকাররহিতের ক্রিয়া সম্ভব নহে। উত্তর। বায়ু অদৃশ্য হইয়া গমন ও উত্থানাদি ক্রিয়া নিষ্পন্ন করে ইহা প্রত্যক্ষ দেখিতেছি এবং মন জাগ্রৎ অবস্থাতে বিবিধ প্রকার সৃষ্টি করিতেছে অথচ মন সর্ব্বমতসিদ্ধ নিরাকার হয় এবং জীব স্বপ্নেতে কত প্রকার হস্তি অশ্ব প্রভৃতি সৃষ্টি করেন অতএব বিশুদ্ধ যে পরমাত্মা তেঁহ যে জগতের সৃষ্টি করেন ইহাতে কি বিচিত্র আছে। এবং বেদে লিখিয়াছেন ।। যথা ।।

"আত্মনি চৈবং বিচিত্রা (শক্তিরেব) হি" ।।

"আকারহীন জীবেতে নানাপ্রকার সৃষ্টি করিবার শক্তি দেখিতেছি"। অতএব সর্ব্বশক্তিমান নিষ্কল যে পরমেশ্বর তেঁহ ইচ্ছা-

and upon whose face and body flies and other insects, when they have been before sitting upon various unclean things, deposit such uncleanness, they consider as the Lords of the world and their own Lords, and pray to them for what they wish to have. Now who is capable of bringing such stupid people to their senses? Even brute beasts consider lifeless substances as lifeless substances, and stones as stones, and water as water, and beasts as beasts. But how can such a person call himself a man and despise the beasts, who considers trees as gods, stones as supreme gods, the water of some rivers or tanks as a universally adored god, and jackals, monkeys and similar beasts as representatives of gods, and worship them accordingly?

If you say: If all material things are destructible, and if the supreme God is immaterial, then how could material things be created by an immaterial being? For it is impossible that an immaterial being should produce a material object?

I reply: We have sensible proofs, that the wind, though it be invisible, moves and lifts up things and produces other effects; and the mind, when in a state of wakefulness, produces a great variety of objects; nevertheless the mind is universally acknowledged to be immaterial. And how many elephants, horses and other things does the soul produce in dreams? What is it therefore to be wondered at, that the perfect supreme Spirit should have created the universe? It is also written in the Vedas: 'We see that the soul, which is immaterial, has the power of creating a variety of objects.' What wonder is it therefore that the almighty supreme God, who is altogether free from all pollution

মাত্রে জগতের সৃষ্টি করিবেন ইহাতে কোন্ আশ্চর্য্য।

যদি বল ব্রহ্ম সর্ব্বশক্তিমান ইচ্ছাধীন সকল করিতে পারেন তবে তাঁহার ইচ্ছাধীন কোন বিশেষ কর্ম্মের জন্যে সাকার হওয়াতে কি বিচিত্র আছে। উত্তর। জগতের সৃষ্ট্যাদি বিষয়ে ব্রহ্ম সর্ব্বশক্তিমান হয়েন অর্থাৎ যাহা অন্যের অসাধ্য তাহা পরমেশ্বর করিতে পারেন কিন্তু তাঁহার যে সকল ব্রহ্মধর্ম অর্থাৎ নিত্যত্ব সর্ব্বজ্ঞত্ব বিভুত্ব বিকাররাহিত্য নিষ্কলত্ব ও সমভাবে স্থায়িত্ব ও হ্রাসবৃদ্ধিশূন্যত্ব ইত্যাদি ধর্ম্ম তাহার কখন অন্যথা হইবার সম্ভাবনা নাই অতএব তেঁহ সাকার হইলে এ সকল ধর্ম্মের অন্যথা হয় যেহেতু সাকার বস্তু অত্যন্ত বৃহৎ হইলেও দিক্ কাল আকাশের ব্যাপ্য হয় সুতরাং তাঁহার সর্ব্বব্যাপকত্ব থাকে না এবং যে সাকার বস্তু দৃষ্টিগোচর হয় তাহার ধ্বংস আছে সুতরাং তাহার নিত্যত্ব থাকে না এবং সমভাবে স্থায়িত্ব থাকে না আর অনিত্য ও ব্যাপ্য (অর্থাৎ পরিমেয়) বস্তু সর্ব্বজ্ঞ হইতে পারে না। আর তুমি আপনিই কহিতেছ তেঁহ ইচ্ছাধীন সকল করিতে পারেন সুতরাং অসুরবধ ও ভূমির ভারহরণ তাঁহার ইচ্ছামতে হইতে পারে তবে ঐ সকল কার্য্যের সম্পন্ন হওয়া ঈশ্বরের আকার গ্রহণ বিনা হইতে পারে না ইহা স্বীকার করাতে নিরর্থক গৌরব হয়।

যদি বল পুরাণে লিখিয়াছেন দেবতাদের রূপ অপ্রাকৃত কেবল

with matter, by his mere will should have created the world?

If you say: Bramhu is almighty, he can do whatsoever he will; why should it therefore be thought strange, that on account of a particular design which he wished to accomplish, he should have assumed a certain shape?

I reply: Bramhu is almighty in what concerns the creation, preservation and government of the world; that is, what is impossible with others, that is possible with the supreme God. But it is impossible that with regard to his divine attributes, viz. his eternity, omniscience, omnipresence, freedom from all evil passions, immateriality, immutability and such like attributes any change should ever take place. Now if he would assume a shape, such a change in these attributes would take place; for though a thing possessed of a shape should be exceedingly large, yet it is always comprehended within the bounds of space, time and the atmosphere; consequently it would not comprehend all things in itself (would not be omnipresent). Further, all corporeal things which are seen, are subject to destruction; consequently such a thing could not be eternal and immutable; and a being of a finite existence and extent cannot be omniscient. Moreover you yourselves say, that he can do whatsoever he will; consequently he can destroy the Asoors (wicked spirits), and deliver the earth from her miseries, by his mere will. You assume therefore more than is necessary and contradict yourselves, if you say that God could not accomplish all these things without assuming a shape.

If you say: The Poorans declare that the gods have

ভক্তজনের চক্ষুগোচর হয়। উত্তর। যাহার রূপ আছে সে প্রাকৃত হয় সুতরাং তাহার নানা অবস্থা হয় তবে পুরাণে অপ্রাকৃত বলিয়া যে লিখেন তাহার তাৎপর্য্য এই সে সামান্য প্রাকৃত নহেন যেমন ।।

"পঞ্চনামপি যো ভর্ত্তা নাসৌ প্রাকৃতমানুষঃ" ।।

"যে ব্যক্তি পাঁচ জনের প্রতিপালন করে সে প্রাকৃত মনুষ্য নহে"। যদি বল চৈতন্য সম্প্রদায়ের বৈষ্ণবেরা কহেন কৃষ্ণের এবং গৌরাঙ্গের শরীরের আভা পরব্রহ্ম হয়েন। উত্তর। ব্রহ্মা অবধি কীট পর্য্যন্ত সকলেই ব্রহ্মময় হয়েন অতএব কি কীট কি কীটের শরীরের স্ফূর্ত্তি কি কৃষ্ণ কি কৃষ্ণশরীরের আভা ব্রহ্ম ভিন্ন নহে। কিন্তু তোমার কথার অনুসারে তোমার প্রতি দোষ উপস্থিত হয় যেহেতু তুমি কহিলা কৃষ্ণের আভা ব্রহ্ম হয়েন কিন্তু কৃষ্ণ ব্রহ্ম নহেন তবে কৃষ্ণের উপাসনা বৃথা হয় যেহেতু শাস্ত্রে ঈশ্বরের উপাসনা করিতে কহিয়াছেন সুতরাং যে ঈশ্বর নহে তাহার উপাসনা করা নিষ্প্রয়োজন হয়।

যদি বল "অহরহঃ সন্ধ্যামুপাসীত" ।। অর্থাৎ "প্রত্যহ সন্ধ্যা করিবেক" ।। এই বিধি শাস্ত্রে দিয়াছেন এবং নিত্যনৈমিত্তিক কর্ম্ম করিবেক ইহাও কহিয়াছেন অথচ তোমরা তাহার অনুষ্ঠান কেন না কর। উত্তর। আমরা প্রণব ও গায়ত্রী জপের দ্বারা ব্রহ্মের

no material shape, that they can be seen by their worshippers only;

I reply: Every shape is material, and consequently liable to changes; accordingly the Poorans, in ascribing to the gods an immaterial shape, mean only that their shape is not so grossly material, as that of other material objects; as it is said in the Poorans, 'A man who supports five persons is not a material man.'

If you say: The devotees of Vishnoo, who belong to the sect established by Choitanya, say: 'The light proceeding from Krishnoo's and Gouranga's body is the supreme Bramhu;'

I reply: All beings, from Bramha down to the lowest insect, are full of the Deity; therefore the insect as well as the splendour of its body, and Krishnoo as well as the light proceeding from his body, are not different from the Deity. You are therefore culpable according to your own assertion: for you said that the light proceeding from Krishnoo's body is Bramhu, not Krishnoo himself; therefore your worship of Krishnoo is in vain. For the Shasters command us to worship God; consequently we ought not to worship any thing, which is not God.

If you say: It is commanded in the Shasters to perform every day the three regular devotions directed to the Sun, and also to observe all ceremonies, which are to be practised daily or on certain occasions. Why do you, notwithstanding these injunctions, neglect to perform these duties?

I reply: We worship Bramhu by repeating the Pranab and Gaytree,[20] or by hearing and meditating

উপাসনা করি অথবা উপনিষদাদির শ্রবণ মনন দ্বারা উপাসনা করি তাহা করিলে তাবৎ নিত্যনৈমিত্তিক কর্ম্মের অনুষ্ঠান সিদ্ধ হয়। মণ্ডুকে যেমন কহিয়াছেন ।। যথা ।।

"তমেবৈকং জানীত আত্মানমন্যাবাচো বিমুঞ্চত"।

অর্থাৎ "কেবল সেই এক আত্মাকে জান অন্য বাক্য ত্যাগ কর"। আর মনুও কহিয়াছেন ।। যথা ।।

"যথোক্তান্যপি কর্ম্মাণি পরিহায় দ্বিজোত্তমঃ।
আত্মজ্ঞানে শমেচ স্যাৎ বেদাভ্যাসেচ যত্নবান্" ।।

অর্থাৎ "যিনি বিশিষ্ট ব্রাহ্মণ তিনি শাস্ত্রোক্ত কর্ম্ম পরিত্যাগ করিয়াও ব্রহ্মোপাসনা ও ইন্দ্রিয়নিগ্রহ ও বেদের উপনিষদাদির অভ্যাসে যত্ন করিবেন"।

এবং চিত্তশুদ্ধির নিমিত্ত নিষ্কাম হইয়া বর্ণাশ্রম বিহিত নিত্য নৈমিত্তিক কর্ম্মের অনুষ্ঠান যথাশক্তি করিতে আমাদের বাধা নাই কিন্তু তোমাকে জিজ্ঞাসা করি ।।

"আত্মাবা অরে দ্রষ্টব্যঃ শ্রোতব্যো মন্তব্যো নিদিধ্যাসিতব্যঃ"।

"অর্থাৎ হে মনুষ্য পরমাত্মাকেই দর্শন শ্রবণ মনন ধ্যান করা তোমার উচিত হয়"।

আর "আত্মানমেব লোকমুপাসীত"।

অর্থাৎ "সর্ব্বব্যাপি আত্মার উপাসনা করিবেক"।
আর "আত্মেত্যেবোপাসীত"। "আত্মাকে জানিয়া উপাসনা কর"। আর "তমেবৈকং জানীত আত্মানং"। "সেই এক আত্মাকে জান"। ইত্যাদি বিধিপ্রাপ্ত যে আত্মোপাসনা তাহার অনুষ্ঠান তুমি কর না ইহার কারণ কি।

যদি বল ব্রহ্মোপাসনার উপদেশে মারণ উচ্চাটনাদি ষট্ কর্ম্মের অনুষ্ঠান কিছুই নাই সুতরাং এ ধর্ম্মে লোকের বিশ্বাস কি রূপে হইতে পারে। উত্তর। সত্য যে পরব্রহ্মের উপাসনা তাহার সহিত সর্ব্বপ্রকারে মিথ্যা যে মারণ উচ্চাটন তাহার প্রয়োগের একত্র হওয়া নিতান্ত অসম্ভাবিত হয় সুতরাং ব্রহ্মোপাসনার উপদেশে মারণ উচ্চাটনাদি বিধানের কোন সম্পর্ক থাকে না কিন্তু যে সকল বঞ্চকেরা তোমাদিগকে পুত্তলিকার আরাধনাতে প্রবৃত্ত করিয়া তোমাদের ধন মোষণ করিয়া ইহলোক ও পরলোক হইতে পরিভ্রষ্ট

on the Oopanishads and other shasters containing the same doctrines. By doing so, all ceremonies which must be practised daily or on certain occasions are virtually performed; As it is said in the Moondak Oopanishad, 'Strive after the knowledge of one supreme Spirit, and forsake all other doctrines;' and as Manoo says: 'Though you may neglect to perform the ceremonies prescribed in the Shasters, yet you must be diligent in worshipping Bramhu, in subduing your sensuality, in repeating the Pranab, and in studying the Oopanishads and other Shasters of similar contents.' Moreover, we are not forbidden to perform as much as lies in our power those daily and occasional ceremonies which are required by our stations, in order to obtain purity of heart. But I would ask you: As you are commanded to worship the supreme Being, why do you not practise it?

If you say: The system of the worship of Bramhu gives not the least instruction respecting the performance of the six acts,[1] destroying life, putting to confusion and the rest. How can therefore men embrace this system?

I reply: This is true, that the worship of the supreme Bramhu cannot possibly subsist together with the practice of such gross superstitions as the ceremonies which are used for the purpose of destroying life, putting to confusion, &c., consequently the system which teaches the worship of Bramhu, has nothing at all to do with the rules by which it is imagined that these six objects may be attained. But those impostors, who by exciting you to the worship of images extort money from you, and make you miserable in the present world,

করে সেই সকল প্রতারকেরা অধিক লাভার্থী হইয়া কখন তোমাদের কামনা পরিপূর্ণ করিয়া দিবেক এই ছলে স্বস্ত্যয়নের আড়ম্বর করে আর কখন বা তোমাদের অত্যন্ত বিপৎকাল উপস্থিত হইলে ঐ সকল নির্দ্দয় প্রতারকেরা বিপদ হইতে উত্তীর্ণ করিবার প্রত্যাশা দিয়া ধনাপহরণ করে কোন ব্যক্তির পুত্র মৃতপ্রায় হইলে দয়া করা দূরে থাকুক বরঞ্চ উপার্জ্জনের সময় পাইয়া স্বস্ত্যয়ন ছলে তাহাকে ধনে প্রাণে নষ্ট করে যদি সে পুত্রের কাল হয় তবে স্বস্ত্যয়নের প্রতি কি জানি যদি তাহার অশ্রদ্ধা হয় এ আশঙ্কায় কোন প্রতারক কহে ক্রিয়াতে অঙ্গবৈগুণ্য হইয়াছিল এ নিমিত্ত রক্ষা পাইলেক না আর কেহ কহে ক্রিয়া বিফল হইবেক না ঐ পুত্রের সদ্‌গতি হইবেক। আর যে কোন দরিদ্রের ঔষধ পথ্যের নিমিত্ত ব্যয় করিবার এক টাকারো সঙ্গতি নাই এমত লোকের যখন গৃহিণী কিম্বা পুত্রাদি পীড়িত হয় তখন তাহার জলপাত্র ভোজনপাত্র বিক্রয় করাইয়া অল্প ব্যয় সাধ্য গ্রহপূজাদি স্বস্ত্যয়ন করে কিন্তু মহা খেদের বিষয় এই যে ব্যক্তি আপনি দুই টাকার নিমিত্ত লালায়িত হয় সে অন্যকে মন্ত্রদ্বারা লক্ষপতি করাইয়া দিবেক এরূপ প্রতিজ্ঞাতে অজ্ঞান পৌত্তলিক সকল বিশ্বাস করে আর যে আপনার পুত্রকে কিম্বা অমাত্যকে স্বস্ত্যয়ন দ্বারা রক্ষা করিতে অসমর্থ হয় সে অন্যের পুত্র ও অমাত্যকে মৃত্যু হইতে রক্ষা করে ইহাতে পৌত্তলিকের বিশ্বাস জন্মে। কিন্তু রোগ হইলেই লোকের মৃত্যু হয় এমত নহে কখন শান্তি হইয়া থাকে যদি দৈবাধীন শান্তি হয় তখন ঐ প্রতারকের

and in that which is to come, will sometimes, in order to gain still more, make very expensive preparations for a Shastayan under the pretence of procuring to you the things which you wish for; at other times, when a great misfortune has befallen you, these merciless deceivers will deprive you of your property by making you hope that they will deliver you from your afliction. If any body's son is near dying, they will be so far from feeling any pity for him, that on the contrary they will consider this as a good opportunity of enriching themselves, and will deprive him both of his son's life and of his property, under the pretence of offering up a Shastayan. If this man's son dies, some impostors, being afraid that he may begin to distrust the efficacy of the Shastayan, will say that some fault has been committed in performing the ceremony, and that this is the reason why he had been not restored: others again will say that the ceremony will not be useless; the persons will thereby become happy in the next world.[m] If the wife or a child of a poor man who has not even a rupee to buy medicine with, falls sick, then they will persuade him to sell his waterpots and cooking vessels, and offer up for the money thus obtained a sacrifice to the planets, or a similar sacrifice which may be performed at a small expence. But this is very melancholy to see, that such ignorant idolaters can believe the pretensions of a man who, though he himself is greatly at a loss about two single rupees, yet engages to procure to others by his incantations a fortune of a 100,000 rupees; further, that they believe that a person who is unable to preserve the life of his own children or relations, can yet preserve from death the children and relations of others. If persons fall sick, death is by no means always the consequence of it; sick persons often recover again.

উৎসাহবৃদ্ধি হয় ক্রিয়াতে অঙ্গবৈগুণ্য হইয়াছে ইহার নামো করে না এবং কর্ত্তার শ্রদ্ধা ও আয়োজনের ক্রটি ইহারো নাম করে না কিন্তু মৃত্যু হইলে নানা ছলে আপনার সম্ভ্রমকে রাখে। আর দেখ আপন ২ জয়ের নিমিত্ত বাদী প্রতিবাদী উভয়েই স্বস্ত্যয়ন করাই-তেছে এমত স্থলে যাহার জয় হয় তাহার ঐ প্রতারকের প্রতি অতিশ্রদ্ধা জন্মে যাহার পরাজয় হয় তাহারও নানা ছল করিয়া শ্রদ্ধার ক্রটি হইতে দেয় না অজ্ঞান পৌত্তলিকেরা কি শাস্ত্রের দ্বারা কি যুক্তিদ্বারা কোন মতে বিবেচনা করে না যেহেতু শাস্ত্রে লিখিয়া-ছেন ।। যথা ।।

"রোচনার্থা ফলশ্রুতিঃ" ।।

অর্থাৎ "শাস্ত্রে ফলশ্রুতি দ্বারা ঐ সকল কর্ম্মে প্রবর্ত্ত করাইয়া দুষ্কর্ম্ম হইতে নিবৃত্ত করেন"। এবং যুক্তিতেও দেখিতে হয় এক জন এক স্থানে বসিয়া জিহ্বা কিম্বা হস্ত পাদাদি হেলাইলে দূরস্থ অন্য এক জনের শরীরের জ্বরত্যাগ ও আপদ্‌শান্তি ও বিবাদে জয় হইবেক ইহা কিরূপে সম্ভব হয় যেহেতু কার্য্য কারণের বিশেষ সম্বন্ধ না হইলে কদাপি কার্য্যোৎপত্তি হয় না। যদি কেহ আপনার সিদ্ধতাই জানাইবার নিমিত্ত পরমার্থ ছলে সহস্র প্রকার মিথ্যা কহে তবে পৌত্তলিকেরা কি তাহার অমান্যতা করিবেক বরঞ্চ অতিমান্য করিয়া জানে। এবং শাস্ত্র ও ব্যবহার এদুয়ের অত্যন্ত বিরুদ্ধ যে ব্যভিচার তাহাও যদি কেহ পরমার্থ ছল করিয়া করে তবে তাহার

Now if persons providentially recover, the boldness of these deceivers is increased; they do not even so much as mention that there might have been committed some fault in the performance of the ceremony, nor that there might have been some defect in the faith of the person for whom the ceremony was performed, and in the preparation for it. But if the person should die, then they know how to maintain their reputation by various vain excuses. You see moreover, that if two persons have a process with each other, both parties get offerings made for the purpose of gaining the cause. In such cases he who gains the cause is very much confirmed in his confidence in these deceivers, but they know to prevent by various pretences the confidence of him who loses the cause from being shaken. These ignorant idolaters neither pay regard to the declarations of the Shasters, nor do they make use of their reason; for it is written in the Shasters, 'The Shasters excite men to the performance of these ceremonies by ascribing to them good consequences, and thereby draw them off from an improper conduct'. And also reason shews that a man, by sitting in one place and moving his tongue or his hands and feet, cannot possibly drive the fever out of the body of a man who lives at a distance, nor deliver him out of distress, nor procure him success in a process; for if there be no adequate cause, the proper effect cannot follow. Though a man, in order to prove his saintship, should speak a thousand lies under the pretence of religion, will idolaters on that account disregard such a person? By no means; on the contrary they will esteem him very highly. Or though one should even, under the pretence of religion, commit fornication, which is very contrary both to the Shasters and to the universally prevailing principles of morality, yet idolaters will by no means

অনাদর পৌত্তলিকেরা কদাপি করিবেক না। সেই রূপে যে অত্যন্ত মদিরাপান হইতে নানা প্রকার বিরুদ্ধ কর্ম্ম হইতে পারে তাহাও যদি পরমার্থ ছলে করে এবং সেই পান দোষে নানা প্রকার উপদ্রব জন্মায় তথাপিও তাহাকে মহাপুরুষ করিয়া জানিবেক ইহার কারণ এই কাহার নাম সাধু কর্ম্ম কাহার নাম অসাধু কর্ম্ম পৌত্তলিকের এ বিবেচনা নাই যেহেতু সাধু কর্ম্মান্বিত ব্যক্তিরা মিথ্যা বাক্য ও ব্যভিচার এবং পানদোষে বুদ্ধিনাশ ইহা কদাপি করেন না।

যদি বল মহাপ্রসাদের ভক্ষণ এবং নির্ম্মাল্য গ্রহণ ইহা বিশেষ নিয়ম পূর্ব্বক ব্রহ্ম বাদিরা কেন না করেন। উত্তর। পূর্ব্বেই তোমাদিগকে কহিয়াছি স্মৃতিশাস্ত্রানুসারে অথবা তন্ত্রের অনুসারে খাদ্যাখাদ্যের বিবেচনা করিয়া কেবল লৌকিক ব্যবহার নিষ্পন্ন করিতে হয় আমরা তাহাই করিয়া থাকি কেননা আহারের বিষয়ে বিশেষ নিয়ম করণের কিছু প্রয়োজন নাই যেহেতু কি মহাপ্রসাদ কি অন্য কোন বস্তু হউক তোমরা যাহা অত্যন্ত পবিত্র কিম্বা নিষিদ্ধ কহ সে এক প্রহর কাল উদরস্থিত হইলে মল মূত্র রূপে পরিণত হয় যদি মহাপ্রসাদ উদরস্থিত হইয়া অশুদ্ধ রূপে নির্গত না হইত তবে তাহার অন্য খাদ্যাখাদ্য বস্তু হইতে মান্যতা হইতে পারিত অতএব আহারের বিষয়ে মহাদেব কহিয়াছেন।। যথা।।

"জলং জলচরৈর্ম্মিশ্রং দুগ্ধং গোমাংসনিঃসৃতং।
অন্নানি মেদজাতানি নিরামিষ্যং কথং ভবেৎ"।।

অর্থাৎ "মৎস্য মণ্ডূক জলকীট প্রভৃতিতে জল পরিপূর্ণ আছে আর

disesteem such a person. In the same manner, though one should even intoxicate himself under a pretence of religion—a practice this which has various very pernicious consequences—and though in such a state of intoxication he should do a great deal of mischief, yet they will consider such a person as a holy man. The reason hereof is this, that idolaters do not know the difference between moral and immoral actions; for persons of good morals will never speak lies or commit adultery, or deprive themselves of the use of their mental faculties by excess in drinking.

If you say: Why do not the worshippers of Bramhu eat the food which is offered to Juggernath[n], and take the flowers presented unto the gods, according to the particular injunctions to that effect?

I reply: I have told you already before, that only in order not to offend against the established worldly customs, it is necessary to regard the rules relating to diet which are laid down in the Smritees or in the Tantras.[21] Accordingly we observe these rules, though there is not the least necessity for making distinctions between particular sorts of food; for the meat offered in sacrifice, as well as all other food which you consider as very holy, as well as that which is forbidden, is equally, after having been for a few hours in the stomach, changed by digestion into excrement or urine. If the meat offered in sacrifice, after having been in the stomach, were not ejected in an impure state, then it might be esteemed more highly than other food. For this reason Sheeva has said concerning food: 'The water is full of fishes, frogs, water-insects and similar

গোমাংস হইতে দুগ্ধ প্রত্যক্ষে নিঃসৃত হয় আর মধুকৈটভের মৃত শরীর যে পৃথিবী তাহা হইতে তাবৎ অন্ন জন্মে অতএব নিরামিষ সামগ্রী অসম্ভব হয়"।

যদি বল তোমরা ব্রহ্মজ্ঞানী বলাইয়া অন্যের ন্যায় বিষয় চেষ্টা করিতেছ এবং কাম ক্রোধাদিতে আচ্ছন্ন আছ ও উত্তম আহার কর এবং উত্তম যানে আরোহণ কর ও লোকের সহিত বাদানুবাদ কর যথার্থ ব্রহ্মজ্ঞানী হইলে পঙ্ক চন্দনে সমান জ্ঞান হইত। উত্তর। যাবৎ শরীর থাকে তাবৎ কি জ্ঞানী কি অজ্ঞানী কি পশু পক্ষী সকলেই শরীরের যে ধর্ম্ম ও ইন্দ্রিয়ের যে ধর্ম্ম তদনুসারে চেষ্টা করিয়া থাকেন কিন্তু জ্ঞানী ও অজ্ঞানির প্রভেদ এই অজ্ঞানী ঐ সকল ক্রিয়া আত্মাতে আরোপ করিয়া বদ্ধ হয় আর জ্ঞানী ঐ সকল কার্য্য ইন্দ্রিয়ের জানিয়া আত্মাকে নির্লিপ্ত করিয়া জ্ঞান করেন ইহা সত্য ত্রেতা দ্বাপর কলি চারি যুগের জ্ঞানিদিগের ক্রিয়াতে নিদর্শন আছে আমাদের পরমারাধ্য গুরু যে ভগবান শঙ্করাচার্য্য তেঁহ বৌদ্ধকে পরাভব করিয়াছেন এবং মণ্ডনমিশ্রের সহিত বিচার করিয়াছেন ও ভাষ্যাদি প্রকাশ দ্বারা পরব্রহ্মের পথকে সংস্থাপন করিয়াছেন। আর বেদান্তের সূত্র করিয়াছেন যে ভগবান বেদব্যাস তিনিও

creatures; and it is evident that the milk proceeds from the flesh of cows; moreover all food grows out of the earth, which is the dead body of Madhoo and Kitab'h. There cannot therefore be any articles of food unconnected with flesh.

If you say: Though you profess to seek divine knowledge, yet you pursue the things of this world as well as all others; and are entirely under the power of desire, anger, and other passions, and eat very costly food, and drive about in very fine carriages, and enter into disputes with others.[22] If you had indeed attained divine knowledge, you would consider mud and sandal-wood as equal;

I reply: As long as a created being has a body, wise men no less than ignorant people, as well as beasts, birds and all other creatures, must act agreeably to the nature of their bodies and their senses. The difference between wise men and ignorant people is only this, that ignorant people ascribe all these actions to the spirit, whereby they are kept in bondage; whereas wise men know that all these actions proceed only from the senses, and that the spirit has no connection therewith. This appears from the conduct of wise men in all four Joogs (ages), the Shatya, Treta, Dwapar and Kaleejoog. The blessed Shankaracharjya, our highly venerated Gooroo, who has gained the victory over Bouddha, and disputed with Mandanmishra, has established the worship of the supreme Bramhu by publishing his Commentaries and other works; and the blessed Veda Vyasa, who has composed the Vedanta Darshan, performed all the func-

গার্হস্থ্য এবং পৌরোহিত্য এবং অধ্যাপন সমুদায় ব্যবহার করিয়াছেন এবং ভৃগু বশিষ্ঠ নারদ পরাশর প্রভৃতি সকল ঋষিরা লোকব্যবহার নিষ্পন্ন করিয়াছেন এবং জনকাদি মহাজ্ঞানী রাজ্যের রক্ষার্থে যুদ্ধ বিগ্রহ করিয়াছেন। বিষ্ঠা চন্দনকে এক করিয়া জানা ও ঘট পটকে এক করিয়া স্বীকার করা এবং মৃত্তিকা পাষাণাদিতে দেববুদ্ধি করা এ উন্মাদগ্রস্ত পৌত্তলিকের কার্য্য হয় জ্ঞানির কার্য্য কদাপি নহে তবে জ্ঞানি ব্যক্তি কি বিষ্ঠা চন্দন কি ব্রহ্মাবধি কীট পর্য্যন্ত সকলকে সমানরূপে পরব্রহ্মের কার্য্য ও তাঁহার অধীন জানিয়া সর্ব্বত্র সমান রূপে পরমেশ্বরকে ব্যাপক জানেন। কিন্তু আশ্চর্য্য এই তোমরা পুতুলাজ্ঞানী হইয়া অর্থাৎ খেলিবার পুতুলাকে ঈশ্বর জানিয়া উত্তম খাদ্য খাইবা এবং উত্তম যানে চড়িবা আর আমরা ঈশ্বরকে ঈশ্বররূপে জানিয়া আহারাদি সকল ত্যাগ করিয়া জড়রূপে কালহরণ করিব এই রূপ তোমাদের বাসনা কিন্তু নিশ্চয় জানিবা পরমেশ্বরের পথাবলম্বিদের ইহলোকে ও পরলোকে পৌত্তলিক অপেক্ষা সুখে কালযাপন অবশ্যই হইবেক। আর ইন্দ্রিয়ের দমনে যত্ন করা ইহা জ্ঞানির কর্ত্তব্য হইয়াছে সম্পূর্ণরূপে দমন করা অনেক অভ্যাস অপেক্ষা করে তবে ইন্দ্রিয় দমনের যত্ন করেন না ব্রাহ্মণদের মধ্যে এমন কোন ২ ব্যক্তিকে নিদর্শন যদি দিতে পার তাহাতে উপদেশের কিম্বা উপদেশকর্ত্তাদের দোষ হইতে পারে না যেমন ব্রহ্মার নিকটে ইন্দ্র ও বিরোচন দুই জন এক জ্ঞানের উপদেশ পাইয়া ইন্দ্র তাহার অনুষ্ঠান করিয়া কৃতার্থ হইলেন আর যথার্থ জ্ঞানের অনুষ্ঠান না করিবাতে বিরোচনের কেবল আসুর

ctions of a householder and priest and instructor; and Brigoo, Bashisht'ha, Parashar, and other great Rishees performed all the offices which those who do not forsake the society of men, are obliged to perform. Moreover, Janak and other worshippers of the supreme Being carried on wars and fought battles for the defence of their kingdoms. To consider mud and sandal-wood, and pots and pictures as the same thing, and to regard earth, stone and such things as God, this is the practice of infatuated idolaters; but this is by no means done by wise men. Wise men consider mud and sandal-wood, as well as all other things from Bramha downwards to the insect, as equally produced by the supreme Bramhu, and subject to him and the supreme Being, as equally pervading all things. But this is very singular, that though you who are devotees of images, that is, who consider such playthings as images as God, will eat nice things and drive about in fine carriages,[23] and yet will have that we who consider God as God, should deny to ourselves all necessaries of life, and live as if we were destitute of all feeling. But they know for certain, that those who are devoted to the worship of the supreme God are more happy both now and hereafter than idolaters. It is true, it behoves wise men to strive to overcome their passions; but to overcome them completely, requires a great deal of exercise. Now if you can find some persons among the worshippers of Bramhu, who do not earnestly strive to overcome their passions, you cannot lay the blame upon the doctrine or the teachers thereof. Thus both Indra and Beerochan received from Bramha the same spiritual instruction, and yet Indra only carried it into practice and obtained salvation; whereas Beerochan, because he did not carry the principles of true wisdom into practice, retained the nature

স্বভাব রহিল সেই রূপ আচার্য্যের সম্প্রদায়ে দশ জন শিষ্য এক জ্ঞানের উপদেশ পাইয়া তিন জনের যথার্থ জ্ঞান হইল আর সাত জন যোগভ্রষ্ট হইলেন অতএব জ্ঞানোপদেশ সমান হইলেও গ্রহীতার যত্নের তারতম্য দ্বারা তাহার প্রকাশেরও তারতম্য হয় এপ্রকার অনুষ্ঠানের তারতম্য কেবল জ্ঞানির মধ্যেই পাওয়া যায় এমত নহে সমানরূপে কর্ম্মে ও উপাসনার উপদেশ পাইয়া কেহ তাহার অনুষ্ঠান করে কেহবা বিপরীত করে ইহা কর্ম্মিতে এবং উপাসকেতেও দেখিতেছি।

যদি বল তোমরা গ্রহবৈগুণ্য ও যাত্রাদির দোষ কেন মান্য না কর। উত্তর। আমরা কেবল পরমেশ্বরকে ভয় করি ফলাফলের দাতা করিয়া তাঁহাকেই অঙ্গীকার করিয়া থাকি অন্য কাহাকে ফলাফলের দাতা জানি না যেমন শ্রুতিতে কহিয়াছেন ॥ যথা ॥

"আনন্দব্রহ্মণো বিদ্বান্ ন বিভেতি কুতশ্চন" ॥

অর্থাৎ "আনন্দস্বরূপ পরব্রহ্মকে জানিলে অন্য কাহাকে ভয় করে না"।

বিশেষতঃ সূর্য্যাদি গ্রহ সকল পৃথক্ ২ স্থানে থাকেন তাঁহারা ভূমণ্ডলে যে সকল ব্যক্তি থাকে কিম্বা যাত্রা করে তাহাদের ভদ্রাভদ্রের কারণ হয়েন ইহাতে যাহার বুদ্ধি বিচলিত না হইয়া থাকে সে বিশ্বাস করিতে পারে না কুরুক্ষেত্রে যদি এক পর্ব্বত থাকে সেই পর্ব্বতকে কিম্বা সেই পর্ব্বতস্থ বৃক্ষের হেলানকে তোমার ভদ্রাভদ্রের কারণ করিয়া কেহ যদি কহে তবে সে ব্যক্তিকে সর্ব্বথা উপহাস করিবা। বস্তুতঃ প্রতারকেরা তোমাদিগকে জ্ঞানহীন

of an Asoor. In like manner ten disciples of the sect established by Acharjya received all the same spiritual instruction, and yet only three of them became truly wise, and the other seven did not derive any advantage from the instruction which they received. Accordingly, though the spiritual instruction is imparted, yet the effects thereof appear more or less in proportion to the zeal with which those who receive it act up to it. Such a difference in the practice of a theory is not only to be found among those who apply to the acquirement of spiritual knowledge, but we find it also among those who study the rules relating to the performance of the prescribed ceremonies, and to the worship of idols. Though they receive the same instruction on these subjects, yet some only carry it into practice, whereas others act contrary to it.

If you say: Why do you not attend unto unlucky constellations and unlucky days?

I reply: We fear only the supreme Being, and we believe that upon him only, and upon nobody else, the success or failure of an undertaking depends; as it is written in the Vedas, 'Those who know the supreme, infinitely blessed Bramhu, are not afraid of any other being.' More especially it is impossible that any but such whose understanding is perverted should believe, that the sun and the other planets which have different stations should be the cause of the good or bad luck of all who live or travel on the terrestrial globe. If any told you that a mountain in Koorookyetra, or the motion of the trees which grow upon it, was the cause of your good or bad luck, then, you would certainly laugh that person to scorn. The truth is, as they know that you

জানিয়া কখন পুত্তলিকার ভয় দেখাইয়া কখন ভুতপ্রেতের ভয় দেখাইয়া কখন বা গ্রহাদির ভয় দেখাইয়া ধনমোষণ করে মধ্যে ২ কহিয়া থাকে তোমার অমুক গ্রহ বক্র হইয়াছেন অতএব তাঁহাকে ঘৃত ভক্ষণ করাও এই ছল করিয়া তোমাদের কতক ঘৃত অগ্নিতে প্রক্ষেপ করে কতক বা হাত ঝাড়িবার ছলে ঘটে রাখিয়া আপন ঘরে লইয়া যায় আর এতদ্ভিন্ন বস্ত্র ও দক্ষিণাদি পৃথক্ ২ লাভ আছে। কেহ যদি এ সকল অত্যন্ত অসম্ভব কথাতে অবিশ্বাস করিয়া কি জানি গ্রহ যাগাদিতে ব্যয় না করে আর পাছে কহে আমার গ্রহভয় নাই এ প্রযুক্ত প্রথমতঃ ভয় প্রদর্শনের নিমিত্ত গ্রহ সকল নীচ লোককে ও বিজন্মাকে ফলপ্রদান করেন না এরূপ বচন পড়িয়া থাকে কিন্তু সে ব্যক্তি যদি সুবোধ হয় তবে অনায়াসে ইহাকে মিথ্যা জানিতে পারিবেক যেহেতু সেই প্রতারক যদি অতি নীচের ও বেশ্যাপুত্রের জন্মপত্রী লিখে তবে তাহাতে সকল গ্রহের ভোগ সেই ব্যক্তিদের প্রতি লিখিয়া থাকে এবং তাহার পীড়া হইলে কহে তোমার অমুক গ্রহ বক্র হইয়াছেন। এবং প্রত্যক্ষে কেন না দেখ জ্যৈষ্ঠ মাসের মধ্যাহ্ন কালের রৌদ্রে কোন অতি নীচকে কিম্বা বেশ্যাপুত্রকে বসাইয়া রাখিলে তাহাকে সকল গ্রহের প্রথম যে সূর্য্য গ্রহ তেঁহ পীড়া অবশ্যই দেন। অতএব ইহা সকল তোমরা প্রত্যক্ষ দেখিয়াও যদি তাহাদের বঞ্চনা ও দাসত্ব স্বীকার কর এবং আপন গলাকে তাহাদের হাড়ের ভিতর প্রবেশ করাইয়া বদ্ধ হইয়া তাহাদের কোপের তলে থাক তবে অন্য ব্যক্তি তোমাদের কি রূপে রক্ষা করিতে পারে।

যদি জিজ্ঞাসা কর পৌত্তলিকের সহিত আমাদের এত অন্তঃকরণের অনৈক্য কেন। তাহার উত্তর আমরা সত্যস্বরূপ এই দিব;

are ignorant people, they will, by frightening you sometimes with the pretended indignation of images, sometimes with the devil, sometimes with the planets, extort money from you. Occasionally they will say, that such or such a planet is become unpropitious to you; therefore pretending that you must present to him an offering of clarified butter, they throw some of it into the fire, and the rest they put into a jar under the pretence of wiping their hands, and take it with them; besides this, they have various other sources of revenue in the clothes and other fees which they receive. If any body, disbelieving these absurd fictions, should not expend any thing for sacrifices to planets, and should say, 'I am not afraid of the planets;' then they will say, in order to inspire him with fear, that the planets have no influence upon low-cast people and bastards. But if such a person is a sensible man, he will easily see that this is a false pretence; for if such deceivers write for a person of low cast and a bastard a certificate of his birth,° they will mention in it in what relation all the planets stand to him; and if he becomes sick, they will say that such or such a planet is become unpropitious to him. And why do you not observe what is so evident, that if you expose a person of low cast or a bastard unto the noonday sun in the month of May, the sun, which is the first of all the planets, will certainly make him sick. Now if, though you see all this evidently, you allow yourselves nevertheless to be deceived and enslaved by them, and putting your neck under their yoke, subject yourselves unto their blows, how will another man be able to deliver you?

If you ask: Why is there such a disunion of heart between us and the worshippers of images?

We answer, in strict accordance with the truth: It is ut-

যাহার সহিত পরমার্থে এবং লৌকিক ব্যবহারে উদয়াচল অস্তাচলের ন্যায় পরস্পর অন্তর হয় তাহার সহিত অন্তঃকরণের ঐক্য হইবার কোন সম্ভাবনা থাকে না তাহার বিবরণ এই আমরা যাঁহাকে বিশুদ্ধ সর্ব্বব্যাপক অবিনাশি পরমেশ্বর জানি তাঁহাকে তোমরা কখন জন্মের অপবাদ কখন মরণের অপবাদ কখন ব্যভিচারের অপবাদ কখন চৌর্য্যের অপবাদ কখন যুদ্ধ এবং কাম ক্রোধাদির অপবাদ দিয়া থাক ইহাতে তোমাদের সহিত কিরূপে অন্তঃকরণের প্রীতি জন্মিতে পারে ইহা পূর্ব্ব হইতেই ঋষিবাক্যে বিদিত আছে ।। যথা ।।

"জন্মাপবাদং দ্রোহঞ্চ তথা মিথ্যাবভাষণং ।।
কামং ক্রোধং তথা চৌর্য্যং পরদারাভিমর্শনং ।।

বীভৎসং মরণং ক্ষোভং দুষ্ক্রিয়া বিবিধাঃ কলৌ ।
পাষণ্ডিনো বিধাস্যন্তি বিশুদ্ধে পরমাত্মনি" ।।

অর্থাৎ "কলিকালে বিশুদ্ধস্বরূপ পরমাত্মাতে পাষণ্ডি ব্যক্তি সকল জন্ম ও দ্রোহ ও মিথ্যা কথন ও কাম ক্রোধ চৌর্য্য পরদারাভিগমন এবং মরণ ও ক্ষোভ ইত্যাদি নানা প্রকার দুষ্ক্রিয়া সকলের উল্লেখ করিবেক" ।

তোমাদের নানাবিধ দুঃখ দেখিয়া দয়া অবশ্যই হয় অর্থাৎ আহারের সামগ্রী থাকিতেও আহার না করিলে ঈশ্বর তুষ্ট হইবেন ইহা বলিয়া আহার কর না সময় থাকিতেও বারবেলা কালবেলা ইত্যাদি বিড়ম্বনাতে কর্ম্মে নিবৃত্ত থাকিয়া বৃথা কালযাপন কর দানের পাত্র যে সৎক্রিয়ান্বিত দরিদ্র তাহাকে না দিয়া অত্যন্ত অভিমানবিশিষ্ট ধনবান প্রতারকেরদিগকে দেও যাহাদের আঘ্রাণ শক্তি আছে তাহাদিগকে সুগন্ধি পুষ্পাদি বস্তু সকল না দিয়া কখন তাম্রকুণ্ডে কখন নদীতে কখন বা অচেতন বস্তুতে নিক্ষেপ করিয়া নষ্ট কর শীত কালে জলঘটিত দুঃখ গ্রীষ্মকালে অগ্নিদ্বারা দুঃখ ইচ্ছাপূর্ব্বক গ্রহণ কর দিবারাত্রি মনের কল্পিত ভয়েতে অর্থাৎ ভূতাদির ভয়েতে ভীত থাক ঈশ্বর এ স্থানে নাই অমুক স্থানে

terly impossible that there should be a union of heart between such as differ from each other, both in a temporal and spiritual point of view, as East and West; for how can we feel any affection for you, while you reproach him, whom we consider as the infinitely holy, omnipresent, indestructible, supreme God, by saying that he was born or that he died, and by accusing him of adultery, theft, revengefulness, voluptuousness, anger and other sinful passions? This has been said already of old by the Reeshee (Vyasa) in the following passage: 'In the Kalee joog wicked persons will ascribe unto the infinitely holy supreme Spirit birth, malice, lies, voluptuousness, anger, theft, adultery, death, grief and all other kinds of imperfection and depravity.' Now if we see you involved in various kinds of misery, we must of course pity you; for though you have all necessary articles of food, yet you do not enjoy them, under the idea that God will be pleased, if you deny to yourselves the use of this food; though you have a good opportunity and leisure for working, you abstain from it, because you imagine it is an unlucky hour for it, and spend your time in idleness. You withhold alms from honest poor persons who stand in need of them, and give them to self-conceited rich deceivers. Flowers and other things which have a good smell, you do not give to those who have the power of smelling, but you throw them sometimes into a copper plate, sometimes into the river, sometimes before lifeless blocks; so that they are of no use. In the cold season you torment yourselves on purpose by bathing in cold water, and in the warm season by sitting between fires which you kindle. By day and night you are afraid on account of imaginary evils, as f. i. devils and other such things. Imagining that God is in some places, and not in others,

আছেন এই ভ্রমে কখন নানা দেশ ভ্রমণদ্বারা অতি ক্লেশ পাও কাহার বা তাহাতে মৃত্যু হয় উত্তম জল থাকিতেও কর্দ্দম ও মল সহিত এবং ক্ষারযুক্ত জল পান কর ও তাহাতে অবগাহন কর কখন ২ তোমাদের এক ২ ব্যক্তি অনেক বিবাহ করিয়া সেই সকল স্ত্রীকে কেবল দুঃখের ও অধর্ম্মের এবং কলঙ্কের ভাজন করে এবং আপনারাও মনস্তাপ পায় যে বিশ পঁচিশ টাকা এক সামান্য ঘোড়ারেও মূল্য নহে তাহার দ্বারা পাষাণের কিম্বা মৃত্তিকার পিণ্ডকে ক্রয় করিয়া আপনার ঈশ্বর কহ আর যে অহঙ্কার হইতে নিন্দিত কোন রিপু নাই তাহাতেও মিথ্যা ও প্রতারণাতে পরিপূর্ণ যে দাম্ভিক ব্যক্তিসকল তাহাদিগকেই গুরু করিয়া জান। আর সূর্য্যসিদ্ধান্ত প্রভৃতি যে জ্যোতিঃ শাস্ত্রেতে পৃথিবীকে গোল এবং শূন্যস্থায়ী কহিয়াছেন ও পৃথিবীর ছায়ার দ্বারা চন্দ্রের গ্রহণ হয় এবং সূর্য্যের উত্তাপের দ্বারা জলাকর্ষণ হইয়া বৃষ্ট্যাদি হয় ইহা বর্ণন আছে সে সকল গ্রন্থের উপদেশ পুত্রকে না দিয়া যে পুরাণাদিতে ইতিহাস ছলে ধর্ম্ম ও নীতির কথন তাৎপর্য্য হইয়াছে তাহার ইতিহাসকে শুকের ন্যায় উপদেশ দেও অর্থাৎ কহ পৃথিবী ত্রিকোণা ও সর্পের মস্তকে আছেন চন্দ্র সূর্য্যের শত্রু হইয়া রাহু তাঁহাদিগকে গ্রাস করে এবং মেঘ ও মেঘের স্ত্রী ইহারা সকলে বৃষ্টি করে এবং মেঘের ঘর্ষণদ্বারা শব্দ হইলে কহ দেবতারা গর্জ্জিতেছেন দৈবাধীন হাঁচি হইলে ও টিক্‌টিকী শব্দ করিলে কহ এ সময়ে কর্ম্মে প্রবৃত্ত হইলে অকল্যাণ হইবে। এই রূপ সহস্র প্রকার অজ্ঞানতার ব্যবহার করিতে এবং তাহার পরস্পর উপদেশ করিতে তোমাদিগকে সর্ব্বদাই দেখি সুতরাং মনুষ্যাকার ব্যক্তিকে এরূপ জড়ের ব্যবহার করিতে দেখিলে

you travel about in various countries and undergo great troubles, and some even die of it. Though you have excellent water, yet you drink brackish water mixed with mire and dirt, and bathe therein (meaning the water of the Hooghly, a branch of the Ganges). Often single men among you marry many women, whereby they make them miserable, lead them into sin, and expose them to infamy, and bring upon themselves great affliction.[24] You buy a block of stone or earth for 20 or 25 rupees, which is less than the price of a horse, and call it your God. You acknowledge as your Gooroos, proud, imperious persons, who are full of pride, the worst of all crimes, and given to lies and deceit. Further, you do not get your children instructed in the Soorjya-shiddanta and similar astronomical Shasters, in which it is shewn that the earth is round, and suspended in the air; and that the eclipses of the moon are produced by the shadow of the earth; and that rain, hail, &c. arise from the heat of the sun attracting the water:—but you teach them, like parrots, the fables contained in the Poorans and other books, in which religious and moral instruction is conveyed by means of parables, viz. you say that the earth is three-cornered, and rests upon the head of a serpent; and that Rahoo, being an enemy of the Sun and the Moon, eats them up; and that the male and female clouds produce all the rain; and when by the friction of the clouds a sound is produced, you say, that the gods roar. If by chance any body sneezes or a lizard gives a sound, you say, if at that time he is engaged in any thing, he will not be successful. Now we see you continually practising a thousand such foolish customs, and teaching them to others; consequently we are grieved when we see persons possessed of a human shape acting in such a senseless manner.

মনস্তাপ হয়। আর তোমাদের সহিত অন্তঃকরণের অনৈক্যের কারণ এই আছে তোমরা যাহাকে কর্ত্তব্য ধর্ম্মকর্ম্ম জান এবং তোমাদের আরাধ্যের যে সকল ক্রিয়া তাহাকে আমরা নিতান্ত অধর্ম্ম করিয়া জানি তাহার বিবরণ এই তোমরা মৃত্তিকা পাষাণ বৃক্ষ পশু পক্ষী প্রভৃতিকে ঈশ্বর বোধ কর আমরা তাহা করি না। তোমরা হস্ত-পাদাদি ভঙ্গীকে ও নাচা ও খেলাকে এবং গলাতে কাষ্ঠাদি ধারণকে ও চন্দনাদির অলকা তিলকাকে পুণ্যের কারণ জ্ঞান আমরা তাহা জানি না। তোমরা স্থান বিশেষের জলকে ও ধূলিকে ও কর্দ্দমকে পান ও দেহে ধারণ করিলে পুণ্য হয় কহ আমরা তাহা কহি না। তোমাদের মধ্যে কেহ ২ কোন স্থান বিশেষের অন্নকে অপরিষ্কার স্থানে ও অপরিষ্কার হস্তে অতি পবিত্র ও পুণ্যজনক জানিয়া খায় আমরা তাহা স্বীকার করি না। আর তোমাদের কোন মতা-বলম্বিরা কেবল মাদক সামগ্রীর ভোজন ও জীবহিংসাকে ও রক্তোৎ-সবকে পরমার্থ সাধন জানে আমরা তাহা জানি না। তোমাদের কোন মতাবলম্বিরা শরীরনিঃসৃত অপবিত্র ভোজনকে পুণ্যজনক কহে তাহা আমরা ধর্ম্মরূপে কহি না। এবং স্ত্রীলোককে অগ্নিদ্বারা হত্যা করা ও বৃদ্ধ মাতাপিতাকে জলে মগ্ন করিয়া পাষাণ ইষ্ট-কাদিতে ঘৃষ্টি ঘর্ষণ করিয়া বধ করা ইহাকে তোমরা ধর্ম্ম কহ তাহাকে আমরা ধর্ম্ম কহি না। অনেক লোকের সভা করিয়া যে দান করা তাহাকে তোমরা ধর্ম্ম কহ আমরা তাহা বলি না। শঙ্খ এবং ঘণ্টার বাদ্য ও নৃত্যতুড়ি ইত্যাদিকে তোমরা ধর্ম্ম কহ তাহা আমরা মানি না। কাল বিশেষে আপনার অনাহার করা এবং অন্যকে

Another reason why there exists such a disunion of heart between us, is this, that what you consider as duties of religion, and the acts of worship which you perform, we consider actually as irreligious actions. The particulars thereof are these: the blocks of earth and stone, the trees, fowls, beasts, birds and other things which you consider as God, we do not consider as such; the bendings of the hands and feet and other limbs, the dancing and playing, and the wearing of wood round about your neck, and the marks of sandal-wood, &c. which you consider as productive of religious merit, we do not consider as such. You say that drinking the water of particular places, and covering the body with the dust and mud which is found there, is a religious action, which we deny. Some among you eat in some particular places food in impure places and with impure hands, considering it under such circumstances as entirely pure and productive of religious merit, which we do not allow. Further, some sects among you consider the eating and drinking of intoxicating articles of all sorts, the killing of living creatures and bloody festivals as spiritual worship, which we do not. Some sects among you declare the eating of that which proceeds from the body of a cow as an action productive of religious merit, which we do not consider as a religious action. To burn women to death[25] and to murder old parents by drowning them in water, and dragging them upon stones and bricks, you consider as religious actions, which we do not.[26] To gather large companies and to make them presents, you consider as a religious act, which we do not. The clapping together of shells, the ringing of bells, the dancing, the snapping of the fingers, and such like practices, which you consider as religious acts, we do not regard so. To fast at particular seasons and to make others fast, you

অনাহারে রাখা তোমরা ধর্ম্ম জান তাহা আমরা স্বীকার করি না। উপাসনা বিশেষে নানাবিধ ব্যভিচারকে তোমরা ধর্ম্ম কহ তাহা আমরা কহি না। অতএব এখনও বলিতেছি ঈশ্বরকে সর্ব্বব্যাপী ও সকলের কায়মনোবাক্যের সাক্ষীরূপে বিশ্বাস করহ আর তাঁহার যে নিয়ম তদনুসারে আত্মোপকার ও পরোপকার করিয়া কৃতার্থ হও আমাদের এরূপ উপদেশের দ্বারা তোমরা উপকৃত না হইয়া যদি আমাদের প্রতি দ্বেষ ও কুৎসা কর তাহাকে আমরা তুচ্ছ করিয়া জানিব যেহেতু যাহার মৃত্তিকা ও প্রস্তর ও কাষ্ঠ ও ধাতুময় দেবতা হয় এবং যাহার আরাধ্য বানর ভালুক চিল শৃগাল প্রভৃতি হয় এমত দুর্দশাপন্ন অজ্ঞান লোকের কথায় কোন বিশেষ হানিলাভ নাই। অতএব তোমরা আমাদের দয়ার পাত্র হও কিন্তু দ্বেষের যোগ্য নহ পুনরায় কহিতেছি পুতুলা খেলা ত্যাগ করিয়া পরমেশ্বরেতে শ্রদ্ধা কর॥ ইতি ষষ্ঠ প্রকরণ।

সমাপ্তোহয়ং গ্রন্থঃ।

consider as a religious duty, which we do not. You declare all kinds of promiscuous sensual intercourse in the worship of particular deities to be religious acts, which we deny. Accordingly we exhort you once more: 'Believe in God as the all-pervading Spirit, who knows the deeds, words, and thoughts of all men; and by walking according to his commandments promote your own welfare and that of others, and obtain salvation.' If you do not improve the instructions we have now given you, but hate and revile us, we shall regard this as a matter of very little consequence;[27] for we cannot suffer much loss, nor receive much profit from that which such miserable ignorant persons say concerning us, whose gods are earth, stone, wood and metal, and whose objects of worship are monkeys, bears, kites, jackals and such like creatures. Accordingly you are to us objects of pity, but not of hatred.—We say again: 'Forsake the playing with images, and believe in the supreme God.'

END OF THE SIXTH SECTION.[28]

In the year 1742, the 7th of Joisthya according to the Hindoo chronology, or the 19th of May 1820, according to the Christian Aera.

BRAJAMOHAN DEBASHYA.

NOTES

I

In the English translation of 1821, the original of which is reprinted on the previous pages, the following notes by the translator(s) were printed at the bottom of the pages to which they refer. Other footnotes in the 1821 translation, identifying terms, gods, kings, rishis, etc., have been included in the Glossary and Index.

(*a*) Which according to the theology of the Hindoos is incompatible with the use of images.

(*b*) I.e., not upon fire, as oblations must be made.

(*c*) The Bengalee word 'p'hol,' 'fruit,' which is here translated by 'benefit,' designates all good consequences of religious acts both in the present and future world, short of eternal beatitude.

(*d*) See the preceding note.

(*e*) The presenting of a wave offering is usually performed among the Hindoos by waving a stand or tripod, furnished with five lighted lamps, before the idol.

(*f*) All these names imply a devotedness of the persons who bear them to the service of a peculiar god.

(*g*) The term here translated by "foreigner" (Mlechtcha) implies great contempt of the persons so denominated, and to serve them is strictly forbidden in the Shasters.

(*h*) Nityananda and Choitanya.

(*i*) It is commonly believed among the Hindoos that Krishnoo, in order to have an opportunity of appeasing the anger of Radha, his concubine, assumed once the shape of a barber, and at another time that of a Jogee, and thus introduced himself into the presence of his concubine.

(*j*) There is a sect among the Hindoos, established by Choitanya, the followers of which eat together on particular festivals without regard to the difference of the respective casts to which they belong.

(*k*) There are six Darshans or philosophical systems among the Hindoos.

(*l*) These six acts are: destroying life, putting to confusion, making subject, benumbing, depriving of understanding, and dividing.

(*m*) The reader will observe here the counterpart of the Popish doctrine of the last unction.

(*n*) Which is considered as very holy by the Hindoos.

(*o*) Which always contains an account of the future events of his life.

II

The following notes consist of passages in the known English writings of Rammohun Roy which closely resemble, both in ideas and in style, the passages in the English translation (begun by Schmid and completed by Rammohun Roy) to which they refer.

1. "I, as one of their countrymen, and ranked in the most religious sect, of course participate in the disgrace and ridicule to which they have subjected themselves, in defiance of their scriptural authority, by the worship of idols, very often under the most shameful forms, accompanied with the foulest language, and most indecent hymns and gestures."
(*Second Defence of the Monotheistical System of the Vedas*, Kalidas Nag and Debajyoti Burman, eds., *The English Works of Raja Rammohun Roy*, 7 Parts; Calcutta: Sadharan Brahmo Samaj, 1945-58, Part 2, pp. 109-10.)

